তদ্ভাবসাধকের ধ্যানানুযায়িগুণকত্ব শ্রীভগবদ্‌গুণকত্বের ভাবিত্ব অবশ্যম্ভাবিত্ব হেতু। এই বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন- উপেতি। উপলব্ধি জ্ঞান, জ্ঞানের সমান, সাধক যে ভাবে সৎসঙ্গাদি হইতে শ্রীভগবানকে জানিয়া উপাসনা ও ধ্যান করেন সেই প্রকারেই সেই ভক্তের মোক্ষেও সাক্ষাৎকার হয় ইহাই সূত্রার্থ। তু শব্দের দ্বারা সর্ব্বপ্রকার শঙ্কা ছেদন করিতেছেন। উপাসনায় গুণাতিরেক গুণের আধিক্য নাই, কেন? তদ্ভাবহেতু, তদ্ভাবের ধ্যানুযায়িগুণ যুক্ত শ্রীভগবৎ স্বরূপের ও তাঁহার ধর্ম্মের ভাবিত্ব, প্রাপ্তৌ মোক্ষদশায় তাঁহার সেই প্রকারই উদ্দেশ্য সাক্ষাৎকার হেতু ইহাই অর্থ। উপলব্ধিবৎ জ্ঞানবৎ, যে প্রকার জানিয়া ধ্যান করিবে সেই প্রকারই মোক্ষদশায় লাভ করিবে। যদিও সেই বিদ্বান সাধকগণের নিজউপাস্যে অন্যান্যসকল প্রকার গুণবৃন্দের আধারকত্ব বুদ্ধিবিদ্যমান আছে, তথাপি সেই সাধকগণের শ্রীভগবৎ প্রাপ্তি সময়ে ধ্যানাতিরিক্ত গুণবৃন্দের উদয় হয় না, কারণ? তাহাদের ধ্যানাভাব হেতু। এই ভাবেই 'যথা ক্রতু শ্রুতিবাক্যও সঙ্গত হয়। এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে— হে নাথ! আপনার ভক্তি পথ কেবল গুণাদি শ্রবণের দ্বারাই জানা যায়, আপনি সাধকের ভক্তি যোগ পরিশুদ্ধ হৃদয়ে নিবাস করেন, হে উরুগায়! আপনার ভতগণ যে যে দাস্যাদিভাবে চিন্তা করে সেই ভক্তগণকে অনুগ্রহ করিবার নিমিত্ত সেই সেই বিগ্রহ প্রকশ করেন। সুতরাং এই প্রকারেই যথাক্রতুঃ' ইত্যাদি শ্রুতিবাক্যও সঙ্গতি হইবে এই অর্থ।।৫৬।।

"হি" যতঃ প্রতিবেদমঙ্গানি নিয়মিতানি ; ঋচা হোত্রং ; যজুষা অধ্বর্য্যবং ; সাম্না ঔদ্গাত্রম্, অথর্বণা ব্রহ্মত্বমিতি ।

অত্র যজমানেচ্ছৈব যথা ঋত্বিজাং কর্ম্মবিশেষে দক্ষিণা ভেদে চ প্রবর্ত্তিকা ; তথা জীবানাং তত্তদুপাসনে তত্তৎস্বরূপে চ তাদৃশী ঈশেচ্ছৈবেতি ॥৫৭॥

মাধুর্য্যভাবানুগতেন, ঐশ্বর্য্যভাবানুগতেন সাধকেন যথা যথা ধ্যায়তি তথা তথা প্রাপ্তির্ভবতীত্যর্থঃ।

অত্র দৃষ্টান্তেন বোধয়িতুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীকৃষ্ণদ্বৈপায়ণঃ—"অঙ্গাববদ্ধাস্তু" ইতি । অঙ্গেতি। যথা সর্বকর্ম্মনিপুণানাং ব্রাহ্মণানাং যজমানকর্ত্তৃক একস্মিন্নেব কর্ম্মণি একমেব ব্রাহ্মণস্য বরণং সম্ভবতি, ন তু শাখাসু—সর্বেষু কার্য্যেষু ; এবং কুতঃ ? প্রতিবেদম্, প্রতিবেদমঙ্গানি নিয়মিতানি ভবন্তি, ন তু অনিয়মিতানি ; তথা সৎপ্রসঙ্গিনামপি সাধকানাং শ্রীভগবদিচ্ছৈব তদুপাসনে প্রবৃত্তিকারিণী ইত্যর্থঃ । ভাষ্যন্তু অতিরোহিতার্থম্। তস্মাৎ যেনোপাসনেন সাধকো ভগবতো যদ্‌গুণকং স্বরূপং ধ্যায়তি

অনন্তর দৃষ্টান্তের দ্বারা সুখবোধের নিমিত্ত সূত্র অবতরণ করিবার হেতু পীঠিকা রচনা করিতেছেন- তাদৃশেন ইত্যাদি। তাদৃশসঙ্কল্পের দ্বারাই শ্রীভগবদ্ভজনে সেই প্রকার প্রবৃত্তি হয়, সেই প্রকার উপাসনার দ্বারা স্ব স্ব ভাব অনুসারে শ্রীভগবৎ প্রাপ্তি হয়, এই বিষয়ে দৃষ্টান্তরূপে সূত্র বলিতেছেন। অর্থাৎ তাদৃশেন শ্রীগুরুদেবের প্রসন্নতা হইতে শ্রীভগবানের মন্ত্র প্রাপ্ত হইয়া ভাগবত ধর্ম্মাচরণের দ্বারা এবং সৎপ্রসঙ্গলব্ধ শ্রীভগবানের তত্ত্ববিজ্ঞান পূর্ব্বক দাসাদি ভাব মধ্যে যে কোন একটি ভাবের দ্বারা উপাসকের শ্রীভগবানের সঙ্কল্পদ্বারাই মাধুর্য্যোপাসনায় এবং ঐশ্বর্য্যোপাসনায় প্রবৃত্তি হয়। এবং সেই সেই মাধুর্য্যভাবগত তথা ঐশ্বর্য্যভাবানুগত সাধক যে প্রকার ধ্যান করেন সেই প্রকারেই প্রাপ্তি করেন। এই বিষয়টি দৃষ্টান্তের দ্বারা বুঝাইবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন- অঙ্গেতি। অঙ্গ কর্ম্মের ঋত্বিক বরণ সকল শাখায় হয় না, কারণ তাহা প্রতিনিয়ত কার্য্য হয়। অর্থাৎ যেমন সর্ব্বকর্ম্ম নিপুন ব্রাহ্মণগণের যজমান কর্ত্তৃক একটিমাত্র কর্ম্মে একটিমাত্র ব্রাহ্মণের বরণ করা সম্ভব হয়, কিন্তু সকলশাখা কথিত সকল কার্য্যে হয় না, এই প্রকার কেন? প্রতিবেদম্- প্রত্যেক বেদে কর্ম্মের অঙ্গসকল নিয়ত থাকে, অনিয়ত নহে, সেই প্রকার সৎপ্রসঙ্গি সাধকগণেরও শ্রীভগবানের ইচ্ছাই তাঁহার উপাসনায় প্রবৃত্তিকারিনী হয় এই অর্থ। সেই সেই কর্ম্মে সেই সেই ঋত্বিককে অগ্ন্যাধানাদি নিয়তকর্ত্তব্যে যজ্ঞাঙ্গ সকলে যজমান কর্ত্তৃক সকল মন্ত্রজ্ঞ ও কর্ম্মজ্ঞ ঋত্বিকগণকে বরণ করা হয়, অববন্ধন বরণ করা। অধ্বর্য্যুকর্ম্মে আপনাকে বরণ করি, হবন কার্য্যে আপনাকে বরণ করি, উদগাতৃ কর্ম্মে আপনাকে বরণ করি, ইত্যাদি প্রকার জানিতে হইবে। অতএব সর্ব্বকর্ম্ম নিপুন ব্রাহ্মণগণেরও একটি যাগের অঙ্গেই অধিকার হয়, কিন্তু সর্ব্বত্র নহে ইহাই নিয়ম, অর্থাৎ সেই ঋত্বিকগণ সর্ব্বকর্ম্মেনিপুণ হইলেও তাহারা সকল শাখা বিহিত কর্ম্মাঙ্গসকল করিতে সমর্থ হইবে না। হি যে হেতু প্রত্যেক বেদেই অঙ্গসকলকে নিয়মিত করিয়াছে, যেমন- ঋঙ্ মন্ত্রের দ্বারা হোতা, যজুর্মন্ত্রের দ্বারা অধ্বর্য্যু, সামমন্ত্রের দ্বারা উদ্‌গাতা, অথর্ব্বমন্ত্রের দ্বারা ব্রহ্মা বরণ করা হয়, এই স্থলে যজমানের ইচ্ছাই যেমন ঋত্বিকগণের কর্ম্মবিশেষে ও দক্ষিণাভেদের প্রবর্ত্তিকা হয়, সেই প্রকার দাস্যাদি উপাসনা বিষয়ে ও সেই

অথোদ্ধবাদীনাং বিমিশ্রভাবদর্শনাদসন্তোষাৎ নিদর্শনান্তরমাহ–

॥ওঁ॥ মন্ত্রাদিবৎ বাবিরোধঃ ॥ওঁ॥ ৩/৩/২৮/৫৮॥

তত্তদ্‌বিষয়কভক্তিপ্রবর্ত্তনায় তাদৃশস্তৎ সঙ্কল্পো মন্ত্রবৎ । যথা এক এব মন্ত্রো বহুষু কর্ম্মসু বিনিযুজ্যতে ; কশ্চিদ্ দ্বয়োঃ ; কশ্চিত্তু একস্মিন্নেবেতি তথৈব বিধানাৎ । আদিশব্দাৎ কাল কর্ম্মগ্রহঃ ।

তদ্‌গুণকস্বরূপমেব প্রাপ্নোতীত্যর্থঃ॥৫৭॥

ননু–যে খলু বিমিশ্রভাবাঃ তেষাং কথং শ্রীভগবৎপ্রাপ্তি রিত্যপেক্ষয়ামাহঃ–"অথ" ইতি । উদ্ধবাদীনাং বিমিশ্রভাবঃ–দাস্য-সখ্যাদিবিমিশ্রভাবদর্শনাৎ তেষাং কেন রূপেণ শ্রীভগবৎপ্রাপ্তির্ভবতি, ইতি শঙ্কা ।

তথাচ–যো যেন ভাবেন যদ্‌গুণকং শ্রীভগবন্তমুপাসতে স তথৈব প্রাপ্নোতীতি নিয়মঃ । যঃ খলু বহুভির্ভাবৈঃ তমুপাসতে সঃ কিং প্রাপ্নোতি, তথাত্বে চ উদ্ধবাদীনাং কা গতিরিতি অসন্তোষকারণমিত্যর্থঃ। অথোদ্ধবাদীনাং মিশ্রভাবত্বম্–শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ–৩/৪/৮৩ "রুদ্রতার্ক্ষ্যোদ্ধবাদীনাং প্রীতিঃ সখ্যেন মিশ্রিতাঃ" ইতি ।

অথাসন্তোস প্রকারমপাকর্ত্তুং নিদর্শনান্তরমাহ ভগবান্ শ্রীবাদরায়ণঃ–মন্ত্রাদিবৎ' ইতি । বা অথবা মন্ত্রাদিবৎ ; যথা এক এব মন্ত্রো বহুষু কার্য্যেষু বিনিযুজ্যতে তথৈব একৈব সাধকো বহুষু ভাবেষু শ্রীভগবন্তমুপাসতে ; তস্মাদ্ বিরোধাভাব ইতি । সূত্রস্থ "আদি" শব্দাৎ কালকর্ম্মাদের্গ্রহণম্ । তস্মান্নাত্রাসন্তোষকারণমিতি । শেষং স্ফুটার্থম্ । মন্ত্রাদিঃ–প্রণবঃ, তথাচ–ওঁ "ইত্যুপাদায় সর্বেষাং

সেই উপাসনায় সেই প্রকার শ্রীভগবানের ইচ্ছাই প্রবর্ত্তিকা হয়। অতএব দাসাদি যে উপাসনার দ্বারা সাধক শ্রীভগবানের যে গুণ পরিপূর্ণ স্বরূপের ধ্যান করেন, সেই গুণ পরিপূর্ণ স্বরূপকেই প্রাপ্ত করেন ইহাই অর্থ।।৫৭।।

শঙ্কা— যে সকল সাধকগণ বিমিশ্রভাবযুক্ত তাহাদের কি প্রকার শ্রীভগবৎ প্রাপ্তি হয়? এই অপেক্ষায় বলিতেছেন- অথেতি। অথ অনন্তর উদ্ধবাদি ভক্তগণের বিমিশ্র ভাব দেখা যায় সুতরাং তাহা অসন্তোষ হেতু অন্যপ্রকারে নিদর্শন বলিতেছেন, অর্থাৎ শ্রীউদ্ধবাদিভক্তগণের বিমিশ্রভাব দাস্যসখ্যাদি বিমিশ্রভাব দর্শনহেতু তাঁহাদের কিরূপে শ্রীভগবৎ প্রাপ্তি হইবে? ইহাই শঙ্কা, তথাচ— যে ভক্ত যে ভাবে যেপ্রকার গুণগণপূর্ণ শ্রীভগবানকে উপাসনা করেন, সেই ভক্ত সেই স্বরূপকেই প্রাপ্ত করেন ইহাই নিয়ম। কিন্তু যে ভক্ত বহুভাবে শ্রীভগবানকে উপাসনা করে। সেই ভক্ত কি প্রকার শ্রীভগবানকে লাভ করে, তাহা হইলে শ্রীউদ্ধবাদি ভক্তগণের কিগতি হইবে? ইহাই অসন্তোষের কারণ। শ্রীউদ্ধবাদি ভক্তগণের মিশ্রভাবে শ্রীভক্তিরসামৃতসিন্ধু বর্ণনা করিতেছেন- রুদ্র তার্ক্ষ্য উদ্ধবাদি ভক্তগণের প্রীতি সখ্য ভাব মিশ্রিত হয়। অথ অসন্তোষ প্রকার নিরাকরণ করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ নিদর্শনান্তর বলিতেছেন- মন্ত্রেতি। অথবা মন্ত্রের সমান কোন বিরোধ নাই, যেমন একটি মন্ত্র বহুকার্য্যে বিনিযোগ করা হয়, সেই প্রকার একটি সাধক

যথা একৈব কালঃ কৃচিৎ কুসুমপত্রাদেঃ ; কৃচিন্নিষ্পত্রস্য চ, কৃচিৎ বাল্যস্য, কৃচিত্তারুণ্যস্য চ হেতুঃ স্যাদেবং বাবিরোধঃ ।

তথাচ যদ্‌গুণকং যৎস্বরূপমুপাস্যতে তদ্‌গুণকমেব মোক্ষে স্ফুরতীতি চিন্তিতগুণাৎ গুণান্তরাতিরেকো নেতি সিদ্ধম্ ॥৫৮॥

মন্ত্রণামুচ্চারণাৎ, স যথা এক এব নিখিলেষু মন্ত্রেষু সম্বদ্ধ্যতে ; তথা একএব শ্রীভগবদুদ্দেশাৎ তৎসঙ্কল্পঃ তত্তৎ প্রবৃত্তিকৃদিতি ।

অথ কালঃ ইতি প্রকটার্থম্ । কর্ম্মদৃষ্টান্তস্তু এবং ব্যাখ্যেয়ঃ—যথা কাম্যেন কর্ম্মণা এব নিত্যকর্ম্মনির্বাহঃ ; তত্র কাম্যার্থ সাধনে প্রত্যবায়প্রহাণে চ একমেব কর্ম্ম উপযুজ্যতে, যথা সন্ধ্যোপাসনম্" । তথা শ্রীউদ্ধবাদীনাং বিচিত্রভাবস্তু কালভেদেন কদাপি মাধুর্য্যসেবা, কদাপি ঐশ্বর্য্যসেবা চ সিদ্ধির্ভবতি । তথাহি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ—৪/৮/৮৯ মিথো বৈরাবপি দ্বৌ যৌ ভাবৌ ধর্ম্মসুতাদিষু । কালাদিভেদাৎ প্রাকট্যং তৌ বিন্দন্তৌ ন দুষ্যতঃ ॥ অথ শ্রীউদ্ধবস্য কালভেদে শ্রীমৎপ্রভুবরস্য সেবা ; তথাহি শ্রীবৃহদ্‌ভাগবতামৃতে—১/৫/১২০—যস্তিষ্ঠন্ ভোজন ক্রীড়া কৌতুকাবসরে হরেঃ । মহাপ্রসাদমুচ্ছিষ্টং লভতে নিত্যমেকলঃ ॥ পাদারবিন্দদ্বন্দ্বং যঃ প্রভোঃ সম্বাহয়ন্ মুদা । ততো নিদ্রাসুখাবিষ্টঃ শেতে স্বাঙ্কে নিধায় তৎ ॥ রহঃ ক্রীড়ায়াঞ্চকৃচিদপি স সঙ্গে ভগবতঃ প্রয়াত্যত্রামাত্যঃ পরিষদি মহামন্ত্রমণিভিঃ । বিচিত্রৈর্নর্ম্মোত্থৈরপি হরিকৃতশ্লাঘনভরৈর্ম্মনোজ্ঞৈঃ সর্বান্নঃ সুখয়তি বরান্ প্রাপয়তি চ ॥

সঙ্গতি *ঃ*—তথাচ ব্যতিরেকাধিকরণস্য সঙ্গতি—প্রকারমাহুঃ—"তথাচ" ইতি । স্পষ্টম্ । তস্মাৎ লব্ধসৎপ্রসঙ্গ শ্রীগুরুপাদাশ্রয়ী সাধকো যদ্‌গুণকং যৎস্বরূপমুপাসতে তদ্‌গুণকমেব মোক্ষে স্ফুরতীতি অধিকরণার্থঃ ॥

জয়তি শ্রীল গোবিন্দো রসামৃত-মহোদধিঃ ।
সর্বত্র সর্বভক্তেষু আবির্ভবতি সর্বদা ॥৫৮॥

ইতি ব্যতিরেকাধিকরণং অষ্টাবিংশতিতমং সম্পূর্ণম্" ॥২৮॥

বহু ভাব যুক্ত হইয়া শ্রীভগবান উপাসনা করেন, সুতরাং কোন প্রকার বিরোধ নাই।

সেই সেই অর্থাৎ দাস্যাদি বিষয়ক ভক্তি প্রবর্ত্তনের নিমিত্ত সেই প্রকার সঙ্কল্প মন্ত্রবৎ জানিতে হইবে। যেমন একটিমাত্র মন্ত্র অনেক প্রকার কার্য্যে বিনিযোগ হয়, কোন স্থলে দুইটি কর্ম্মে কোন স্থলে একটি কর্ম্মেই প্রয়োগ হয়, কারণ সেই মন্ত্রের ঐপ্রকারই বিধান করা হইয়াছে। সেই প্রকার একজনমাত্র ভক্ত দাস্যসখ্যাদি ভাবযুক্ত হইয়া শ্রীভগবদুপাসনা করিবেন, তাহাই বিধান করা হইয়াছে। সূত্রস্থ আদি শব্দের দ্বারা কাল ও কর্ম্মাদির গ্রহণ করিতে হইবে, সুতরাং কোন প্রকার অসন্তোষের কারণ নাই। মন্ত্রাদি প্রণব, অর্থাৎ ওঁ এই প্রণব গ্রহণ করিয়া সকল মন্ত্রের উচ্চারণ করা হেতু, সেই প্রণব যেমন এক হইয়াও নিখিলমন্ত্রে সম্বন্ধযুক্ত হয়, সেই প্রকার একটিমাত্র শ্রীভগবানের উদ্দেশে সঙ্কল্প সেই সেই ভাবের প্রবৃত্তিকারী। অনন্তর কালের দৃষ্টান্ত বলিতেছেন- যথেতি। যেমন একটি কাল কখনও কুসুম নব পত্রাদির

২৯॥ "ভূমজ্যাধিকরণম্"—

অথৈতদ্বিচার্য্যতে । "একোঽপি সন্ বহধা যোঽবভাতি" (গো০–তা০–পু০–২৩) ইতি । "একং সন্তং বহধাদৃশ্যমানম্" ইতি । "অথ কস্মাদুচ্যতে পরংব্রহ্ম" (অথর্বশি০–৪) ইত্যাদি চ শ্রূয়তে ।

২৯॥ "ভূমজ্যাধিকরণম্"

অথ পূর্বস্মিন্ ব্যতিরেকাধিকরণে শ্রীভগবদুপাসনায়াং একান্তিভিঃ স্বাভীষ্টা এব গুণা ধ্যেয়া, ইতি প্রতিপাদিতাঃ । কিন্তু শ্রীভগবতো বহূণাং গুণানাং ধ্যানমুচিতং ন বা ইতি নিরূপণার্থং ভূমজ্যাধিকরণারম্ভঃ; ইত্যধিকরণসঙ্গতিঃ ।

কারণ হয়, কখনও নিষ্পত্রাদির কারণ হয়, এবং কখনও বাল্যসময়ের কখনও তারুণ্যাদির হেতু হয়, সেই প্রকার একভক্ত কখনও দাস্য কখনও সখ্যাদি ভাবের হেতু হয়। কর্ম্ম দৃষ্টান্ত এই প্রকার ব্যাখ্যা করিতে হইবে— যেমন কাম্য কর্ম্মের দ্বারাই নিত্যকর্ম্ম নির্ব্বাহ, তথায় কাম্যার্থ সাধনের নিমিত্ত এবং প্রত্যবায় বিনাশের নিমিত্ত একটি কর্ম্ম বিনিযোগ করা হয়, যেমন সন্ধ্যা উপাসনা। সেই প্রকার শ্রীউদ্ধবাদি ভক্তগণের বিচিত্র ভাব কালভেদে হয়, কোন কালে মাধুর্য্যসেবা কদাপি ঐশ্বর্য্যসেবা সিদ্ধি হয়।

শ্রীভক্তিরসামৃতসিন্ধুতে বর্ণিত আছে- ধর্ম্মপুত্র শ্রীযুধিষ্ঠিরাদি ভক্তে দাস্য ও সখ্য ভাবদ্বয় পরস্পর বৈরী হইলেও কালাদিভেদে প্রাকট্য হেতু তাহা দোষের হয় না, কিন্তু সুখকরই হয়। শ্রীবৃহদ্ভাগবতামৃতে কালভেদে শ্রীউদ্ধবের শ্রীমৎ প্রভুবরের সেবা- শ্রীউদ্ধব শ্রীমহাপ্রভুর ভোজন ক্রীড়া কৌতুকের সময়ও নিকটে অবস্থান করিয়া থাকেন এবং একাকী নিত্য শ্রীপ্রভুর উচ্ছিষ্ট মহাপ্রসাদ আস্বাদন করিয়া থাকেন। যিনি শ্রীকৃষ্ণের পাদারবিন্দযুগল সম্বাহন করিতে করিতে আনন্দ সহকারে কখনও নিদ্রাবিষ্ট হইলেও প্রভুর শ্রীচরণ যুগল নিজ অঙ্কে স্থাপন করিয়াই সুখে শয়ন করিয়া থাকেন। অপর শ্রীকৃষ্ণচন্দ্রের রহঃক্রীড়ায় কখন কদাচিৎ শ্রীউদ্ধব শ্রীপ্রভুর সহিত গমন করেন, তিনি সুধর্ম্মা রাজসভায় মন্ত্রিগণের মধ্যে মহামন্ত্রী, শ্রীকৃষ্ণ যে সকল মনোহর পরিহাস ব্যঞ্জক বাক্যসমূহ প্রশংসা করেন শ্রীউদ্ধব সেই সকল বাক্য সমূহ দ্বারা আমাদিগকে সুখী করেন, এবং আশীর্ব্বাদ সকল প্রাপ্ত করান।

সঙ্গতি— অনন্তর ব্যতিরেকাধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন- তথাচেতি। তথাচ সাধক সাধনাবস্থায় যেগুণ যুক্ত যেস্বরূপ উপাসনা করেন সেইগুণ যুক্ত শ্রীভগবৎ স্বরূপই মোক্ষদশায় স্ফূর্ত্তি লাভ হয়, সুতরাং সাধক যে গুণবৃন্দচিন্তা করেন তদতিরিক্ত গুণযুক্ত শ্রীভগবৎ স্বরূপ লাভ করেন না ইহাই সিদ্ধ হইল। অতএব প্রাপ্ত সৎপ্রসঙ্গ শ্রীগুরুপাদাশ্রয়ী সাধক যে গুণ পরিপূর্ণ শ্রীভগবৎস্বরূপের উপাসনা করেন সে প্রকার শ্রীভগবৎস্বরূপই মোক্ষকালে স্ফূর্ত্তি প্রাপ্ত হয়েন, ইহাই অধিকরণার্থ। রসামৃত মহোদধি শ্রীলগোবিন্দদেবের জয় হউক, যিনি সর্ব্বত্র সকল প্রকার ভাবভাবিত ভক্তগণের মধ্যে সর্ব্বদাই প্রকটিত হইয়া থাকেন।।৫৮।।

এইপ্রকার ব্যতিরেকাধিকরণ অষ্টাবিংশতি সম্পূর্ণ ।।২৮।।

অত্র বৈদূর্য্যাদিবদ্ভগবতি মিথো বিলক্ষণানি বহূনি রূপাণি সন্তি। তৈর্বিশিষ্টোঽসাবেকোঽপি বহুরভিধীয়তে ; এবং গুণোঽপি প্রকার বাহুল্যাৎ তত্ত্বমবসেয়ম্।

ইহ সংশয়ঃ । স্বরূপগতং গুণগতঞ্চ বহুত্বং শ্রূয়মানং সর্বস্মিন্নুপাসনে চিন্ত্যম্ ? ন বেতি ? । আনন্দাদেরেব সর্বত্রাপেক্ষণাৎ বহুত্বস্যৈকস্মিন্ বিরোধাচ্চ নেতি প্রাপ্তে–

বিষয় ঃ–অথ ভূমজ্যাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি–"অথ এতদ্বিচার্য্যতে" ইতি । বিষয়বাক্যন্তু অতিরোহিতার্থম্ । তথাচ–বৈধুর্য্যমণিরিব শ্রীভগবাননন্তগুণগণালঙ্কৃতঃ, তথানন্তস্বরূপবান্ ইতি । ইতি বিষয়বাক্যম্ ।

সংশয় ঃ–অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ ; স্বরূপগতমিতি । স্পষ্টম্ । তথাচ–সর্বেষু উপাসনেষু অসৌ শ্রীভগবান্ বহুরূপো গুণো ধ্যেয়ো ন বা ইতি সংশয়বাক্যম্ ।

পূর্বপক্ষ ঃ–এবং সংশয়ে জাতে পূর্বপক্ষমুদ্ভাবয়ন্তি–আনন্দাদেরেব" ইতি । যথা পরব্রহ্মোপাসনায়াং

২৯।। ভূমজ্যাধিকরণ

অনন্তর ভূমজ্যাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। পূর্ব্বে ব্যতিরেকাধিকরণে শ্রীভগবানের উপাসনা বিষয়ে একান্তি ভক্তগণকর্ত্তৃক স্বাভীষ্টগুণ সকলই ধ্যেয় ইহা প্রতিপাদন করিয়াছেন, কিন্তু শ্রীভগবানের বহুগুণবৃন্দের ধ্যান করা উচিত অথবা অনুচিত ইহা নিরূপণ করিবার নিমিত্ত ভূমজ্যাধিকরণের আরম্ভ, ইহাই অধিকরণ সঙ্গতি।

বিষয়— অতঃপর ভূমজ্যাধিকরণের বিষয়বাক্যের অবতারণা করিতেছেন- অথেতি। অনন্তর এই বিষয়টি বিচার করিতেছেন, যিনি এক হইয়াও বহুরূপে প্রতিভাত হয়েন। অপর যিনি একাকী অবস্থান করিয়া ভক্তগণকে বহুরূপে দর্শন প্রদান করেন। কি হেতু তাঁহাকে পরং ব্রহ্ম বলা হয়? ইত্যাদি শ্রুতিবাক্য শ্রবণ করা যায়। শ্রীভগবানে বৈদুর্য্যমণির ন্যায় পরস্পর বিলক্ষণ অনেক প্রকার রূপ আছে, ঐ রূপ সকল বিশিষ্ট শ্রীভগবান এক হইয়াও বহুরূপে প্রতীতি হয়েন, এই প্রকার গুণসকলের প্রকার বাহুল্য হেতু অনন্তকল্যাণগুণরত্নাকররূপে অনুভূত হয়। অর্থাৎ বৈদূর্য্যমণিরন্যায় শ্রীভগবান অনন্তকল্যাণগুণগণালঙ্কৃত এবং দিব্যানন্তরূপবান হয়েন, ইহাই বিষয়বাক্য।

সংশয়— এই বিষয়বাক্য সংশয় হইতেছে- স্বরূপমিতি। শ্রীভগবৎ স্বরূপে স্বরূপগত বহুত্ব এবং গুণগত বহুত্ব শ্রবণ করা যায়, সুতরাং সকল উপাসনায় সকলগুণাদি চিন্তা করা উচিত? অথবা নহে? অর্থাৎ দাসাদিসকল উপাসনায় শ্রীভগবান বহুরূপ বহুগুণ যুক্ত ধ্যান করিবে? কিম্বা করিবে না? এই প্রকার সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ— এই প্রকার সংশয় জাত হইলে পরে পূর্ব্বেপক্ষের উদ্ভাবনা করিতেছেন-আনন্দেতি। আনন্দাদিগুণবৃন্দের সর্ব্বত্র সাপেক্ষ হেতু, একত্ব উপাসনায় বহুত্বস্য বিরোধ হেতু চিন্তা করিবে না, অর্থাৎ যেমন পরব্রহ্মোপাসনায় আনন্দ সর্ব্বজ্ঞ সর্ব্বেশ্বরাদি গুণবৃন্দের সর্ব্বত্র সকল উপাসনায় ধ্যান করিতে হয়,

॥ওঁ॥ ভূম্নঃ ক্রতুবৎজ্যায়স্ত্বং তথাহি দর্শয়তি ॥ওঁ॥৩/৩/২৯/৫৯॥

ভূম্নো বহুভাবস্য যস্মাৎ সর্বেষু গুণেষু জ্যায়স্ত্বং ক্রতুবৎ সর্বত্র সহভাবাদতঃ সর্বত্রাসৌ চিন্ত্যঃ । যথা ক্রতোর্জ্যোতিষ্টোমস্য দীক্ষাদ্যবভৃথান্তেষু অনুবৃত্তের্জ্যায়স্ত্বম্ ; তথা সর্বত্র স্বরূপধর্ম্মাদিষু অনুবৃত্তের্ভূম্নঃ । তৎ প্রমাণমাহ–তথাহীতি ।

"নাল্পেসুখমস্তি ভূমৈব সুখম্" (ছা০–৭/২৩/১) ইতি । শ্রুতিরানন্দাদের্ভূমা অবিনাভাবং দর্শয়ন্তী, তস্যানুচিন্তনং সর্বত্রানুজ্ঞাপয়তীত্যর্থঃ । যেন বিনা কর্ম্মনিত্যত্বং ন সিদ্ধ্যেৎ ॥৫৯॥

আনন্দ-সর্বজ্ঞ-সর্বেশ্বরত্বাদিগুণানাং সর্বত্র সর্বেষুপাসনেষু ধ্যেয়ঃ ; তথা বহুত্বং ন ধ্যেয়মিতি ; বহুত্বস্য একভাববিশিষ্টোপাসনায়াং ন ধ্যেয়ঃ ; কুতঃ ? বিরোধাৎ ; একস্মিনুপাসনে বহূণাং স্বরূপপানাং গুণানাঞ্চ বিরোধাৎ ন চিন্ত্যমিতি ভাবঃ ; ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত ঃ–ইতি পূর্বপক্ষেপ্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"ভূম্নঃ" ইতি। ভূম্নঃ–বহুভাবস্য জ্যায়স্ত্বং শ্রেষ্ঠত্বং, তস্মাৎ সর্বত্রোপাসনায়াং ভূমত্বেব ধ্যেয়ঃ ; অত্র দৃষ্টান্তমাহ–ক্রতুবদিতি। যথা জ্যোতিষ্টোমস্য দীক্ষামারভ্য অবভৃথান্তেরনুবর্ত্তনং, তথাত্রাপি । অত্র প্রমাণমাহঃ–তথাহি দর্শয়তীতি। তথাহি শ্রুতিপ্রমাণং দর্শয়তি–ছান্দোগ্যে–৭/২৩/১ "ভূমৈব সুখং নাল্পেসুখমস্তীতি" তস্মাদনন্তগুণবত্ত্বেন রূপেণোপাসিতব্যমিতি। ভূম্নো বহুভাবস্য" ইতি ভাষ্যন্তু স্ফুটার্থম্ । তথা চ যেন ভূম্না বিনা শ্রীভগবতো কর্ম্মণাং নিত্যত্বং ন সিদ্ধেৎ ; তস্মাৎ অনন্তকল্যাণগুণরত্নাকরস্বরূপত্বেন শ্রীভগবন্তমুপাসিতব্যমিত্যর্থঃ ॥

অনন্তগুণবারিধির্ভগবান্ শ্যামসুন্দরঃ ।
দাস্য সখ্যাদিভাবেষু হ্যুপাস্যং তদ্‌ভাবেচ্ছুভিঃ ॥৫৯॥
ইতি ভূমজ্যাধিকরণং উনত্রিংশত্তমং সম্পূর্ণম্ ॥২৯॥

সেই প্রকার বহুত্বগুণের ধ্যান করিতে নাই, কারণ একভাব বিশিষ্টোপাসনায় বহুত্বগুণের ধ্যান করিতে নাই, কেন? বিরোধ হেতু, একটি শ্রীভগবৎ স্বরূপের উপাসনায় অনেক স্বরূপের এবং অনেকগুণের বিরোধ হেতু চিন্তা করা উচিত নহে, ইহাই পূর্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত— এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন- ভূম্নেতি। ভূমার শ্রেষ্ঠত্ব ক্রতুর সমান বুঝিতে হইবে, তাহা দেখাইতেছেন, অর্থাৎ ভূমা বহুভাবের জ্যায়স্ত্ব শ্রেষ্ঠত্ব জানিতে হইবে, সুতরাং দাসাদি সকল প্রকার উপাসনায় ভূমাস্বরূপেই ধ্যান করিবে। এই বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন- ক্রতুবদিতি। যেমন অগ্নিষ্টোম যাগের দীক্ষা হইতে আরম্ভ করিয়া অবভৃথস্নান পর্য্যন্ত অনুবর্ত্তন করিতে হয়, সেইরূপ এইস্থলেও বুঝিতে হইবে, দৃষ্টান্ত বলিতেছেন- তথাহীতি। এই বিষয়ে শ্রুতি প্রমাণ দেখাইতেছেন- ভূমাতেই সুখ আছে, অল্পে সুখ নাই, অতএব অনন্তগুণ যুক্ত স্বরূপেই শ্রীভগবানকে উপাসনা করিতে হইবে ইহাই সূত্রার্থ। যে হেতু ভূমা বহুভাবের সকলগুণের মধ্যে শ্রেষ্ঠতা হয়

৩০॥ "নানাবিধোপাসনাধিকরণম্"–

অথ তেষু বহুষু রূপেষু উপাসনমেকবিধম্ ? বিবিধং বেতি সন্দেহে । উপাস্যস্বরূপাভেদাদেকবিধমিতি প্রাপ্তে–

৩০॥ "নানাবিধোপাসনাধিকরণম্"

কৃষ্ণ-নৃসিংহরামাণাং ধামমন্ত্রমুপাসনম্ ।
নানা শব্দাদিভেদাদ্ধি নানৈব বিধিনেজ্যতে ॥

অথ পূর্বং বহুবিধানাং শ্রীভগবৎস্বরূপাণাং উপাসনং প্রতিপাদিতম্ । তত্র তেষাং শ্রীভগবৎস্বরূপাণামুপাসনমেকবিধম্ ; অথবা অনেক বিধমিতি নিরূপণার্থং নানাবিধোপাসনাধিকরণারম্ভঃ। ইত্যধিকরণসঙ্গতিঃ ।

বিষয় ঃ–অথ এতদধিকরণস্য বিষয়বাক্যসংগ্রহঃ–তথাহি–শ্রীগোপালপূর্বতাপন্যম্–পূ০-৬১ "তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং রসেৎ তং ধ্যায়েৎ তং যজেৎ ইতি" শ্রীব্রহ্মসংহিতায়াম্–৫/২৪-২৬ উবাচ পরতস্তস্মৈ তস্য দিব্যা সরস্বতী । কাম কৃষ্ণায় গোবিন্দ ঙে গোপীজন ইত্যপি ॥ বল্লভায় প্রিয়া বহ্নেরয়ং তে দাস্যতি প্রিয়ম্ । তপ ত্বং তপ এতেন তব সিদ্ধি র্ভবিষ্যতি ॥

সুতরাং এই বহুভাব ক্রতুবৎ সর্ব্বত্র সহাবস্থান হেতু সর্ব্বত্র চিন্তা করা উচিত। যেমন ক্রতু অর্থাৎ জ্যোতিষ্টোম যাগের দীক্ষা হইতে আরম্ভ করিয়া অবভৃথস্নান পর্য্যন্ত অনুবর্ত্তন করা হেতু শ্রেষ্ঠ করিয়া নিরূপণ করা হয়, সেই প্রকার সর্ব্বত্র স্বরূপধর্ম্মাদি বিষয়ে ভূমার অনুবর্ত্তন করিতে হইবে। এই বিষয়ে প্রমাণ বলিতেছেন- তথাহীতি। অল্পে সুখ নাই ভূমাই সুখ হয়, এই শ্রুতি আনন্দাদিগুণের ভূমা হইতে অবিনাভাব দর্শন করাইতেছেন, এই বাক্য ভূমাগুণের চিন্তন সর্ব্বত্রই অনুজ্ঞাপন করিতেছেন ইহাই অর্থ। যাহা বিনা কর্ম্মের নিত্যতাসিদ্ধ হয় না। অর্থাৎ যে ভূমাগুণ বিনা শ্রীভগবানের জন্মাদি কর্ম্মের নিত্যতা সিদ্ধ হইবে না। অতএব অনন্তকল্যাণগুণ রত্নাকর স্বরূপেই শ্রীভগবানকে উপাসনা করিতে হইবে এই অর্থ। ভগবান শ্রীশ্যামসুন্দর অনন্তকল্যাণ গুণরত্ন নিলয় হয়েন, সুতরাং দাস্যাদি ভাবলিপ্সু সাধকগণ দাস্য সখ্যাদিভাবে উপাসনা করিবেন।। ৫৯।।

এই প্রকার ভূমজ্যাধিকরণ উনত্রিংশৎ সমাপ্ত।।২৯।।

৩০।। নানা বিধোপাসনাধিকরণ

অনন্তর নানাবিধোপাসনাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। শ্রীকৃষ্ণ নৃসিংহ রামচন্দ্র প্রভৃতির ধাম মন্ত্র উপাসনা অনেক শব্দাদি ভেদ হেতু নানা প্রকার বিধির দ্বারা আরাধনা করা হয়। পূর্ব্বে বহুপ্রকার শ্রীভগবৎ স্বরূপের উপাসনা প্রতিপাদন করিয়াছেন, সেই উপাসনায় শ্রীভগবৎ স্বরূপের উপাসনা এক প্রকার? অথবা অনেক প্রকার তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত নানা বিধোপাসনাধিকরণের আরম্ভ করিতেছেন, ইহাই অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

অথ তেপে স সুচিরং প্রিণন্ গোবিন্দমব্যয়ম্ । শ্বেতদ্বীপ-পতিং কৃষ্ণং গোলোকস্থং পরাৎ পরম্॥ প্রকৃত্যা গুণরূপিণ্যা রূপিণ্যা পর্যুপাসিতম্ । সহস্রদলসম্পন্নে কোটিকিঞ্জল্কবৃংহিতে ॥ ভূমিশ্চিন্তামণিস্তত্র কর্ণিকারে মহাসনে । সমাসীনং চিদানন্দং জ্যোতীরূপংসনাতনম্ ॥ শব্দব্রহ্মময়ং বেণুং বাদয়ন্তং মুখাম্বুজে । বিলাসিনীগণবৃতং স্বৈঃ স্বৈরংশৈরভিষ্টুতম্ ॥ ইতি । শ্রীনৃসিংহদেবস্য–তথাহি শ্রীনৃসিংহপূর্বতাপন্যাম্–২/৩ "তস্য" হ বা "উগ্রং" প্রথমং স্থানং জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বং চ গচ্ছতি ; "বীরং" দ্বিতীয়ং স্থানং ; "মহাবিষ্ণুং" তৃতীয়ং স্থানম্ ; "জ্বলন্তং" চতুর্থং স্থানম্ ; "সর্বতো মুখং" পঞ্চমং স্থানম্ ; "নৃসিংহং" ষষ্ঠং স্থানম্ ; "ভীষণং" সপ্তমং স্থানং ; "ভদ্রং" অষ্টমং স্থানং ; "মৃত্যুমৃত্যুং" নবমং স্থানম্ ; "নমাপি" দশমং স্থানম্ ; "অহং" একাদশস্থানং জানীয়াদ্ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি, একাদশ পদা বা অনুষ্টুবাভবতি" ইতি ।

শ্রীভাগবতে–৫৯৮//৭-৮ "হরিবর্ষে চাপি ভগবান্নরহরিরূপেণাস্তে ; তদ্রূপগ্রহণ-নিমিত্তমুত্তরত্রাভিধাস্যে। তদ্ দয়িতং রূপং মহাপুরুষগুণভাজনো মহাভাগবতো দৈত্যদানবকুলতীর্থীকরণ শীলাচরিতঃ প্রহ্লাদোঽব্যবধানানন্যভক্তি যোগেন সহ তদ্‌র্ষপুরুষৈরুপাস্তে ইদং চোদাহরতি । ওঁ নমো ভগবতে নরসিংহায় নমস্তেজস্তেজসে আবিরাবির্ভব ব্রজনখ বজ্রদংষ্ট্র কর্ম্মাশয়ান্‌রন্ধয় রন্ধয় তমো গ্রস গ্রস ওঁ স্বাহা । অভয়মভয়মাত্মনি ভূয়িষ্ঠা ওঁ ক্ষ্রৌম্ । ইতি । তথাচ শ্রীরামচন্দ্রস্য–

তথাহি শ্রীহরিভক্তিবিলাসে–১/৮৫, (৫০ পৃ০) ষড়ক্ষরোঽয়ং মন্ত্রস্তু মহাঘৌঘনিবারণঃ । মন্ত্ররাজ

বিষয়— অনন্তর এই অধিকরণের বিষয়বাক্য সংগ্রহ, শ্রীগোপালতাপনী পূর্ব্ববিভাগে বর্ণিত আছে- অতঃ শ্রীকৃষ্ণই পর সর্ব্বশ্রেষ্ঠ দেবতা তাঁহারা নামই জপ করিবে তাঁহাকেই ধ্যান করিবে তাঁহারই যাজনা করিবে। শ্রীব্রহ্ম সংহিতায় বর্ণিত আছে- প্রজাপতি ব্রহ্মাকে দিব্যবাণী বলিলেন হে ব্রহ্মণ্! কামবীজের পর কৃষ্ণায় গোবিন্দশব্দের পরে ঙে বিভক্তি পরে গোপীজন বল্লভায় তৎপরে বহ্নিপ্রিয়া এই মন্ত্র তোমার প্রিয় প্রদান করিবে, এই মন্ত্রের দ্বারা তপস্যা কর, তুমি তপস্যায় সিদ্ধিলাভ করিবে। অনন্তর ব্রহ্মা বহুকালপর্য্যন্ত অব্যয় শ্রীগোবিন্দ শ্বেতদ্বীপপতি গোলোকস্থ পরাৎপর শ্রীকৃষ্ণকে প্রীত করিবার নিমিত্ত তপস্যা করিতে আরম্ভ করিলেন, যাঁহাকে গুণবতী পরমরূপসী প্রকৃতি শ্রীরাধা উপাসনা করেন। যিনি চিন্তামণিময় ভূমিতে সহস্রদলযুক্ত কোটিকিঞ্জল্কবিস্তৃত কর্ণিকাররূপ মহাসনে বিরাজিত আছেন, যিনি চিদানন্দ জ্যোতিরূপসনাতন হয়েন, ও মুখাম্বুজে শব্দ ব্রহ্মময় বেণু বাদন করিতেছেন, নিজ নিজ অংশ সহিত বিলাসিনী ব্রজদেবীগণ স্তব করিতেছেন। শ্রীনৃসিংহদেবের উপাসনা শ্রীনৃসিংহতাপনিতে বর্ণিত আছে তাঁহার উগ্রং প্রথমস্থান জানিবে, যে জানে সে অমৃতত্বলাভ করেন, বীরং দ্বিতীয়স্থান মহাবিষ্ণু তৃতীয়স্থান, জ্বলন্তং চতুর্থস্থান, সর্ব্বতোমুখং পঞ্চমস্থান, নৃসিংহং ষষ্ঠস্থান, ভীষণং সপ্তমস্থান, ভদ্রং অষ্টমস্থান, মৃত্যুমৃত্যুং নবমস্থান, নমামি দশমস্থান, অহং একাদশস্থান জানিবে, যে সাধক এই প্রকার জানেন তিনি অমৃতত্ব গমন করেন, একাদশ পাদের দ্বারা অনুষ্টুভ্ মন্ত্ররাজ হয়। শ্রীভাগবতে বর্ণিত আছে হরিবর্ষে ভগবান্ শ্রীনরহরিরূপে বিদ্যমান আছেন, শ্রীনরহরি হইবার কারণ পরে বর্ণিত হইবে, শ্রীভগবানের পরম প্রিয়মূর্ত্তি শ্রীনরহরিরূপকে মহাপুরুষগুণ ভাজন মহাভাগবত দৈত্যদানবকুল পবিত্রকারী শীল চরিত শ্রীপ্রহ্লাদ ব্যবধানরহিত ভক্তিযোগের দ্বারা হরিবর্ষনিবাসি

ইতি প্রোক্তঃ সর্বেষামুত্তমোত্তমঃ ॥ "ওঁ নমো রামায়" ইতি । শ্রীরামপূর্বতাপন্যাম্–৪/১-২ জীববাচী নমো নাম চাত্মারামেতিগীয়তে । তদাত্মিকা যা চতুর্থী তথা মায়েতি গীয়তে ॥ মন্ত্রোঽয়ং বাচকো রামো বাচ্যঃ স্যাদ্‌যোগ এতয়োঃ । ফলপ্রদশ্চ সর্বেষাং সাধকানাং ন সংশয়ঃ ॥ ইতি । ইতি বিষয়বাক্যসংগ্রহঃ ।

সংশয় **ঃ**—এবং বিষয়বাক্যে সংশয়মুত্থাপয়ন্তি–অথ" ইতি । স্পষ্টম্ । তথাচ–তেষু শ্রীকৃষ্ণনৃসিংহরামাদিষু রূপেষু সাধকানাং উপসনং একবিধম্ ? অথবা বিবিধমিতি । কিমেকেনৈব মন্ত্রেণ তেষামুপাসনং সেৎস্যতি ? অথবা পৃথঙ্‌মন্ত্রেণ ; ইতি সন্দেহ প্রকারম্ ।

পূর্বপক্ষ **ঃ**–ইতি সন্দেহে জাতে পূর্বপক্ষমুত্থাপয়ন্তি–"উপাস্য" ইতি স্ফুটার্থম্ । তথাচ–এক এব পরমোপাস্য-শ্রীগোবিন্দদেবঃ স্বভক্তপরিরক্ষণায়, লীলারসাস্বাদনায় চ অনেকরূপমাবিষ্কৃতং, তস্মাৎ স্বরূপাভেদাৎ তেষামুপাসনমেকবিধমেব । তথাহি শ্রীগোপালতাপন্যাং পূর্ববিভাগে-২৩, একো বশী সর্বগঃ কৃষ্ণ ঈড্যঃ একোঽপি সন্ বহধা যো বিভাতি । তং পীঠস্থং যেঽনু যজন্তি ধীরাঃ তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥ শ্রুত্যন্তরে চ–"একং সন্তং বহধা দৃশ্যমানম্" শ্রীবিষ্ণুপুরাণে চ–১/২/৩ "একানেক স্বরূপায়" ইতি । তস্মাৎ স্বরূপৈক্যাৎ উপাসনমপি একবিধমিতি-পূর্বপক্ষবাক্যম্ ।

পুরুষগণের সহিত উপাসনা করেন ও এইমন্ত্র পাঠ করেন।

শ্রীরামচন্দ্রের উপাসনা শ্রীভাগবতে বর্ণিত আছে— কিম্পুরুষবর্ষে আদিপুরুষ ভগবান লক্ষ্মণাগ্রজ সীতাভিরাম শ্রীরামচন্দ্রবিদ্যমান আছেন, তথায় শ্রীরামচন্দ্রের শ্রীচরণ সন্নিকর্ষনিরত পরমভাগবত শ্রীহনুমান কিম্পুরুষবাসি পুরুষগণের সহিত ভক্তিভাবে অবিরত উপাসনা করেন। শ্রীহরিভক্তি বিলাসে বর্ণিত আছে- ষড়ক্ষর শ্রীরামমন্ত্র মহাপাপরাশি নিবারণ করেন, ইহা সকলের উত্তম মন্ত্ররাজ কথিত হয়, 'ওঁ নমো রামায়'। শ্রীরামতাপনীতে বর্ণিত আছে- নমঃ শব্দ জীববাচী, রাম শব্দ আত্মারাম বাচক তদাত্মিকা চতুর্থী ঙে শব্দ, এবং মায়াবীজ যোগ করিবে। এই মন্ত্রের বাচ্যবাচকের যোগই শ্রীরামমন্ত্র, তাহা সাধকগণের সর্ব্বফলপ্রদ ইহাতে সংশয় নাই। এই প্রকার বিষয় বাক্য সংগ্রহ।

সংশয়— এই প্রকার বিষয় বাক্যে সংশয় উত্থাপন করিতেছেন— অথেতি। অনন্তর শ্রীগোবিন্দদেবের সেই বহু প্রকার রূপের উপাসনা এক প্রকার? অথবা অনেক প্রকার? অর্থাৎ সেই শ্রীরাম নৃসিংহ কৃষ্ণাদিরূপের বিষয়ে সাধকগণের উপাসনা একবিধ? অথবা বিবিধ? একটি মন্ত্রের দ্বারাই তাঁহাদের উপাসনা সিদ্ধ হয়? অথবা পৃথক মন্ত্রের দ্বারা, ইহাই সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ— এইরূপ সন্দেহ জাত হইলে পরে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন— উপাস্যেতি। উপাস্যস্বরূপের অভেদ হেতু এক প্রকার উপাসনা হয়। অর্থাৎ একমাত্র পরমোপাস্য শ্রীগোবিন্দদেব নিজভক্তজন পরিরক্ষণের নিমিত্ত, লীলারসাস্বাদন করিবার নিমিত্ত অনেকরূপ আবিষ্কার করিয়াছেন, সুতরাং স্বরূপের অভেদ হেতু তাঁহাদের উপাসনা এক প্রকারই হয়। এই বিষয়ে শ্রীগোপালতাপনীতে বর্ণিত আছে— একমাত্র শ্রীকৃষ্ণই সকলের বশীকারক, সর্ব্বগত ও স্তবনীয়, তিনি এক হইয়া ও বহুরূপে প্রতিভাত হয়েন,

॥ওঁ॥ নানা শব্দাদি ভেদাৎ ॥ওঁ॥ ৩/৩/৩০/৬০॥

তেষু রূপেষু নানা এবোপাসনং, প্রতিরূপং পৃথক্ তদিত্যর্থঃ। কুতঃ ? শব্দেতি। তত্তদ্ বাচকানাং নৃসিংহাদিশব্দানাং মন্ত্রাণামাকার কর্ম্মণাঞ্চ বৈলক্ষণ্যাদিত্যর্থঃ। স্মৃতিশ্চ (ভা০–১১/৫/২০)

সিদ্ধান্ত :–ইতি পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"নানা" ইতি। নানা ইতি–যদ্যপি এক এব পরমোপাস্যঃ–স্বয়ং ভগবান্ গোবিন্দদেবঃ, তথাপি তস্য নানাস্বরূপৈরাবির্ভাবাৎ, তত্তদবতারাণাং নানাত্বাৎ, উপাসনাপি নানা ইতি। এবং কুতঃ ? শব্দাদিভেদাৎ। তত্তদ্‌বাচকানাং শ্রীরাম-নৃসিংহ-কৃষ্ণাদীনাং, মন্ত্রাণামাকারাদীনাঞ্চ বৈলক্ষণ্যাৎ তেষামারাধনমপি নানা ইত্যর্থঃ। তেষু" ইতি ভাষ্যন্তু প্রকটার্থম। তেষাং বৈলক্ষণ্যং তু উক্তমেব।

অথ নানাবিধোপাসনায়াং শ্রীমদ্‌ভাগবতবাক্য প্রমাণমাহঃ–স্মৃতিশ্চ" ইতি। কৃতং-সত্যং ত্রেতা দ্বাপরং কলিঃ ইত্যেষু চর্তুষু যুগেষু কেশবঃ নানা বর্ণ অভিধা আকারো নানা বিধিনা এব জনৈঃ ইজ্যতে, আরাধ্যতে" ইত্যন্বয়ঃ। তত্র সত্যযুগমধিকৃত্যোপাসনা–ভা০–১১/৫/২১-২৩, কৃতে শুক্লশ্চতুর্ব্বাহর্জটিলো বল্কলাম্বরঃ। কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ বিভ্রদ্ দণ্ডকমণ্ডলূ ॥ মনুষ্যাস্তু তদা শান্তা নির্বৈরাঃ সুহৃদঃ সমাঃ। যজন্তি তপসা দেবং শমেন চ দমেন চ ॥ হংসঃ সুপর্ণো বৈকুণ্ঠো ধর্ম্মো যোগেশ্বরোঽমলঃ। ঈশ্বরঃ

যে ধীর সাধকগণ তাঁহাকে যোগপীঠস্থ যজনা করেন তাঁহাদেরই শাশ্বত সুখলাভ হয়, অন্যের নহে। অন্য শ্রুতিতে বর্ণিত আছে— যিনি এক হইয়াও বহুধা দেখা যান। শ্রীবিষ্ণুপুরাণে বর্ণিত আছে- এক ও অনেক স্বরূপকে নমস্কার করি। অতএব স্বরূপের একত্বহেতু উপাসনাও একবিধ হইবে, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত— এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্তের অবতারণা করিতেছেন- নানেতি। শব্দাদির ভেদ হেতু উপাসনা নানা প্রকার হয়, অর্থাৎ যদি ও একমাত্র পরমোপাস্য স্বয়ং ভগবান শ্রীগোবিন্দদেব, তথাপি তাঁহার নানা স্বরূপে আবির্ভাব হেতু সেই অবতারগণের নানাত্ব বিধায় উপাসনাও নানা প্রকার হইবে। এই প্রকার কেন? শব্দাদি ভেদ হেতু, অর্থাৎ সেই সেই স্বরূপের বাচক শ্রীরামচন্দ্র শ্রীনৃসিংহ, শ্রীকৃষ্ণচন্দ্র প্রভৃতির মন্ত্র ও আকারাদির বিলক্ষণতা হেতু তাঁহাদের আরাধনাও নানা প্রকার জানিতে হইবে। সেই শ্রীভগবৎরূপ সকলে নানা প্রকার উপাসনা, প্রতিরূপের পৃথক উপাসনা জানা যায় এই অর্থ। কেন? শব্দহেতু, সেই রূপের বাচক শ্রীনৃসিংহাদি শব্দের মন্ত্রের আকারের কর্ম্মের বৈলক্ষণ্য হেতু আরাধনাও বৈলক্ষণ্য হয় এই অর্থ। অনন্তর নানা বিধ উপাসনা বিষয়ে শ্রীভাগবত বাক্য প্রমাণ বলিতেছেন- স্মৃতীতি। স্মৃতি শাস্ত্রে বর্ণিত আছে— কৃত সত্য ত্রেতা দ্বাপর ও কলি এই যুগচতুষ্টয়ে শ্রীকেশব নানা বর্ণ অভিধা নাম আকার হয়েন ও নানা প্রকার বিধির দ্বারা জনগণ আরাধনা করেন। তন্মধ্যে সত্যযুগীয় উপাসনা- সত্যযুগে শুক্ল ভগবান চতুর্ভুজ জটধারী বাকলাম্বর কৃষ্ণাজিন উপবীত অক্ষমালা দণ্ডকমণ্ডলু শোভিত, সেইকালে শান্ত নির্ব্বৈর সুহৃৎ সমবুদ্ধি মানবগণ শমদম ও তপস্যা দ্বারা দেবতাকে

"কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিরিত্যেষু কেশবঃ । নানাবর্ণাভিধাকারো নানৈব বিধিনেজ্যতে ॥" ইতি । তস্মাদ্ ভিন্না পূজেতি ॥৬০॥

পুরুষোঽব্যক্তঃ পরমাত্মেতি গীয়তে ॥ ইতি । ত্রেতাযুগমধিকৃত্য-তত্রৈব—১১/৫/২৪-২৬ ত্রেতায়াং রক্তোবর্ণোঽসৌ চতুর্বাহস্ত্রিমেখলঃ । হিরণ্যকেশস্ত্রয্যাত্মা স্রুক্স্রুবাদ্যুপলক্ষণঃ ॥ তং তদা মনুজা দেবং সর্বদেবময়ং হরিম্ । যজন্তি বিদ্যয়া ত্রয্যা ধর্ম্মিষ্ঠা ব্রহ্মবাদিনঃ ॥ বিষ্ণুর্যজ্ঞঃ পৃশ্নিগর্ভঃ সর্বদেব উরুক্রমঃ। বৃষাকপির্জয়ন্তশ্চ উরুগায় ইতীর্য্যতে ॥ ইতি । অথ দ্বাপরযুগমধিকৃত্য-তত্রৈব—১১/৫/২৭-৩০ দ্বাপরে ভগবঞ্শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ । শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ ॥ তং তদা পুরুষং মর্ত্ত্যা মহারাজোপলক্ষণম্ । যজন্তি বেদতন্ত্রাভ্যাং পরং জিজ্ঞাসবো নৃপ ! ॥

নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ । প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ ॥ নারায়ণায় ঋষয়ে পুরুষায় মহাত্মনে । বিশ্বেশ্বরায় বিশ্বায় সর্বভূতাত্মনে নমঃ ॥ ইতি । এবং কলিযুগমধিকৃত্য—১১/৫/৩১-৩২ ইতি দ্বাপর উর্বিশ ! স্তবন্তি জগদীশ্বরম্ । নানা তন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু ॥ কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ । যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ইতি । নানাত্বমিদং যুগমধিকৃত্য বোদ্ধব্যম্ । ইদানীং কলিযুগেতু শ্রীগোবিন্দরাম নরহরীনামুপাসনা আকৃতি-ধাম-মন্ত্রাদীনামেব নানাত্বং ন তু—মাল্য-চন্দন-নৈবেদ্য তুলসী প্রভৃতীনামুপচারাণামিত্যর্থঃ ।

সঙ্গতি :—অথাধিকরণসঙ্গতি প্রকারমাহঃ—তস্মাদিতি । তস্মাৎ নাম মন্ত্র-আকার-কর্ম্মণাং বৈলক্ষণ্যাৎ সর্বেষাং শ্রীভগবৎস্বরূপাণাং ভিন্না পূজা ইতি ভাষ্যার্থঃ ॥ ভগবান্নরসিংহস্তু মহালক্ষ্মী সুশোভিতঃ । রামকোশলনাথশ্চ সীতালিঙ্গিতবিগ্রহঃ ॥ বৃন্দারণ্যমহারত্ন-রাধাবক্ষবিভূষণঃ । কৃষ্ণো নানাত্বমেতেষাং মন্ত্র-স্মরণ-কর্ম্মণাম্ ॥৬০॥

ইতি নানাবিধোপাসনাধিকরণং ত্রিংশত্তমং সম্পূর্ণম্ ॥৩০॥

যজনা করিবেন, হংসসুপর্ণ বৈকুণ্ঠধর্ম্ম যোগেশ্বর অমল ঈশ্বর পুরুষ অব্যক্ত পরমাত্মা ইত্যাদি গান করেন। ত্রেতাযুগের উপাসনা- শ্রীভগবান ত্রেতাযুগে রক্ত বর্ণ হয়েন, চতুর্ব্বাহু ত্রিমেখলাধারী হিরণ্যকেশ ত্রয্যাত্মা শ্রুক্ স্রবাদি ধারণ কর্ত্তা সেই সময় ধর্ম্মিষ্ঠ ব্রহ্মবাদিগণ সর্ব্বদেবময় দেব শ্রীহরিকে বেদবিদ্যার দ্বারা যজনা করিবেন, বিষ্ণু যজ্ঞ পৃশ্নি গর্ভ সর্ব্বদেব উরুক্রম বৃষাকপি জয়ন্ত উরুগায় ইত্যাদি গান করিবেন। দ্বাপর যুগের উপাসনা- দ্বাপর যুগে ভগবান শ্যাম হইবেন পীতবসন নিজের অস্ত্র শ্রীবৎসাদি লক্ষণে লক্ষিত হইবেন, সেইকালে মহারাজ লক্ষণ শ্যামপুরুষকে মর্ত্ত্যবাসি পরমার্থ জিজ্ঞাসু মানবগণ বেদও তন্ত্রের দ্বারা যজনা করিবেন। শ্রীবাসুদেবকে নমস্কার, শ্রীসঙ্কর্ষণকে নমস্কার, শ্রীপ্রদুম্ন ও অনিরুদ্ধরূপ শ্রীভগবানকে নমস্কার, নারায়ণ ঋষি পুরুষ মহাত্মা বিশেশ্বর সর্ব্বভূতাত্মা আপনাকে নমস্কার করি।

অথ কলিযুগের উপাসনা- হে রাজন্! এই প্রকার দ্বাপর যুগে শ্রীজগদীশ্বরকে স্তব করেন, সেই প্রকার কলিযুগেও নানা প্রকার তন্ত্র বিধানের দ্বারা উপাসনা শ্রবণ কর যিনি কৃষ্ণবর্ণ কান্তিতে অকৃষ্ণ সাঙ্গোপাঙ্গ অস্ত্র পারিষদ শোভিত তাঁহাকে সুমেধা মানববৃন্দ সঙ্কীর্ত্তন বহুল যজ্ঞের দ্বারা যজনা করিবেন। এইভাবে নানাপ্রকার উপাসনা যুগ ভেদ অধিকার করিয়া জানিতে হইবে। ইদানীং কলিযুগে কিন্তু শ্রীগোবিন্দদেব

৩১॥ *"বিকল্পাধিকরণম্"–*

নৃসিংহাদি পুরুষোত্তমরূপোপাসনানি বিভিন্নবিধানীত্যুক্তম্ । অথ তানি তদুপাসকৈঃ সমচ্চিত্যানুষ্ঠেয়ানি ? বিকল্প্য বা ? ইতি বীক্ষায়াম্ । নিয়মে হেত্বভাবাৎ সমুচ্চিত্যেতি প্রাপ্তে–

৩১॥ *"বিকল্পাধিকরণম্"*

পূর্বস্মিন্ নানাবিধোপাসনাধিকরণে–শ্রীকৃষ্ণাদীনাং উপাসনানাং নানাত্বে সিদ্ধে তেষাং সমুচ্চয়ো বিকল্পো বা ইতি নিরূপণার্থং বিকল্পাধিকরণারম্ভঃ ; ইত্যধিকরণসঙ্গতিঃ ।

বিষয় ঃ–অথ বিকল্পধিকরণস্য বিষয়স্তাবৎ–নানাবিধোপাসনাধিকরণস্য বিষয়বাক্য এব ; তত্রাধিকরণে শ্রীনৃসিংহাদীনাং পুরুষোত্তমানাং উপাসনানি ভিন্নবিধানি ইতি প্রতিপাদিতম্ ; ইতি বিষয়বাক্যম্ ।

সংশয় ঃ–অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ ; অথ তানি" ইতি । তত্তদুপাসকৈঃ–শ্রীনরসিংহ–রাম-গোবিন্দদেবাদীনামুপাসকৈঃ তানি বিবিধানি উপাসনানি সমুচ্চিত্য–অনুষ্ঠেয়ানি ; সর্বেষাং ভগবৎস্বরূপাণাং সমারাধনমেকত্রৈব কর্ত্তব্যম্ ? বিকল্প বা ? পৃথক্ পৃথক্ রূপেণারাধনা কর্ত্তব্যা ইতি, এবং সংশয়বাক্যম্।

পূর্বপক্ষ ঃ–ইতি বীক্ষায়াং পূর্বপক্ষমুদ্‌ভাবয়ন্তি–"নিয়মে" ইতি । নিয়মে হেত্বভাবাৎ–যা কাচিৎ একা এবোপাসনা যাবদায়ুরনুষ্ঠেয়া" ইতি নিয়ামকত্বাভাবাদিত্যর্থঃ । তস্মাৎ নিয়মাভাবাৎ সমুচ্চিত্য এব

শ্রীরাম শ্রীনরহরি প্রভৃতির উপাসনা আকৃতি ধাম মন্ত্রাদিরই নানা হয়, কিন্তু মাল্য চন্দন নৈবেদ্যও তুলসী প্রভৃতি উপচার সমূহের নহে ইহাই অর্থ।

সঙ্গতি— অনন্তর অধিকরণ সঙ্গতি প্রকার বলিতেছেন- তস্মাদিতি। অতএব নাম মন্ত্র আকার ও কর্ম্মসকলের বৈলক্ষণ্য হেতু সকল শ্রীভগবৎ স্বরূপের পূজাবিভিন্ন প্রকারের জানিতে হইবে ইহাই ভাষ্যের অর্থ। ভগবান শ্রীনরসিংহদেব মহালক্ষ্মীর সহিত শোভা পাইতেছেন, কোশলনাথ শ্রীরামচন্দ্র শ্রীসীতালিঙ্গিত বিগ্রহ, এবং বৃন্দারণ্য মহারত্ন রাধাবক্ষোবিভূষণ শ্রীকৃষ্ণচন্দ্র, এই সকল শ্রীভগবৎ স্বরূপের মন্ত্র স্মরণ ও কর্ম্মের নানা হওয়ায় তাঁহাদের উপাসনাও নানা প্রকার হয়।।৬০।।

এই প্রকার নানা বিধোপাসনাধিকরণ ত্রিংশৎ সমাপ্ত।।৩০।।

৩১।। বিকল্পাধিকরণ

অনন্তর বিকল্পাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। পূর্ব্বে নানা বিধোপাসনাধিকরণে শ্রীকৃষ্ণাদি বিগ্রহের উপাসনার নানাত্ব সিদ্ধ হইলে পরে সমুচ্চয় অথবা বিকল্প হয় ইহা নিরূপণ করিবার নিমিত্ত বিকল্পাধিকরণের আরম্ভ করিতেছেন ইহাই অধিকরণ সঙ্গতি।

বিষয়— অথ বিকল্পাধিকরণের বিষয় বাক্য নানাবিধোপাসনাধিকরণের বিষয়বাক্যই বুঝিতে হইবে, পূর্ব্বে অধিকরণে শ্রীনৃসিংহাদি পুরুষোত্তমবৃন্দের উপাসনা ভিন্ন প্রকার প্রতিপাদন করিয়াছেন ইহাই

॥ওঁ॥ বিকল্পোঽবিশিষ্টফলত্বাৎ ॥ওঁ॥৩/৩/৩১/৬১॥

তেষামনুষ্ঠানে বিকল্প এব। যাদৃক্ সৎপ্রসঙ্গানুযায়ি ভগবৎসঙ্কল্পাদুপাসনামুপলভ্যতে তদেবানুষ্ঠেয়ং ন তু অন্যদিত্যর্থঃ। কুতঃ ? অবিশিষ্টেতি।

তেষা সর্বেষামবিশিষ্টং সমান মেব মোক্ষ সাক্ষাৎকারলক্ষণং ফলমুক্তম্। একেনৈব তস্মিন্ সিদ্ধে কিমন্যেনেত্যর্থঃ।

তানি সর্বাণি উপাসনানি অনুষ্ঠেয়ানি ইতি পূর্বপক্ষ বাক্যম্।

সিদ্ধান্ত ঃ–ইতি পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্র মবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"বিকল্পঃ" ইত্যাদিঃ। তেষাং শ্রীভগবদ্স্বরূপানাং উপাসনানুষ্ঠানে বিকল্প এব ; তত্তৎ ভগবৎস্বরূপাণাং তন্নিষ্ঠসাধকৈঃ পৃথগেব সমারাধনং করণীয়ম্ ; ন তু সমুচিত্য ; এবং কুতঃ ? অবিশিষ্টফলত্বাৎ ; তেষাং সর্বেষামুপাসনে সমানমেব শ্রীভগবৎসাক্ষাৎকারলক্ষণ মোক্ষস্য নিরূপণত্বাদিত্যর্থঃ।

"তেষামনুষ্ঠানে" ইতি ভাষ্যং স্ফুটার্থম্। তথাচ–সৎপ্রসঙ্গলব্ধভক্ত্যা সমাশ্রিত শ্রীগুরুচরণারবিন্দ–প্রাপ্ত শ্রীভগবদুপাসনামন্ত্রকঃ ; শ্রীভগবতো যং শ্রীনৃসিংহাদিস্বরূপমুপাসতে, তদেকস্বরূপোপাসনেন

বিষয়বাক্য।

সংশয়— এই বিষয়বাক্যে সংশয় হইতেছে- অথেতি। অথ শ্রীনৃসিংহাদি পুরুষোত্তম স্বরূপবৃন্দের নানা প্রকার উপাসনা বলিয়াছেন, অনন্তর সেই উপাসনা সকল সেই সেই উপাসকগণ সমুচ্চয়ে অনুষ্ঠান করিবেন? অথবা বিকল্পে অনুষ্ঠান করিবেন? অর্থাৎ শ্রীনরসিংহ শ্রীরাম ও শ্রীগোবিন্দদেবাদির উপাসকবৃন্দ সেই বিবিধ উপাসনা সমুচিত্য অনুষ্ঠান করিবেন, সকল শ্রীভগবৎ স্বরূপে সমারাধনা একত্র কর্ত্তব্য? অথবা বিকল্প্য, পৃথক পৃথকরূপে আরাধনা কর্ত্তব্য? এই প্রকার সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ— এই প্রকার বীক্ষা সংশয়ে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন- নিয়ম ইতি। নিয়মবিষয়ে হেতুর অভাববশতঃ সমুচ্চিত্যই করা উচিত, অর্থাৎ যে কোন একটি ভগবৎ স্বরূপের উপাসনা যাবৎকাল পরমায়ু অনুষ্ঠান করিবে' এই প্রকার নিয়মের অভাব হেতু এই অর্থ। অতএব নিয়মের অভাব হেতু সমুচ্চিত্য সকল উপাসনাই অনুষ্ঠান করিবেন, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত— এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন- বিকল্পেতি। বিকল্প উপাসনা করিবেন, অবিশিষ্ট ফলহেতু, অর্থাৎ সেই শ্রীভগবৎ স্বরূপগণের উপাসনানুষ্ঠান বিষয়ে বিকল্পই হইবে, শ্রীরামাদি ভগবৎস্বরূপের তন্নিষ্ঠসাধকগণ কর্ত্তৃক পৃথক ভাবেই সমারাধনা করা উচিত, কিন্তু সমুচিত্য নহে, কেন? অবিশিষ্ট ফল হেতু, তাঁহাদের উপাসনায় সমান ভাবে শ্রীভগবৎসাক্ষাৎকার লক্ষণ মোক্ষের নিরূপণ করা হেতু এই অর্থ। সেই সাধন সকলের অনুষ্ঠানে বিকল্প হয়, যে প্রকার সৎ প্রসঙ্গানুযায়ি শ্রীভগবৎ সঙ্কল্পাহেতু উপাসনা লাভ হয় তাহাই অনুষ্ঠান করিতে হইবে, কিন্তু অন্য প্রকার নহে ইহাই অর্থ। এই প্রকার কেন? অবিশিষ্ট সমান মোক্ষ-সাক্ষাৎকার লক্ষণ ফল কথিত

যদ্যপি "তদ্‌বিদুষাম্" ইত্যাদিকং তু ন বিস্মর্ত্তব্যং তথাপ্যেকান্তি শ্রৈষ্ঠ্যদার্ঢ্যায় পৌনরুক্তং ন দোষায় ॥৬১॥

তৎসেবালক্ষণপরংমোক্ষংপ্রাপ্নোতি ইতি ; তস্মাৎ সর্বেষামুপাসনং ন কর্ত্তব্যমিত্যর্থঃ ।

তথাচ–শ্রীনৃসিংহদেবোপাসনায়াং মোক্ষফলম্–শ্রীনৃসিংহতাপন্যাং পূর্ববিভাগে–১/৬ "সচ্চিদানন্দময়ং পরং ব্রহ্ম তমেব বিদ্বানমৃতং ইহ ভবতি, তস্মাদিদং সাঙ্গং সামজানীয়াদ্ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি" ইতি । শ্রীরামচন্দ্রোপাসনায়াং মোক্ষফলম্–শ্রীরামতাপন্যাং পূর্ববিভাগে–২/১০ তদ্ ভক্তা যে লব্ধকামাংশ্চ ভুক্ত্বা তথা পদং পরমং যান্তি তে চ । ইমা ঋচঃ সর্বকামার্থদাশ্চ যে তে পঠন্ত্যমলা যান্তি মোক্ষম্ ॥ ইতি ।

শ্রীগোবিন্দদেবোপাসনায়াং মোক্ষফলম্–তথাহি শ্রীগোপালতাপন্যাম্–পূর্ববিভাগে–৯১ চিন্তয়ংশ্চেতসা কৃষ্ণং মুক্তো ভবতি সংসৃতেঃ" ইতি । উত্তরবিভাগে চ–৯১ ধ্যায়েন্ মম প্রিয়ো নিত্যং স মোক্ষমধিগচ্ছতি। স মুক্তো ভবতি তস্মৈ স্বাত্মানং চ দদামি বৈ ॥ ইতি । অত্র পুনরুক্তদোষানিরাকুর্বন্নাহঃ–"যদ্যপি" ইতি স্পষ্টম্ । তস্মাৎ শ্রীনৃসিংহাদীনামেকৈকশোপাসনেন তদ্‌ভক্তানাং জন্ম মৃত্যুসংসারদুঃখং বিনাশ্য তৎ সেবানন্দরূপো মোক্ষো ভবতীতি বিকল্প এবোপাসনং করণীয়মিতি ভাবঃ ॥

নৃসিংহ-রাম-গোবিন্দ-স্বরূপাণামুপাসনে । সাধকানাং ভবেন্মুক্তিরিতি শাস্ত্রার্থনির্ণয়ঃ ॥৬১॥

ইতি বিকল্পাধিকরণং একত্রিংশত্তমম্ সম্পূর্ণম্ ॥৩১॥

হইয়াছে। একটি উপাসনার দ্বারা মোক্ষফল সিদ্ধ হইলে অন্যের প্রয়োজন কি এই অর্থ। অর্থাৎ সৎ প্রসঙ্গ লব্ধ ভক্তির দ্বারা শ্রীগুরু চরণাশ্রয়ী শ্রীভগবদুপাসনামন্ত্র প্রাপ্ত সাধক শ্রীভগবানের যে শ্রীনৃসিংহাদি স্বরূপ উপাসনা করেন, সেই একটি মাত্র স্বরূপের উপাসনা দ্বারা তাঁহার সেবালক্ষণ পরং মোক্ষ প্রাপ্ত করেন, সুতরাং সকলের উপাসনা করা কর্ত্তব্য নহে। শ্রীনৃসিংহদেবের উপাসনায় মোক্ষ ফল শ্রীনৃসিংহতাপনীতে বর্ণিত আছে— সচ্চিদানন্দময় পরব্রহ্ম তাঁহাকে জানিয়া অমৃত হয়, তাহা হইতেই সাঙ্গসামবেদ হইয়াছে জানিবে, যে এই প্রকার জানে সে অমৃতত্ব গমন করে। শ্রীরামচন্দ্রের উপাসনায় মোক্ষ ফল শ্রীরামতাপনীতে বর্ণিত আছে— যাঁহারা শ্রীরাম চন্দ্রের ভক্ত তাঁহারা সকল প্রকার কামনালাভ করত ভোগ পূর্ব্বক পরংপদ গমন করেন, এই ঋঙ্‌মন্ত্র সকল সর্ব্বকাম প্রদায়ক যাঁহারা পাঠ করেন তাঁহার অমল মোক্ষ প্রাপ্ত করেন। শ্রীগোবিন্দদেবোপাসনায় মোক্ষ শ্রীগোপালতাপনীতে বর্ণিত আছে— আমার প্রিয় ভক্ত আমাকে ধ্যান করিয়া মোক্ষধামে গমন করে, সে মুক্ত হয়, তাঁহাকে আমার আত্মাপর্য্যন্তদানকারি।

এইস্থলে পুনরুক্তদোষ নিবারণ করিয়া বলিতেছেন- যদ্যপীতি। যদিও তদ্ বিদুষাম্ ইত্যাদি সিদ্ধান্ত বিস্মৃত হওয়া উচিত নহে, তথাপি একান্তিগণের শ্রেষ্ঠতা দৃঢ় করিবার নিমিত্ত পুনরুক্ত দোষাবহ নহে, অতএব শ্রীনৃসিংহাদি একটি স্বরূপের উপাসনার দ্বারা তাঁহার ভক্তের জন্ম মৃত্যু সংসার দুঃখ বিনাশ পূর্ব্বক তাঁহার সেবানন্দরূপ মোক্ষ লাভ হয়, সুতরাং বিকল্প ভাবেই উপাসনা করা কর্ত্তব্য ইহাই ভাবার্থ। শ্রীরামচন্দ্র শ্রীনৃসিংহদেব ও শ্রীগোবিন্দদেব প্রভৃতি ভগবৎস্বরূপের উপাসনায় সাধকগণের মুক্তি হয় ইহা শাস্ত্রার্থ নির্ণিত সিদ্ধান্ত।।৬১।।

এই প্রকার বিকল্পাধিকরণ একত্রিংশৎ সমাপ্ত।। ৩১।।

৩২॥ *"কাম্যাধিকরণম্"*—

মোক্ষফলকানি নৃসিংহাদ্যুপাসনানি তত্তদেকান্তিনাং নিত্যানীত্যুক্তম্ । অথ কীর্ত্তি লোকজয় সম্পত্যাদিফলা ব্রহ্মোপাস্তয়ো বৃহদারণ্যকাদৌ পঠ্যন্তে ।

তাসাং বিকল্পঃ ? সমুচ্চয়ো বেতি বীক্ষায়াম্–ব্রহ্মোপাস্তিত্বাবিশেষাৎ পূর্ববদ্‌বিকল্পেতি প্রাপ্তে–

৩২॥ *"কাম্যাধিকরণম্"*

ধন পুত্রাদিকামানাং পুরণার্থং কমাশ্রয়েৎ ।
কস্য হ্যারাধনং কৃত্বা পুমান্ সর্বমবাপ্যতে ॥

পূর্বস্মিন্ বিকল্পাধিকরণে শ্রীনৃসিংহদেবাদ্যুপাসনানাং বিকল্পঃ উক্তঃ ; তদ্বৎ সকামোপাসনানামপি বিকল্পঃ সমুচ্চয়ো বা ইতি নিরূপণার্থং কাম্যাধিকরণারম্ভঃ" ইত্যধিকরণসঙ্গতিঃ ।

বিষয় :– অথ কাম্যাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়িতুং পীঠিকামারচয়ন্তি–"মোক্ষফলকানি" ইতি । স্পষ্টম্ । তথাচ–সর্বেষাং ভগবৎস্বরূপাণাং শ্রীরামনৃসিংহদেবাদীনামুপাসনে সমানংএব মোক্ষফলং ভবতীতি। অথ সকান ভক্তানাং কীর্ত্তি–লোকজয়-সম্পত্ত্যাদিকামানাং সাধনং কীদৃশামিতি ? তত্রাহঃ–

৩২। কাম্যাধিকরণ

অনন্তর কাম্যাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। ধন পুত্রাদিকামনা সকলের পরিপূরণার্থ কাহার আশ্রয় করিবে? কাহার আরাধনা করিয়া মানব সকল কামনা প্রাপ্ত হয়। পূর্ব্বে বিকল্পাধিকরণে শ্রীনৃসিংহদেবাদির উপাসনার বিকল্প কথিত হইয়াছে। সেই প্রকার সকামোপাসনারও বিকল্প অথবা সমুচ্চয় তাহা নিরূপণ করিবার নিমিত্ত কাম্যাধিকরণের আরম্ভ, ইহাই অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয়— অথ কাম্যাধিকরণের বিষয়বাক্যের অবতারনা করিতেছেন- মোক্ষেতি। মোক্ষ ফল প্রদ শ্রীনৃসিংহাদি ভগবৎস্বরূপের উপাসনা সেই সেই স্বরূপের একান্তি ভক্তগণের নিত্য হয় তাহা কথিত হইয়াছে। অর্থাৎ সকল ভগবৎস্বরূপ শ্রীরামনৃসিংহাদির উপাসনায় সমান মোক্ষ ফল লাভ হয়। অনন্তর সকাম ভক্তগণের কীর্ত্তি লোকজয় সম্পত্তি প্রভৃতি কামিগণের সাধন কি প্রকার? তাহা বলিতেছেন- অতঃপর কীর্ত্তি লোকজয় সম্পত্তি আদি ফলপ্রদা ব্রহ্মোপাসনা বৃহদারণ্যকাদি উপনিষদে দেখা যায়, কেনোপনিষদে বর্ণিত আছে— যে সাধক ইহা জানেন তিনি সকলপাপ পরিত্যাগ করিয়া অনন্ত স্বর্গলোকে জয়ী হইয়া অবস্থান করেন। তৈত্তিরীয়ে বর্ণিত আছে— সেই এই ভার্গবী বারুণী বিদ্যা পরব্যোমে প্রতিষ্ঠিত আছে, এই বিদ্যা যিনি জানেন তিনি প্রতিষ্ঠালাভ করেন, অন্নবান ও অন্নাদ হয়েন, মহান হয়েন, প্রজা পশু ব্রহ্মবর্চস্ব মহান ও কীর্ত্তি যুক্ত হয়েন। পুনঃ তাঁহার সকললোকে কামচার হয়, পুনঃ যে সাধক এই আত্মাকে জানিয়া গমন করেন তিনি সত্যকাম হইয়া সকললোকে কামচারী হয়েন। পুনঃ তাহাকে জিজ্ঞাসা করা কর্ত্তব্য, তিনি

অথেতি ।

অথ কেনোপনিষদি–৪/৯ যো বা এতামেবং বেদ অপহত্য পাপ্মানমনন্তে স্বর্গেলোকে জ্যেয়ে প্রতিতিষ্ঠতি । তৈত্তিরীয়োপনিষদি–৩/৬/২ "সৈষা ভার্গবী বারুণীবিদ্যা, পরমে ব্যোমন্ প্রতিষ্ঠিতা, য এবং বেদ প্রতিতিষ্ঠতি ; অন্নবানন্নাদো ভবতি ; মহান্ ভবতি, প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন, মহান্ কীর্ত্ত্যা। ছান্দোগ্যোপনিষদি–৭/২৫/২ "তস্য সর্বেষু লোকেষু কামচারো ভবতি" ছান্দোগ্যে চ–৮/১/৬ অথ য ইহাত্মান মনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামাংস্তেষাং সর্বেষু লোকেষু কামচারো ভবতি" তত্রৈব–৮/৭/১ "স বিজিজ্ঞাসিতব্যঃ স সর্বাংশ্চ লোকানাপ্নোতি সর্বাংশ্চ কামান্ ।

বৃহদারণ্যকোপনিষদি–৫/১১/১ পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ" তত্রৈব ৫/৪/১ য যো হৈতং মহদ্‌যক্ষং প্রথমজং সত্যং ব্রহ্মেতি জয়তীমাঁল্লোকান্ । তত্রৈব–৬/৪/২৮ "পরমাং বত কাষ্ঠাং প্রাপ ছ্রিয়া যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বিদো ব্রহ্মণস্য পুত্রো জায়তে ইতি । কৌষীতক্যুপনিষদি চ–৪/২০ এবৈবং বিদ্বান্ সর্বেষাং ভূতানাং শ্রৈষ্ঠ্যং স্বারাজ্যমাধিপত্যং পর্য্যেতি য এবং বেদ । শ্রীগীতাসু–৭/২২ লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্ । শ্রীভাগবতে–২/৩/১০ অকামঃ সর্বকামো বা মোক্ষকাম উারধীঃ । তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥ এবং সর্বত্র শাস্ত্রাদৌ দৃশ্যতে । ইতি বিষয় বাক্যম্ ।

সংশয় :–অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ, তাসামুপাসনানাং বিকল্পঃ ? সমুচ্চয়ো বা, একেনোপাসনেন সকামভক্তানাং কামনা সিদ্ধির্ভবতি ? অথবা সকলৈরুপাসনৈরিতি সংশয়বাক্যম্।

সকললোকও সকল কামনা প্রাপ্ত করেন। বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে- যে সাধক এই প্রকার জানেন তিনি লোক জয় করেন। পুনঃ যে জন এই মহদ্ যক্ষ প্রথমজাত সত্য ব্রহ্মকে জানেন তিনি সকল লোক জয় করেন। পুনঃ এই প্রকার জানেন তিনি এই পরমাকাষ্ঠা প্রাপ্ত হইয়া শ্রী যশঃ ব্রহ্মবর্চ্চস্বযুক্ত হইয়া ব্রাহ্মণের পুত্র হয়েন। কৌষীতকী উপনিষদে— এই প্রকার জানিয়া বিদ্বান সকল প্রাণির শ্রেষ্ঠতা, স্বারাজ্য, আধিপত্য লাভ করেন। শ্রীগীতায় বর্ণিত আছে— আমাকর্ত্তৃক বিহিত কামনা সকল সেই দেবতা হইতে লাভ করে। শ্রীভাগবতে বর্ণিত আছে— কামনা রহিত, সকল প্রকার কামনা যুক্ত, মোক্ষকামী উদারবুদ্ধি সাধক তীব্র ভক্তিযোগের দ্বারা পরমপুরুষ শ্রীগোবিন্দদেবকে যজনা করেন। এই প্রকার সকল শাস্ত্রেই দেখা যায়, ইহাই বিষয়বাক্য।

সংশয়— এই বিষয়বাক্যে সংশয় হইতেছে- সেই উপাসনা সকলের বিকল্প? অথবা সমুচ্চয়? একটি উপাসনার দ্বারা সকাম ভক্তগণের কামনা সিদ্ধি হয়? অথবা সকল উপাসনার দ্বারা মনোবাঞ্ছা পূর্ণ হয়? ইহাই সংশয়বাক্য।

পূর্বপক্ষ— এই প্রকার সন্দেহ হইলে পরে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন— ব্রহ্মেতি। ব্রহ্মোপাসনা অবিশেষ হওয়া হেতু পূর্বের ন্যায় বিকল্প বুঝিতে হইবে। অর্থাৎ কীর্ত্তি লোকজয় সম্পত্তি প্রভৃতি ফল লাভের নিমিত্ত সর্ব্বত্র ব্রহ্মোপাসনার বিশেষের অভাবহেতু পূর্ব্ববৎ বিকল্প হউক, যেমন পূর্ব্বে

॥ওঁ॥ কাম্যাস্তু যথা কামং সমুচ্চীয়েরন্ ন বা পূর্বহেত্বভাবাৎ ॥ওঁ॥৩/৩/৩২/৬২॥

কাম্যাঃ তৎ সাক্ষাকারানপেক্ষাঃ কীর্ত্ত্যাদি তদন্যফলাঃ ; তা যথাকামং সকামৈস্তদুপাসকৈঃ সমুচ্চীয়েরন্ ন বা । কুতঃ পূর্বেতি । ফলভেদাদিত্যর্থঃ । সতি তত্তৎ

পূর্বপক্ষ ঃ–ইতি সন্দেহে পূর্বপক্ষমুদভাবয়ন্তি–ব্রহ্মেতি ; কীর্ত্তি–লোকজয়-সম্পত্ত্যাদি ফললাভার্থং সর্বত্র ব্রহ্মোপাসনায়া বিশেষাভাবাৎ পূর্ববৎ বিকল্পোঽস্তু, যথা পূর্বং একস্যৈবোপাসনায়াং মোক্ষফলং সিদ্ধিরভূৎ ; তথা অত্রাপি একয়া এব উপাসনায়া সর্বাঃ কামনাঃ সেৎস্যন্তি ইতি । ইতি পূর্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্ত ঃ–ইতি পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমাবির্ভাবয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"কাম্যাস্তু" ইতি। কাম্যাঃ–শ্রীভগবৎসাক্ষাৎকারানপেক্ষাঃ কীর্ত্ত্যাদিফল প্রদাঃ সকামোপাসনাঃ, তাঃ কাম্যাঃ তু যথাকামং সমুচ্চীয়েযরন্ ; সকামসাধকৈঃ স্বেচ্ছানুরূপং সমুচ্চীয়েরন্ নবা সমুচ্চীয়েরন্ । এবং কুতঃ ? পূর্বহেত্বভাবাৎ। অবিশিষ্টফলত্বাভাবাদিত্যর্থঃ । ফলভেদাদ্ বা । কাম্যাঃ–ইতি ভাষ্যাংশং প্রকটার্থম্ । অথ সূত্রকার–ভগবান্ শ্রীবাদারায়ণস্য মতমাহঃ–ইদমিতি । তথাচ–যদি কশ্চিন্মুমুক্ষুঃ ফলান্তরকামো ভবেৎ তথাপি তৎ কামপূর্ত্তয়ে তং শ্রীগোবিন্দদেবমেবোপাসিতব্যম্ ; ন তু দেবতান্তরম্ । নহি পতিব্রতা রমণী স্বপত্যুর্মার্দ্দমনুভূয়

একটিমাত্র উপাসনায় মোক্ষ ফল সিদ্ধি হয়, সেই প্রকার এই স্থলেও একটিমাত্র উপাসনার দ্বারা সকল প্রকার কামনা সিদ্ধি হইবে, ইহাই পূর্বপক্ষবাক্য।

সিদ্ধান্ত— এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের আবির্ভাব করিতেছেন— কাম্যেতি। কাম্যকর্ম সকল যথেচ্ছ ভাবে সমুচ্চয় করিবে, কারণ পূর্ব্বহেতুর অভাববশতঃ, অর্থাৎ কাম্য শ্রীভগবৎ সাক্ষাৎকারের অপেক্ষা না করিয়া কীর্ত্তি প্রভৃতি ফলপ্রদ সকামোপাসনা, সেই কাম্য উপাসনা সকল যথা কাম সমুচ্চয় করিবে, সকাম ভক্ত স্বেচ্ছানুরূপ সমুচ্চয় করিতে পারেন, অথবা নাও পারেন। এইরূপ কেন? পূর্ব্বহেতুর অভাব বশতঃ, অবিশিষ্টফলের অভাবহেতু, অথবা ফল ভেদ হেতু জানিতে হইবে। কাম্যা শ্রীভগবৎসাক্ষাৎকার অপেক্ষারহিত কীর্ত্তি প্রভৃতি তাঁহা হইতে অন্য ফল সকল, তাহা সকাম উপাসক যথা কাম ইচ্ছানুসারে সমুচ্চয় করিবেন, অথবা নাও করিতে পারেন। কেন? পূর্ব্ব, অর্থাৎ ফলভেদ হওয়া হেতু, যদি সেই সেই ফললাভের কামনা থাকে তাহা হইলে সকল প্রকার উপাসনা করিতে হইবে। যদি কামনা না থাকে তাহা হইলে কদাচিৎ সকল উপাসনা করিবে না ইহাই অর্থ। অনন্তর সূত্রকার ভগবান শ্রীবাদরায়ণেরমত বলিতেছেন— ইদমিতি। এইস্থলে ইহাই বক্তব্য- যদি মুমুক্ষু সাধক কোন ফলান্তরের ইচ্ছা করে তবে সেই সাধক তাহাকে কামনা প্রদান কারী শ্রীহরিকেই উপাসনা করিবে, কিন্তু অন্য দেবতা নহে। অর্থাৎ যদি কোন মোক্ষকামী ফলান্তরের কামনা করে তথাপি ঐ কামনা পূর্ত্তির নিমিত্ত

ফলকামে সর্বাস্তাঃ কার্য্যাঃ । অসতি তু তস্মিন্ কদাচিদপি নেত্যর্থঃ ।

ইদমত্রাকূতম্—যদি মুমুক্ষুরপি কশ্চিৎ ফলান্তরমিচ্ছেৎ তর্হি স তস্মৈ তৎপ্রদং হরিমেবোপাসীত ন দেবতান্তরম্ ।

"অকামঃ সর্বকামো বা মোক্ষকাম উদারধীঃ । তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥ (ভা০—২/৩/১০) ইত্যাদিস্মৃতিভ্যঃ । এতেন দশার্ণাদ্যুপাস্তয়োঽপি ব্যাখ্যাতাঃ । পূর্বানুমানন্তু সোপাধিকং বোধ্যম্ ॥৬২॥

স্বকামতাপ শান্তয়ে জারমুপগচ্ছেৎ ইতি ভাবঃ ।

অথ শ্রীভগবতঃ সর্বকাম প্রদত্বং শ্রীভাগবত পদ্যেন প্রতিপাদয়ন্তি—অকামঃ" ইতি অকামঃ—একান্তভক্তঃ শ্রীভগবৎসুখৈককামঃ, সর্বকামঃ—কীর্ত্ত্যাদিসর্বকামঃ, মোক্ষকামঃ—মুক্তিকামঃ, যদ্বা—শ্রীভগবৎসাক্ষাৎকারকামঃ এতেষু য উদারধী র্ভবতি স এব পরং পুরুষং শ্রীগোবিন্দদেবং তীব্রেণ ভক্তিযোগেন ভজতি ইতি । শ্রীগোবিন্দদেবস্যোপাসনেনৈব সর্বং সিদ্ধির্ভবতীতি ভাবঃ ।

অথ শ্রীগোবিন্দদেবোপাসনেনৈব সর্বসিদ্ধির্ভবতীতি তত্রাদৌ পত্নীকামঃ : তথাহি শ্রীভাগবতে—৩/২১/৭, ১৫, ততঃ সমাধিযুক্তেন ক্রিয়াযোগেন কর্দ্দমঃ । সম্প্রপেদে হরিং ভক্ত্যা প্রপন্নবরদাশুষম্ ॥ তথা স চাহং পরিবেষ্টু কামঃ সমানশীলাং গৃহকামধেনুম্ । ইতি । অথ সর্বোৎকৃষ্টস্থানকামঃ— শ্রীভাগবতে—

শ্রীগোবিন্দদেবকেই উপাসনা করিবে, কিন্তু অন্যদেবতার অর্চ্চনা করিবে না। যেমন কোন পতিব্রতা রমণী নিজ পতির মৃদুতা অনুভব করিয়া নিজ কামতাপ শান্তির নিমিত্ত পরপুরুষের নিকটে গমন করে না। অনন্তর শ্রীভগবানের সর্ব্বকাম প্রদত্ব শ্রীভাগবত পদ্যের দ্বারা প্রতিপাদন করিতেছেন— অকামেতি। অকাম একান্তভক্ত শ্রীভগবৎ সুখৈককাম, সর্ব্বকাম- কীর্ত্ত্যাদি সর্ব্বকামী, মোক্ষকাম- মুক্তিকামী, অথবা শ্রীভগবৎ সাক্ষাৎকারকামী, এই সকলেরমধ্যে যে উদার বুদ্ধি হয় সেই পরমপুরুষ শ্রীগোবিন্দদেবকে তীব্র ভক্তি যোগের দ্বারা ভজনা করে। শ্রীগোবিন্দদেবের উপাসনাই সকল সিদ্ধি লাভ হয় ইহাই ভাবার্থ। ইত্যাদি স্মৃতি প্রমাণ আছে। শ্রীগোবিন্দদেবের উপাসনার দ্বারাই সর্ব্বকামনা সিদ্ধি হয়, তন্মধ্যে পত্নীকামনা- অনন্তর মহর্ষিকর্দম ভক্তিপূর্ব্বক সমাধিযুক্ত ক্রিয়াযোগের দ্বারা প্রপন্নবর প্রদাতা শ্রীহরিকে আরাধনা করিয়াছিলে, শ্রীভগবানকে বলিলেন- আমার শীলস্বভাব যুক্ত গৃহমেধ ধেনু রমণী আমি বিবাহ করিতে ইচ্ছা করি। অনন্তর সর্ব্বশ্রেষ্ঠ স্থান কামনা- আমি ত্রিভুবনের উৎকৃষ্ট স্থানে গমন করিতে ইচ্ছা করিয়াছি, তাহার সাধন মার্গ আমাকে উপদেশ করুন, শ্রীনারদ কহিলেন— বৎস! যে ব্যক্তি ধর্ম্ম অর্থ কাম মোক্ষ রূপ নিজের পরম কল্যাণ কামনা করে তাহা লাভের একমাত্র উপায় শ্রীহরির পাদসেবন করা। লোকজয়কামী- হে ভগবন্! আমাকে নারায়ণাত্মক কবচ উপদেশ করুন, পরে- বিশ্বরূপ হইতে শতক্রতু ইন্দ্র এই বিদ্যালাভ করিয়া যুদ্ধে অসুরগণকে পরাজিত পূর্ব্বক ত্রৈলোক্যলক্ষ্মী উপভোগ করিয়াছিলেন। এইস্থানে শ্রীভগবদারাধনার দ্বার লোক

৪/৮/৩৭-৪৯ পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধুবর্ত্ম মে" (ধ্রুবঃ) ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং য ইচ্ছেচ্ছ্রেয় আত্মনঃ। একমেব হরেস্তত্র কারণং পাদসেবনম্ ॥ (শ্রীনারদঃ) অথ লোকজয় কামঃ, শ্রীভা০–৫/৮/২ ভগবংস্তন্মমাখ্যাহি বর্ম্ম নারায়ণাত্মকম্। তত্রৈবান্তে চ–৬/৮/৪২ এতাং বিদ্যামধিগতো বিশ্বরূপাচ্ছতক্রতুঃ। ত্রৈলোক্যলক্ষ্মীং বুভুজে বিনির্জিত্য মৃধেঽসুরান্ ॥ অত্র শ্রীভগবদারাধনেন লোকজয়-লক্ষ্মীলাভ-শত্রুপরাজয়শ্চ ভবেদিতি দর্শিতম্।

সুপুত্রকামশ্চ–শ্রীভা০–৮/১৬/২০-২১ পুত্রশোকাতুরাং অদিতিং প্রতি শ্রীকশ্যপবাক্যম্–

উপতিষ্ঠস্ব পুরুষং ভগবন্তং জনার্দ্দনম্।
সর্বভূতস্তহাবাসং বাসুদেবং জগদ্গুরুম্ ॥
স বিধাস্যতি তে কামান্ হরির্দীনানুকম্পনঃ।
অমোঘা ভগবদ্ভক্তির্নেতরেতি মতির্মম ॥ ইতি। আদিপদাৎ–
যথা কল্পদ্রুমাৎ সর্বং প্রাপ্যতে মনসেপ্সিতম্।
তথা সংপ্রাপ্স্যতে বিষ্ণোরপি স্ম দুর্ল্লভং মুনে! ॥
রত্নপর্বতমারুহ্য যথা রত্নং ন রোচতে।
সত্ত্বানুরূপমাদত্তে তথা কৃষ্ণান্মনোরথান্ ॥ ইতি।

ননু–পঞ্চপদাদন্যে বহবো মন্ত্রাঃ শ্রীকৃষ্ণাস্যাসন্, শ্রীকৃষ্ণস্য-তন্মন্ত্রস্য বা সর্বপ্রদত্বে তন্মন্ত্রাণাং

জয়, লক্ষ্মীলাভ, শত্রু পরাজয়াদি হইয়া থাকে তাহা প্রদর্শিত হইল। সুপুত্রকামী, পুত্রশোকাতুরা আদিতির প্রতি শ্রীকশ্যপ বলিলেন- হে দেবি! পরমপুরুষ ভগবান জনার্দন সর্ব্বান্তর্যামী জগদ্গুরু শ্রীবাসুদেবের উপাসনা কর, দীনজন বৎসল শ্রীহরি তোমার কামনাপূর্ণ করিবেন, কারণ আমার মনে হয় শ্রীভগবানের ভক্তিই একমাত্র অমোঘ বস্তু। আদিপদের দ্বারা- হে মুনে! মানব যেমন কল্পবৃক্ষ হইতে মনোবাঞ্ছিত সকল বস্তুলাভ করে, সেই প্রকার শ্রীবিষ্ণু হইতে অতিদুর্লভ বস্তু ও প্রাপ্ত হয়, অপর রত্ন পর্ব্বতে আরোহণ করিয়া মানবের যেমন রত্ন রুচির বিষয় হয় না, কিন্তু নিজ স্বভাব অনুরূপেই গ্রহণ করে সেই প্রকার মানব শ্রীকৃষ্ণ হইতে স্বভাব অনুসারেই বস্তু সকলগ্রহণ করে।

শঙ্কা— যদি বলেন— পঞ্চপদ ভিন্ন অনেক মন্ত্র শ্রীকৃষ্ণের বিদ্যমান আছে, সুতরাং শ্রীকৃষ্ণের অথবা তাঁহার মন্ত্রের সর্ব্বপ্রদত্ব সিদ্ধ হইলে সেই মন্ত্রসকলের কি গতি হইবে? তদুত্তরে বলিতেছেন- এতেনেতি। এই পঞ্চপদ মন্ত্র ব্যাখ্যানের দ্বারা দশাক্ষরমন্ত্রাদির উপাসনাও ব্যাখ্যা করা হইল। অর্থাৎ সকাম ভক্তগণের শ্রীকৃষ্ণোপাসনার দ্বারা সকল কামনা পূর্ত্তি বর্ণনের দ্বারা দশার্ণাদিমন্ত্রের উপাসনাও ব্যাখ্যা করা হইল। শ্রীনারদপঞ্চরাত্রে দশাক্ষর মন্ত্র আছে— আমার ভুজদ্বয় 'গোপীজন বল্লভায় স্বাহা' এই দশাক্ষর মন্ত্র, এই প্রকার অনেক শ্রীকৃষ্ণমন্ত্র আছে। শ্রীগোপালতাপনীতে বর্ণিত আছে— এই পঞ্চপদ ভিন্ন শ্রীগোবিন্দদেবের অন্য মন্ত্র সকল মানবগণের দশার্ণাদি মন্ত্র আছে, তাহা ঐশ্বর্য্যকামী ইন্দ্রাদিদেবগণ উপাসনা

কাগতিরিতি চেৎ ? তত্রাহঃ–"এতেন" ইতি । এতেন–সকামভক্তানাং শ্রীকৃষ্ণোপাসনদ্বারা সর্বকমানাপূর্ত্তিবর্ণনেন দশার্ণাদিমন্ত্রাণামুপাসনোঽপি ব্যাখ্যাতঃ । তথাহি শ্রীনারদপঞ্চরাত্রে জ্ঞানামৃতসারে শ্রীকৃষ্ণকবচে–দশাক্ষরঃ ।

গোপীজনপদং বল্লভায় স্বাহা ভুজদ্বয়ম্ । এবমন্যেঽপি বহবঃ মন্ত্রাঃ তত্র সন্তীতি । তথাহি শ্রীগোপালতাপন্যাং পূর্ববিভাগে–২৮ এতস্মাদন্যে পঞ্চপাদাদভূবন্ গোবিন্দস্য মনবো মানবানাং দশার্ণাদ্যাঃ তেঽপি সংক্রন্দনাদ্যৈরভ্যস্যতে ভূতিকামৈর্যথাবৎ" ইতি । টীকা চ শ্রীপ্রবোধানন্দপাদানাম্–তস্যৈব মন্ত্রস্য সর্বমন্ত্রবীজত্বমাহ–এতস্মাদিতি । মানবানাং–নানাবাসনজীবানাং কৃতেঽভূবন্ । সনকাদিষু প্রাদুর্ভূতাঃ ; ভূতিকামৈরিত্যন্বয়ঃ । তত্র সংক্রন্দনাদ্যৈ র্ভূতিকামৈঃ, সনকাদ্যৈর্মুক্তিকামৈঃ, শ্রীনারদাদ্যৈ র্ভক্তিকামৈরিতি মন্ত্রানুসারেণ জ্ঞেয়ম্" ।

ননু–"কাম্যোপাস্তয়ো বিকল্পেনানুষ্ঠেয়া উপাস্তিত্বাৎ পূর্বোক্তোপাস্তিবৎ" ইতি পূর্বানুমানস্য কাগতিরিত্যপেক্ষায়ামাহঃ–পূর্বানুমামিতি । তথাচ–পূর্বানুমানে মোক্ষ–সাক্ষাৎকারহেতুত্বমুপাধিরিতি । "সাধ্যব্যাপকত্বে সতি সাধনাব্যাপকত্বমুপাধিঃ" বিকল্পেনানুষ্ঠেয়ঃ উপাস্তিত্বাৎ পূর্বেবাপাস্তিবৎ" ইতি যত্র যত্র বিকল্পোপাস্তিরস্তি তত্র তত্র মোক্ষ তৎসাক্ষাৎকারফলমস্তি ইতি সাধ্যব্যাপকঃ । কিন্তু যত্র যত্র (উপাস্তিত্বমস্তি) সকামোপাস্তিরস্তি তত্র তত্র মোক্ষ–

ভগবৎসাক্ষাৎকারফলং নাস্তি ইতি সাধনাব্যাপকত্বমুপাধিরিতি ।
তস্মাৎ সকামোপাসনানাং যথাকামমাচরেদিতি ॥৬২॥
ইতি কাম্যাধিকরণং দ্বাত্রিংশত্তমম্ সম্পূর্ণম্ ॥৩২॥

করেন। শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতীর টীকা- শ্রীঅষ্টাদশাক্ষর মন্ত্র সকল মন্ত্রে বীজ তাহা বলিতেছেন- এতেনেতি। নানা বাসনা যুক্ত জীবগণের জন্য নানা প্রকার মন্ত্র হইয়াছে, সনকাদি হইতে প্রাদুর্ভূত হইয়াছে, তন্মধ্যে ইন্দ্রাদিদেবগণ ঐশ্বর্য্যকামনা করিয়া, সনকাদি মুক্তিকামনা করিয়া, শ্রীনারদাদি ভক্তিকামনা করিয়া জপ বা উপাসনা করিয়াছিলেন, কামনা অনুসারে মন্ত্র উপাসনা করিয়াছিলেন জানিতে হইবে। যদি বলেন- 'কাম্য উপাসনা সকল বিকল্পভাবে অনুষ্ঠান করা কর্ত্তব্য, যেহেতু তাহা উপাসনা, পূর্ব্বের উপাসনার সমান' এই প্রকার পূর্ব্বানুমানের কি গতি হইবে? এই অপেক্ষায় বলিতেছেন- পূর্ব্বেতি। পূর্ব্বানুমান কিন্তু সোপাধিক জানিতে হইবে, অর্থাৎ পূর্ব্বানুমানে মোক্ষ-সাক্ষাৎকারহেতুই উপাধি। যেস্থলে সাধ্যের ব্যাপক হয় ও সাধনের অব্যাপক হয় তাহাকে উপাধি বলে। বিকল্পের দ্বারা অনুষ্ঠান করা কর্ত্তব্য, যেহেতু তাহা উপাসনা, পূর্ব্বোপাসনার সমান, অর্থাৎ যে যে স্থলে বিকল্পোপাসনা আছে সেই সেই স্থলে মোক্ষ শ্রীভগবৎ সাক্ষাৎকার ফলও আছে, ইহা সাধ্যব্যাপক। কিন্তু যে যে স্থলে সকামোপাসনা আছে সেই সেই স্থলে মোক্ষ শ্রীভগবৎসাক্ষাৎকাররূপ ফল নাই, ইহাই সাধনের অব্যাপক রূপ উপাধি, সুতরাং সকামোপাসনা সকলের যথেচ্ছ আচরণ করিতে হইবে ইহাই অর্থ।।৬২।।

এই প্রকার কাম্যাধিকরণ দ্বাত্রিংশৎ সম্পূর্ণ।।৩২।।

৩৩॥ "আশ্রয়ভাবাধিকরণম্"–

এবমঙ্গিগুণধ্যানমভিধায়, ইদানীমঙ্গগুণানভিধাতুমুপক্রমতে । শ্রীগোপালোপনিষদি পূর্বতাপন্যবসানে "তমেকং গোবিন্দ" (গো০–তা০–পূ০–৪৬)

ইত্যরভ্য "স মরুদ্গণোঽপ্যহং পরময়াস্তুত্যা তোষয়ামি" (গো০–তা০–পূ০–

৩৩॥ "আশ্রয়ভাবাধিকরণম্"

নমঃ কমলনাভায় নমঃ কমলমালিনে ।
নমঃ কমলনেত্রায় নমস্তে কমলাঙ্ঘ্রয়ে ॥

অথ এতাবৎ পর্য্যন্তং ভগবদুপসনায়াং শ্রীভগবতো গুণানামুপসংহার্য্যত্বমুক্তম্ ; ইদানীং তস্য শ্রীঅঙ্গো গুণোপসংহার্য্যত্বং প্রতিপাদনায় আশ্রয়ভাবাধিকারণরম্ভঃ ; ইত্যধিকরণসঙ্গতিঃ ।

বিষয় ঃ—অথ আশ্রয়ভাবাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়িতুং পীঠিকামারচয়ন্তি–"এবমিতি । শ্রীগোপালতাপীন" ইতি ; স্ফুটম্ । তমেকং গোবিন্দং সচ্চিদানন্দমিতি । সমরুদ্গণং–একান্তভক্তদেবগণসহিতং ; প্রাকৃতানাং তত্র প্রবেশাসম্ভবাৎ । পরময়া–পরমোৎকর্ষপ্রতিপাদিকয়া স্তুত্যা

৩৩। আশ্রয়ভাবাধিকরণ

"পশ্যন্নপীমমাত্মানং কুর্য্যাৎ কর্ম্মাবিচারয়ন্। যদাত্মনঃ সুনিরতমানন্দোৎকর্ষমাপ্নুয়াৎ।" (মাধ্ব ভাঃ–৩/৪/৪/৩২) ইতি কৌষারবশ্রুতৌ সংশয়ঃ। লব্ধবিদ্যেন সনিষ্ঠেন কর্ম্মাণি কার্য্যাণি ? নবেতি। বিদ্যালক্ষণস্য তৎফলস্য প্রাপ্তত্বাৎ, ফল প্রাপ্তৌ সাধননিবৃত্তের্দৃষ্টত্বান্ন কার্য্যানীতি প্রাপ্তে–

যাগাদিকর্ম্মাণি নানুষ্ঠেয়ানি" ইতি বিপ্রতিপত্তিঃ সমাধানার্থং আশ্রমকর্ম্মাধিকরণারম্ভঃ" ইত্যধিকরণসঙ্গতিঃ।

বিষয় ঃ–অথ আশ্রমকর্ম্মাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়িতুং পীঠিকামারচয়ন্তি–"পূর্বসন্দর্ভে" ইতি। ত্রেধা ইতি–সনিষ্ঠঃ সর্বেষু শ্রীভগবদবতারেষু সমবুদ্ধিযুক্তঃ সাধকঃ পরীক্ষ্যতে ; অথ সনিষ্ঠভক্তস্য পরীক্ষাপ্রকারং কৌষারবশ্রুতিবাক্যেন আহঃ–"পশ্যন্" ইতি। ইমং আত্মানং "পশ্যন্" অপি অবিচারয়ন্ কর্ম্ম কুর্য্যাৎ, যৎ সুনিয়তঃ আত্মনঃ আনন্দোৎকর্ষং আপ্নুয়াৎ" ইত্যন্বয়ঃ।

বিদ্বান্ ব্রহ্মবিদ্যয়া আত্মানং–পরংব্রহ্ম শ্রীগোবিন্দদেবং পশ্যন্নপি–শ্রীগোবিন্দদেববিষয়লব্ধ-বিদ্যোঽপীত্যর্থঃ, অবিচারয়ন্ ইদং ময়া কর্ত্তব্যং ন কর্ত্তব্যং বা ইতি বিচারং পরিত্যজন্ কর্ম্ম–বিদ্যোত্তরকালিকমগ্নিহোত্রাদি নিষ্কামকর্ম্ম কুর্য্যাদিতি। তৎ কর্ম্মাচরণং যদিসুনিয়তং সম্যক্‌রূপেণ সম্পাদিতং স্যাৎ তদা আত্মনঃ–শ্রীগোবিন্দদেবাদ্হেতোঃ আনন্দোৎকর্ষং–বিদ্যাবৃদ্ধিরূপং ফলমাপ্নুয়াদিত্যর্থঃ ; ইতি বিষয়বাক্যম্।

সংশয় ঃ–অত্র কৌষাবরশ্রুতিবাক্যে ভবতি সংশয়ঃ–"লব্ধবিদ্যেন" ইতি স্পষ্টম্। তথাচ–লব্ধবিদ্যঃ

শাস্ত্র বিরোধ হেতু সজ্ঞাত ব্রহ্মবিদ্যা সাধকের বর্ণাশ্রমোচিত যাগাদি কর্ম্মসকল অনুষ্ঠান করা কর্ত্তব্য নহে' এই বিপ্রতিপত্তি সমাধানের নিমিত্ত আশ্রম কর্ম্মাধিকরণের আরম্ভ করিতেছেন' ইহাই অধিকরণ সঙ্গতি।

বিষয়— অতঃ পর আশ্রম কর্ম্মাধিকরণের বিষয়বাক্য অবততরণের নিমিত্ত পীটিকা রচনা করিতেছেন- পূর্ব্বেতি। পূর্ব্বসন্দর্ভে সনিষ্ঠাদিভেদে ত্রিবিধ ভক্তি সেবক নিরূপিত হইয়াছে, অর্থাৎ সনিষ্ঠ পরিনিষ্ঠিত ও নিরপেক্ষ এই তিন প্রকার হয়েন, সেই লব্ধবিদ্য ত্রিবিধ সাধকগণের মধ্যে বর্ণাশ্রমাচার কি ভাবে হইবে? ইহাই ব্যবস্থা করিবার নিমিত্ত ইহা আরম্ভ করিতেছেন, তন্মধ্যে সনিষ্ঠ ভক্ত পরীক্ষা করিতেছেন। অর্থাৎ সনিষ্ঠ সকল শ্রীভগবদবতারে সমবুদ্ধি যুক্ত সাধকের পরীক্ষা করিতেছেন। অথ সনিষ্ঠ ভক্তের পরীক্ষা প্রকার কৌষারব শ্রুতি বাক্যের দ্বারা বলিতেছেন- পশ্যন্নিতি। বিদ্বান সাধক এই আত্মাকে দর্শন করিয়াও অবিচারে কর্ম্ম করিবে, কারণ সুনিয়ত হইলে আত্মার আন্দোৎকর্ষ প্রাপ্ত হয়। অর্থাৎ বিদ্বান সাধক ব্রহ্মবিদ্যার দ্বারা আত্মা পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবকে দর্শন করিয়াও, শ্রীগোবিন্দদেব বিষয় লব্ধ বিদ্য হইয়াও অবিচারে' ইহা আমি করিব অথবা করিব না' এই প্রকার বিচার পরিত্যাগ করিয়া কর্ম্ম বিদ্যা লাভের পরেও অগ্নিহোত্রাদি নিষ্কাম কর্ম্ম করিবে, সেই কর্ম্মাচরণ যদি সুনিয়ত সম্যকরূপে সম্পাদিত হয়, তবে আত্মার শ্রীগোবিন্দদেব হইতে আনন্দোৎকর্ষ বিদ্যাবৃদ্ধিরূপ ফল লাভ করে, এই প্রকার বিষয়বাক্য।

॥ওঁ॥ বিহিতত্বাচ্চাশ্রমকর্ম্মাপি ॥ওঁ॥ ৩/৪/৬/৩২॥

"অপি" বর্ণধর্ম্মসমুচ্চয়ার্থঃ । তেন স্ববর্ণাশ্রমকর্ম্মাণি কার্য্যাণি । কুতঃ ? বিদ্যোপচিতয়ে । তং প্রতি তেষাং বিহিতত্বাদেব ॥৩২॥

সনিষ্ঠসাধকঃ বিদ্যোত্তরকালিকমগ্নিগ্ধহোত্রদর্শ পূর্ণমাসাদিকর্ম্মাণি কুর্য্যাৎ ন বা ইতি সংশয়বাক্যম্।

পূর্বপক্ষ :–এবং সংশয়বাক্যে পূর্বপক্ষমুদ্‌ভাবয়ন্তি–"বিদ্যালক্ষণস্য" ইতি । সুগমম্ । তথাহি–শ্রীগীতাসু–৩/১৭ যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ । আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে॥ তস্মাৎ লব্ধবিদ্যাসাধকস্য বিদ্যোত্তরকালিকং কর্ম্মানুষ্ঠানমনুচিতমিতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত :–ইতি পূর্বপক্ষেপ্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"বিহিতত্বাৎ" ইতি। বিহিতত্বাৎ–শাস্ত্রেষু বিহিতত্বাৎ, আশ্রমকর্ম্মাপি, আশ্রমোচিতানি যাগাদিকর্ম্মাণি অপি কার্য্যাণি । কুতঃ ? বিদ্যোপচিতয়ে' বিদ্যোৎকর্ষলাভায় ইত্যর্থঃ । ভাষ্যমতিরোহিতার্থম্ । তথাচাত্র শ্রুতিঃ–শ্রীভাষ্যম্–৩/৪/৩২ "যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতি" ইতি । অত্র "বিদ্যোপচিতয়ে" ইত্যস্যায়মর্থঃ–নিখিলপ্রাকৃতেন্দ্রিয়ব্যাপার বিলক্ষণ–অবিচ্ছিন্নমধুধারা ইব সন্ততা পরব্রহ্মানুসন্ধিরূপা মনোবৃত্তিঃ বিদ্যা ; সা খলু প্রাকৃতদেহেন্দ্রিয়াদিসংসর্গিণঃ প্রমাদেন পীড্যমানা ইব বর্ত্ততে ; তস্মাৎ তেষাং তদনুবর্ত্তনং দুঃসাধ্যা ভবতি ; অতো নিখিলেন্দ্রিব্যাপাররূপৈঃ সুশকৈরপ্রমাদৈশ্চ কর্ম্মাভিঃ সা পুষ্যমানা সতী নিরন্তরা বিবর্দ্ধতে;

সংশয়— এই কৌষারব শ্রুতিবাক্যে সংশয় হইতেছে- লব্ধেতি। লব্ধ বিদ্যসনিষ্ঠ কর্ত্তৃক কর্ম্মসকল করা উচিত? অথবা নহে? অর্থাৎ যিনি বিদ্যালাভ করিয়াছেন সেই সনিষ্ঠ সাধক বিদ্যালাভের পরে অগ্নিহোত্র দর্শপৌর্ণমাসাদি কর্ম্মসকল করিবেন? অথবা করিবেন না? ইহাই সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ— এইসংশয় বাক্যে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন- বিদ্যেতি। বিদ্যা ও তাহার ফলের প্রাপ্তি হেতু, ফল প্রাপ্তি হইলে সাধনের নিবৃত্তি দেখা যায়, সুতরাং তাহা করিতে হইবে না, শ্রীগীতায় বর্ণিত আছে- যে মানব আত্মরতি আত্মতৃপ্ত এবং আত্মাতেই সন্তুষ্ট তাহার কোন কর্ত্তব্য কর্ম্ম নাই। অতএব লব্ধ বিদ্যা সাধকের বিদ্যোত্তরকালিক দর্শপৌর্ণমাসাদি কর্ম্মানুষ্ঠান করা অনুচিতই হয়, এই প্রকার পূর্ব্বপক্ষবাক্য।

সিদ্ধান্ত— এইভাবে পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন- বিহিতেতি। বিহিতহেতু আশ্রমকর্ম্মও করিবে, অর্থাৎ বিহিত-শাস্ত্র বিহিত হেতু আশ্রমকর্ম্ম আশ্রমোচিত যাগাদি কর্ম্মও করিতে হইবে, কেন? বিদ্যোপচিত- বিদ্যার উৎকর্ষ লাভের নিমিত্ত ইহাই অর্থ হয়। অপি শব্দ বর্ণধর্ম্ম সমুচ্চয়ের নিমিত্ত প্রদত্ত হইয়াছে, সুতরাং লব্ধ বিদ্য সনিষ্ঠ সাধক বর্ণাশ্রমোচিত কার্য্যসকল আচরণ অবশ্যই করিবে, কেন? বিদ্যোপচিত হেতু, বিদ্যার উৎকর্ষ লাভের নিমিত্ত। সনিষ্ঠ সাধকের প্রতি শাস্ত্র সেই কর্ম্ম সকলের বিহিত করিয়াছেন। এই বিষয়ে শ্রুতিবাক্য- যতদিন সাধক জীবন ধারণ করিবে ততদিন অগ্নিহোত্র হবন করিবে।

ননু জাতায়ামপি বিদ্যায়াং পুনঃ কর্ম্মবিধানাৎ কিং জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়োঽভিমতঃ ? নেত্যাহ–

॥ওঁ॥ সহকারিত্বেন চ ॥ওঁ॥ ৩/৪/৬/৩৩॥

বিদ্যা সহকারিত্বেনৈব তেন কর্ম্মাণি কার্য্যাণি ; ন তু মুক্তিহেতুত্বেন । "তমেব বিদিত্বা" (শ্বে০–৩/৮) ইত্যাদৌ তস্যা এব তত্ত্বা বিধানাৎ । এতদুক্তং ভবতি–

তথাহি শ্রীগীতাসু–৯/২৭ যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ । যৎ তপস্যাসি কৌন্তেয় ! তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥ তস্মাত্তানি তৈরনুষ্ঠেয়ানীত্যর্থঃ–এবং শ্রীগীতাসু–১৮/৫ যজ্ঞদান তপঃকর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ । যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্ ॥ তত্রৈব–৩/১৯ তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচার । অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পুরুষঃ ॥ তস্মাৎ কর্ম্মাণাং বিহিতত্বাদেব তেষামাচরণং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥৩২॥

অথ বিদ্যাকর্ম্মণোঃ সমুচ্চয়মাশঙ্কয়ন্তি–"ননু" ইতি । স্পষ্টম্ । অথ জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়ো ন সম্ভবেৎ" ইত্যপেক্ষয়ামাহ ভগবান্ শ্রীবাদারায়ণঃ–সহেতি । বিদ্বান্ ব্রহ্মবিদ্যায়াঃ সহকারিত্বেন কর্ম্মাণি কুর্য্যাৎ । "বিদ্যা" ইতি ভাষ্যাংশং স্পষ্টম্ । তথাচ–কর্ম্মণা মোক্ষাভাবাৎ বিদ্যৈব তন্নির্দ্ধারণাৎ বিদুষাং কর্ম্মাচরণং ন মুখ্যাম্ ; কিন্তু বিদ্যোপচিতাবেব তেষামুপযোগ ইত্যর্থঃ ।

এইস্থলে বিদ্যোপচিত বাক্যের এই সারার্থ- নিখিল প্রাকৃতেন্দ্রিয় ব্যাপার হইতে বিলক্ষণ ভিন্ন অবিচ্ছিন্ন মধুধারার ন্যায় সর্ব্বদাই পরব্রহ্মানুসন্ধি চিন্তনরূপ যে মনোবৃত্তি তাহাই বিদ্যা বা ভক্তি, সেই ভক্তি প্রাকৃত দেহেন্দ্রিয়াদি সংসর্গি মানবগণের প্রমাদ কর্ত্তৃক নিপীড়িত হইয়া অবস্থান করেন, অতএব সেই প্রমাদি মানবগণের ভক্তির অনুবর্ত্তন করা দুঃসাধ্য হয়, অতঃ নিখিল ইন্দ্রিয় ব্যাপার রূপ সুকর অপ্রমাদ ও শাস্ত্র বিহিত কর্ম্মসকলের দ্বারা ভক্তি বা বিদ্যা পুষ্যমানা হইয়া নিরন্তর বর্দ্ধিতা হয়েন। শ্রীগীতায় বর্ণিত আছে- হে কৌন্তেয়! যাহা করিতেছ, যাহা ভোজন করিতেছ, যাহা হবন করিতেছ, যাহা দান ও তপস্যা করিতেছ তৎ সমস্তই আমাকে সমর্পণ কর। অতএব অগ্নিহোত্রাদি কর্ম্মসকল সনিষ্ঠ সাধক অনুষ্ঠান করিবেন। পুনঃ হে পার্থ! যজ্ঞদান তপস্যাদি কর্ম্ম ত্যজ্য নহে, তাহা কার্য্য অর্থাৎ কর্ত্তব্যই হয়, যজ্ঞদান ও তপ মনীষিগণের পাবন পবিত্রকারী কর্ম্ম হয়। অপর অতএব অনাসক্ত হইয়া কর্ত্তব্য কর্ম্ম আচরণ কর, অসক্ত হইয়া কর্ম্মাচরণ করিলে সাধক পুরুষ পরং সর্ব্বশ্রেষ্ঠ বিদ্যা লাভ করে। অতএব শাস্ত্রে কর্ম্ম সকলের বিহিত থাকা হেতু তাহাদের আচরণ করাই কর্ত্তব্য হয় ইহাই এই সূত্রের অর্থ।।৩২।।

অনন্তর বিদ্যা ও কর্ম্মের সমুচ্চয় আশঙ্কা করিতেছেন- নন্বিতি। যদি বলেন বিদ্যা জাত হইলে পরে পুনঃ কর্ম্মের বিধান কি জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়ে আপনাদের অভিমত হইতেছে? অনন্তর জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় সম্ভব নহে, এই অপেক্ষায় ভগবান শ্রীবাদরায়ণ বলিতেছেন- সহেতি। সহকারিরূপেই, বিদ্বান ব্রহ্মবিদ্যার সহকারি ভাবেই সর্ব্ব কর্ম্ম করিবে। সনিষ্ঠ সাধক বিদ্যার সহকারিরূপেই কর্ম্মসকল করিবে, কিন্তু

সনিষ্ঠেনাদৌ পরমাত্মানমুদ্দিশ্য স্বকর্ম্মাণ্যনুষ্ঠিতানি ; তেষু তদুদ্দেশেনৈব বিষোর্ণাদিবৎ তদ্‌বিষয়া বিদ্যা সমভূৎ ।

তৈরসৌ তামাসাদ্যাপি তদ্ বিবৃদ্ধয়ে তানি অনুতিষ্ঠতি । সা চ স্বোত্তরাণি তানি ন বিনাশয়তি ; অবিরোধাৎ । কিন্তু স্বর্গাদিবৈচিত্রীমনুভাবয়িতুং রক্ষত্যেব । "ন হাস্য কর্ম্ম ক্ষীয়তে" (বৃ০–১/৪/১৫) ইতি বৃহদারণ্যকাৎ ।

অথ আশ্রমকর্ম্মাধিকরণস্য সারার্থমাহঃ–এতদুক্তং ভবতীতি । সনিষ্ঠেন" ইতি । বিষোর্ণাদিবৎ–কমলমৃণালতন্তুবৎ । তথাচ–সনিষ্ঠভক্তেন শ্রীভগবদুদ্দেশ্যেন ক্রিয়মাণেন কর্ম্মণা পদ্মমৃণালতন্তুবৎ বিদ্যা জায়তে ; বহিঃ মৃণালবৎকন্টকাকীর্ণ দণ্ডবিশেষো দৃশ্যতে ; অন্তস্তু তৎ পরিপোষকতন্তুরপি জায়তে' ইতি। "তৈরসৌ" ইতি-অসৌ সাধকঃ তৈঃ কর্ম্মভিঃ তাং–ব্রহ্মবিদ্যামাসাদ্যাপি বিদ্যাবিবৃদ্ধয়ে তানি কর্ম্মান্যনুতিষ্ঠতি–করোতীত্যর্থঃ । আবিরোধাৎ–অনুসঙ্গিকস্বর্গাদিদর্শনহেতুত্বেন বিদ্যাফলে মোক্ষে বিরোধাকরণাদিত্যর্থঃ । "ন হাস্য" ইতি–"আত্মানমেব লোকমুপাস্তে ন হাস্য কর্ম্মক্ষীয়তে, অস্মাদ্ধ্যেবাত্মনো যদ্‌যৎ কাময়তে তত্তৎসৃজতে" ইতি তু কৃৎস্নশ্রুতিঃ । (বৃ০–১/৪/১৫)

ননু–এবং বিদ্যায়াঃ সকামত্বং স্যাদিতি চেৎ ? তত্রাহঃ–"নচেতি" স্পষ্টম্ । তথাচ–তেষাং বিদ্যোদয়োত্তরানুষ্ঠিতানাং কর্ম্মণাং স্বর্গাদি বৈচিত্র্যানুভবফলকত্বাৎ কাম্যত্বমিতি ন বাচ্যমিত্যর্থঃ । কুতঃ ?

মুক্তির নিমিত্ত নহে, কারণ 'তাহাকে জানিয়া মুক্তি লাভ হয়' ইত্যাদি শ্রুতিবাক্যে বিদ্যারই মুক্তি প্রদানে অভিহিত হইয়াছে। অর্থাৎ কর্ম্মের দ্বারা মোক্ষাভাব হেতু বিদ্যার দ্বারাই তাহা নির্দ্ধারণ করাহেতু বিদ্বানগণের কর্ম্মাচরণ মুখ্য নহে, কিন্তু বিদ্যাবর্দ্ধনের নিমিত্ত তাহাদের উপযোগ হয় এই অর্থ।

অনন্তর আশ্রম কর্ম্মাধিকরণের সারার্থ বলিতেছেন- এতদিতি। এইস্থলে বক্তব্য এই যে- সনিষ্ঠ ভক্ত প্রথমে পরমাত্মার উদ্দেশ্যে নিজের কর্ম্ম করিবে, সেই কর্ম্মসকল শ্রীভগবদুদ্দেশ্যের দ্বারাই বিষোর্ণা বৎ শ্রীভগবৎ বিষয়া বিদ্যা উৎপন্ন হয়। বিষোর্ণাদিবৎ- কমলমৃণালতন্তুবৎ, অর্থাৎ সনিষ্ঠ ভক্ত কর্ত্তৃক শ্রীভগবানের উদ্দেশ্যে ক্রিয়মান কর্ম্মের দ্বারা পদ্মমৃণাল তন্তুর সমান বিদ্যা জাত হয়, অর্থাৎ বাহিরে মৃণালবৎ কন্টকাকীর্ণদণ্ড বিশেষ দেখা যায়, কিন্তু ভিতরে কর্ম্মের পরিপোষক তন্তু ও জাত হয়। ভাষ্য- সেই কর্ম্মসকলের দ্বারা বিদ্বান বিদ্যালাভ করিয়াও বিদ্যা বৃদ্ধির নিমিত্ত তাহাদের অনুষ্ঠান করিবে, সেই বিদ্যা ও স্বোত্তর আচরিত কর্ম্মসকলকে বিনাশ করে না, কারণ তাহার বিরোধ হয় না। কিন্তু স্বর্গাদি বৈচিত্রী অনুভব করাইবার নিমিত্ত রক্ষা করে। অর্থাৎ এই সাধক সেই কর্ম্মসকলের দ্বারা ব্রহ্মবিদ্যা লাভ করিয়াও বিদ্যা বৃদ্ধির নিমিত্ত কর্ম্মসকল আচরণ করে। অবিরোধ আনুষঙ্গিক ভাবে স্বর্গাদি দর্শন হেতু বিদ্যার ফলে মোক্ষে বিরোধ করে না এই অর্থ। তাহার কর্ম্মক্ষয় হয় না, ইত্যাদি বৃহদারণ্যক শ্রুতি বাক্য হেতু। যে আত্মার লোককেই উপাসনাকরে তাহার কর্ম্মক্ষয় হয় না, অতএব আত্মা হইতে যাহা যাহা কামনা করে তাহাই সৃষ্টি করে' ইহাই

ন চ তেষাং তদনুভবফলকত্বাৎ কাম্যত্বম্ ; তেন তৎ কামনয়া অননুষ্ঠানাৎ । সনিষ্ঠো বিদ্বান্ ব্রহ্মপ্রাপ্নুবন্ননুসঙ্গাৎ স্বর্গাদিকর্মনুভবতি ।

"গ্রামং গচ্ছংস্তৃণং স্পৃশতি" ইতি, অত্র তৃণস্পর্শবৎ । স্বর্গাদ্যানন্দানুভব পূর্বকং ব্রহ্মপ্রেপ্সবে সনিষ্ঠায় বিদ্যৈব স পরিকর কর্মদ্বারা স্বর্গাদিকমনুভাবয়তি ; স্বদ্বারা ব্রহ্মপদমিতি শ্রুতিশ্চ এবমভিপ্রৈতি–"তং বিদ্যা" (বৃ০–৪/৪/২) ইত্যাদ্যা । ইত্থমেব তস্য সঙ্কল্পোঽপি বোধ্যঃ ।

তেন সনিষ্ঠেন ভক্তেন স্বর্গাদিবৈচিত্র্যানুভবেচ্ছয়া অনুষ্ঠানবিরহাদিত্যর্থঃ। অথ ব্রহ্মবিদঃ স্বর্গসুখানুভবপ্রকারং দর্শয়ন্তি–"সনিষ্ঠঃ" ইতি। "বোধ্যঃ" ইত্যন্তং সুগমম্। তথাচ–সনিষ্ঠৈর্মুমুক্ষুরেবং কামনয়া শ্রীভগবদারাধনেন প্রবর্ত্ততে–"নিষ্কামৈঃ কর্মভিঃ সমারাধিতঃ শ্রীভগবান্ প্রসীদন্ স্ববিষয়াং বিদ্যাং মে দদ্যাৎ ; সা চ বিদ্যা তৃণস্পর্শন্যায়েন স্বর্গাদিকমপি মাং দর্শয়ন্তী স্ববিষয়ং তং শ্রীভগবন্তং প্রাপয়েদিতি সা এব মে সর্বপ্রদা" ইত্থঞ্চ কর্মভিঃ স্বর্গাদিদিদৃক্ষাবিরহাৎ তেষাং কাম্যত্বং ন ইত্যর্থঃ।

ননু–নিষ্কামস্য ইচ্ছাবিরহাৎ কথং স্বর্গাদিকং পশ্যতি ? ইত্যপেক্ষয়ামাহুঃ–"নৈরপেক্ষ্য" ইতি। অয়ং নিরপেক্ষো বা ভোগলিপ্সুর্বা ইতি দেবাঃ তং পরীক্ষয়ন্তি। তদর্থে শ্রুতিবাক্যপ্রমাণমাহুঃ– "সর্বং" ইতি। পশ্যঃ সাধকঃ সর্বং স্বর্গাদিকং পশ্যতি ; অথ বিদ্বান্ স্বর্গং ন পশ্যতীতি শঙ্কামাহুঃ– নচেতি। "তদধিগম উত্তরপূর্বয়োরাশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাৎ" (ব্র০ সূ০–৪/১/১৯/১৩) ইত্যত্র সর্ববিধ পাপপূণ্যাদের্বিনাশশ্রবণাৎ কথং স্বর্গাদিকং পশ্যতি ? তত্র সমাধানমাহুঃ–"তস্য" ইতি। স্পষ্টম্।

সমগ্র শ্রুতি। যদি বলেন- এই প্রকারে বিদ্যার সকামত্ব সিদ্ধ হইবে? তদুত্তরে বলিতেছেন- নচেতি। যদি বলেন- সনিষ্ঠের কর্ম্ম সকলের স্বর্গানুভব ফলক হওয়া হেতু সকামত্ব হউক? তাহা বলিতে পারিবেন না, সনিষ্ঠ ভক্ত স্বর্গকামনায় তাহা অনুষ্ঠান করেন না, অর্থাৎ তাঁহাদের বিদ্যোদয়োত্তরকালে অনুষ্ঠিত কর্ম্মসকলে স্বর্গাদি বৈচিত্র্যানুভব ফল প্রদান করে এই হেতু কাম্য কর্ম্ম বলিতে পারিবেন না, কেন? সেই সনিষ্ঠ ভক্ত স্বর্গাদি বিচিত্র সুখানুভবের ইচ্ছায় কর্ম্মানুষ্ঠান বিরহ হেতু ইহাই অর্থ। অনন্তর ব্রহ্মবিদ্যের স্বর্গসুখানুভব প্রকার দেখাইতেছেন- সনিষ্ঠেতি। সনিষ্ঠ বিদ্বান পরব্রহ্ম প্রাপ্ত হইবার সময় আনুসঙ্গিকভাবে স্বর্গসুখাদি অনুভব করেন, যেমন ' গ্রামগমন কালে তৃণ স্পর্শকরা' এইস্থলে গ্রামগমন ঈপ্সিত তম কর্ম্ম, এবং তৃণস্পর্শাদি অনীপ্সিত তম কর্ম্ম বা সহজসাধ্য কর্ম্ম, এইভাবে তৃণ স্পর্ইবৎ স্বর্গসুখানুভব করান। স্বর্গাদি আনন্দানুভব পূর্ব্বক ব্রহ্ম লাভেচ্ছু সনিষ্ঠ ভক্তকে ব্রহ্মবিদ্যাই স্বপরিকর কর্ম্মদ্বারা স্বর্গাদি সুখানুভব করায়, এবং নিজদ্বারা ব্রহ্মপ্রাপ্ত করান, এই বিষয়ে শ্রুতিরও অভিপ্রায় এই— তাহাকে ব্রহ্মবিদ্যা ও কর্ম্মদ্বারা" ইত্যাদি। এই প্রকারেই সনিষ্ঠের সঙ্কল্পও জানিতে হইবে। অর্থাৎ সনিষ্ঠ মুমুক্ষু সাধক এই প্রকার কামনার প্রেরিত হইয়া

নৈরপেক্ষ্য পরীক্ষায়ৈ ক্বচিৎ স্বদ্বারাপি স্বর্গাদিকমুপস্থাপয়তি । "সর্বং হ পশ্যঃ পশ্যতি" ইত্যাদিশ্রুতেঃ । নচৈবং "তদধিগম" (ব্রে০ সূ০–৪/১/৯/১৩) ন্যায়বিরোধঃ ; তস্য স নিষ্ঠেতর বিষয়ত্বেনোপপত্তেঃ ।

সনিষ্ঠস্য স্বর্গাদ্যর্পকপুণ্যাংশ প্রারব্ধাংশৌ তদিতরস্য পরিনিষ্ঠিতাদেস্তু প্রারব্ধাংশমেব

সঙ্গতি ঃ–অথ আশ্রমকর্ম্মাধিকরণস্য সঙ্গতি প্রকারমাহঃ–"সনিষ্ঠস্য" ইতি । শেষমতিরোহিতার্থম্। অয়মত্র সারাংশমাহঃ–ব্রহ্মবিদ্যা খলু শ্রীগোবিন্দদেবচরণারবিন্দসেবানন্দমেব প্রদদাতি, ন তু স্বর্গাদিকং ; বিদ্যায়াস্তদ্দানানর্হত্বাৎ ; ন হি হ্লাদিনীসারসমবেত সম্বিৎসাররূপা সচ্চিদানন্দাত্মাপরমেশ্বরী ব্রহ্মবিদ্যা স্বর্গাদি জড়ং নশ্বরঞ্চ দদতী শ্লাঘ্যতে ; কিন্তু স্বপরিকরেণ স্বরক্ষিতেন কর্ম্মণা স্বর্গাদিকামিতেভ্যঃ তদ্দদাতি ;

তথাহি শ্রীভাগবতে–১/৩/১০

অকামঃ সর্বকামো বা মোক্ষকাম উদারধীঃ ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥ শ্রীএকাদশে–১১/২০/৩৩
সর্বং মদ্‌ভক্তিযোগেন মদ্‌ভক্তো লভতেঽঞ্জসা ।
স্বর্গাপবর্গম্ মদ্ধাম কথঞ্চিদ্ যদি বাঞ্ছতি ॥

পুনশ্চ তত্রৈব–১১/১৮/৪৭–বর্ণাশ্রমবতাং ধর্ম্ম এষ আচারলক্ষণঃ ।

স এব মদ্‌ভক্তিযুতো নিঃশ্রেয়সকরঃ পরঃ ॥ সুতরাং সাধকস্য স্বর্গাদ্যর্পকপুণ্যাংশো–

শ্রীভগবদারাধনায় প্রবর্ত্তিত হয়- নিষ্কামকর্ম্মের দ্বারা সমারাধিত হইয়া শ্রীভগবান প্রসন্ন পূর্ব্বক স্ববিষয়ক বিদ্যাই আমাকে প্রদান করিবেন, সেই বিদ্যা তৃণ স্পর্শ ন্যায়ে স্বর্গাদি লোকও আমাকে দর্শন করাইয়া নিজ বিষয় শ্রীভগবানকে প্রাপ্ত করাইবেন, সুতরাং বিদ্যাই সকল প্রদান করিবেন, এই প্রকার কর্ম্মের দ্বারা স্বর্গাদি দর্শনের বিরহ বশতঃ তাহাদের কামত্ব হয় না এই অর্থ।

যদি বলেন- নিষ্কাম সাধকের ইচ্ছা বিরহ হেতু কি প্রকারে স্বর্গ লোকাদি দর্শন করে? এই অপেক্ষায় বলিতেছেন- নৈরপেক্ষ্যেতি। সাধকের নিরপেক্ষতা পরীক্ষার নিমিত্ত কখনও নিজের দ্বারাও স্বর্গাদির উপস্থাপনা করেন, অর্থাৎ এই সনিষ্ঠ ভক্ত নিরপেক্ষ অথবা ভোগলিপ্সু দেবগণ পরীক্ষা করেন। এই বিষয়ে শ্রুতি বাক্য প্রমাণিত করিতেছেন- সর্ব্বমিতি। পশ্য সাধক সর্ব্ব স্বর্গাদি দর্শন করেন। অনন্তর বিদ্বান স্বর্গ দর্শন করে না' এই শঙ্কা করিতেছেন- নচেতি। যদি বলেন— তদধিগম' অর্থাৎ পরব্রহ্ম অবগত হইলে পরে উত্তর ক্রিয়মাণ পাপের অশ্লেষ হয়, এবং পূর্ব্ব সঞ্চিত পাপের বিনাশ হয়' এই স্থলে সর্ব্বপ্রকার পাপ পূণ্যাদির বিনাশ শ্রবণ হেতু কি প্রকারে স্বর্গ সুখাদি অনুভব করেন? তাহার সমাধান বলিতেছেন- তস্যেতি। এই ন্যায় বিরোধ হইবে না, কারণ তাহার সনিষ্ঠ সাধক ভিন্ন অন্য সাধক বিষয় হওয়ার নিমিত্ত উপপত্তি হইয়াছে, সুতরাং কোন শঙ্কার অবকাশ নাই।

বিহায়েতরৎ সর্বং কর্ম্ম বিনাশয়তীতি বিদ্যৈব স্বতন্ত্রাফলহেতু কর্ম্ম তু তস্যাঃ সহকারীতি সিদ্ধম্ ॥৩৩॥

বিদ্যোত্তরক্রিয়মাণ কর্ম্মরূপঃ ; প্রারব্ধাংশস্তু–বিদ্যোদয়াৎপ্রাক্ সঞ্চিতরূপঃ কর্ম্ম, সম্প্রত্যপি ফলং দাতুং প্রবৃত্তঃ । তৌ দ্বৌ বিহায় অন্যদনারব্ধফলং সঞ্চিতং কর্ম্মবিদ্যা সনিষ্ঠস্য সর্বং নির্দ্দহতি । পরিনিষ্ঠিতস্য–প্রারব্ধেতরং সঞ্চিতং নির্দ্দহতি ; ক্রিয়মাণন্তু বিশ্লেষয়তি । নিরপেক্ষস্য–প্রারব্ধেতরং সঞ্চিতং সর্বংনির্দ্দহতীতি সর্বতন্ত্র-স্বতন্ত্রা ব্রহ্মবিদ্যা ইত্যর্থঃ ॥৩৩॥

সহকারিস্বরূপেণ বিদ্যায়াঃ কর্ম্মমাচরেৎ ।
তয়ৈব সর্বসিদ্ধিঃ স্যাৎ তস্মাদ্ বিদ্যাংসমাশ্রয়েৎ ॥
ইতি আশ্রয়কর্ম্মাধিকরণং ষষ্ঠং সম্পূর্ণম্ ॥৬॥

সঙ্গতি– অনন্তর আশ্রমকর্ম্মাধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন- সনিষ্ঠেতি। সনিষ্ঠ সাধকের স্বর্গাদি অর্পণকারী পুণ্যাংশ, এবং প্রারব্ধাংশ, অন্য পরিনিষ্ঠিত ও নিরপেক্ষ সাধকের কেবলমাত্র প্রারব্ধাংশই পরিত্যাগ করিয়া বিদ্যা অন্যান্য সকল কর্ম্ম বিনাশ করেন, সুতরাং বিদ্যাই স্বতন্ত্রভাবে ফল দানে হেতু বা সমর্থ, কর্ম্ম বিদ্যার সহকারী কারণ মাত্র ইহাই সিদ্ধ হইল। এইস্থলে সারাংশ বলিতেছেন- ব্রহ্মবিদ্যা নিশ্চিত রূপে শ্রীগোবিন্দদেব চরণাবিন্দের সেবা মাত্রই প্রদান করেন, কিন্তু স্বর্গাদি নহে। কারণ বিদ্যার তাহা দান করা উচিত নহে, কারণ- হ্লাদিনী সার সমবেত সম্বিৎসাররূপ সচ্চিদানন্দাত্মা পরমেশ্বরী ব্রহ্মবিদ্যা জড় ও নশ্বর প্রদান করেন, ইহা তাঁহার শ্লাঘা বা প্রসংশা নহে। কিন্তু স্বপরিকর নিজ রক্ষিত কর্ম্মের দ্বারা স্বর্গাদি কামি ভক্তগণকে তাহা দান করেন। এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে- কামরহিত সর্ব্বকামী ও মোক্ষকামী উদারবুদ্ধি তীব্র ভক্তিযোগের দ্বারা পরমপুরুষ শ্রীগোবিন্দদেবকে যজনা করিবেন। শ্রীএকাদশে- শ্রীভগবান্ কহিলেন- আমার ভক্ত আমার ভক্তিযোগের দ্বারা স্বর্গ অপবর্গ মুক্তি প্রভৃতি সকল সত্তর লাভকরে, কথঞ্চিৎ আমার ধাম যদি বাঞ্ছা করে তাহাও লাভ করে। পুনঃ বর্ণাশ্রমবাসিগণের এই প্রকার আচার লক্ষণই ধর্ম্ম হয়, সেই ধর্ম্ম যদি আমার ভক্তি যুক্ত হয়, তাহা হইলেই পরম মঙ্গল প্রদ হইয়া থাকে। সুতরাং সাধকের স্বর্গাদি প্রাপক পুণ্যাংশ হইল বিদ্যালাভের পরে ক্রিয়মান কর্ম্মরূপ। অপর প্রারব্ধাংশ বলিতে -বিদ্যোদয়ের পূর্ব্বে সঞ্চিত রূপ কর্ম্ম, সম্প্রতি ফল প্রদানে প্রবৃত্ত। এই দুইটি পরিত্যাগ করিয়া অন্য অনারব্ধ ফল সঞ্চিত কর্ম্ম ব্রহ্মবিদ্যা সনিষ্ঠ সাধকের সকল বিনাশ করেন। পরিনিষ্ঠিতের প্রারব্ধ ভিন্ন অন্য সঞ্চিত কর্ম্ম ভস্ম বা বিনাশ করেন, এবং ক্রিয়মান কর্ম্ম বিশ্লেষ পৃথক করেন। নিরপেক্ষের প্রারব্ধ কর্ম্ম বিনা অন্য সঞ্চিতাদি সকল বিনাশ করেন, সুতরাং ব্রহ্মবিদ্যা সর্ব্বতন্ত্র স্বতন্ত্রা ইহাই সুসিদ্ধান্ত এই অর্থ। বিদ্যার সহকারী স্বরূপে কর্ম্মাচরণ করিতে হইবে, কারণ বিদ্যার দ্বারাই সর্ব্বসিদ্ধি লাভ হইবে, অতএব বিদ্যাকেই আশ্রয় করিবে ইহাই এই অধিকরণার্থ।।৩৩।।

এই প্রকার আশ্রম কর্ম্মাধিকরণ ষষ্ঠ সমাপ্ত।।৬।।

৭॥ "ভাগবদ্ধর্ম্মাধিকরণম্"—

অথ পরিনিষ্ঠিতঃ পরীক্ষ্যতে। "আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবান্" (মু০—৩/১/৪) ইত্যাদি শ্রূয়তে। অত্র পরিনিষ্ঠিতস্য লোকার্থং বর্ণাশ্রমধর্ম্মাঃ কর্ত্তব্য তয়া প্রাপ্তাঃ প্রীত্যর্থং শ্রবণাদয়ো ভাগবতধর্ম্মাশ্চ তেষামুভয়েষাং যুগপৎ প্রাপ্তৌ কিং তে

৭॥ "ভাগবদ্ধর্ম্মাধিকরণম্"

পরিনিষ্ঠিতবৈষ্ণবাঃ বর্ণাশ্রমক্রিয়াদয়ঃ।
পরিত্যজ্য সদা কৃষ্ণমর্চ্চয়েদ্ ভক্তিভাবতঃ ॥

পূর্বস্মিন্ আশ্রমকর্ম্মাধিকরণে লব্ধবিদ্যস্য সনিষ্ঠস্য বর্ণাশ্রমোচিতং কর্ম্মানুষ্ঠানং যথা নিয়তং প্রতিপাদিতং; তথা পরিনিষ্ঠিতস্যাপি তন্নিয়তমস্তু ; তস্যাপি লোকনিন্দানিস্তার—লোকসংগ্রহফলেচ্ছুত্বসম্ভবাৎ ; ইতি শঙ্কায়াঃ সমাধানার্থং ভাগবদ্ধর্ম্মাধিকরণারম্ভঃ। ইত্যধিকরণসঙ্গতিঃ।

বিষয় ঃ—অথ ভাগবদ্ধর্ম্মাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—অথেতি। পরিনিষ্ঠিতঃ—লোকসংজিঘৃক্ষয়া মাত্র মর্ম্মাণ্যাচরন্তঃ। তম্ পরীক্ষ্যতে। আত্মক্রীড়ঃ" ইতি—আত্মনি শ্রীগোবিন্দদেবে তদ্ধাম্নি বা ক্রীড়া—ক্রীড়নং যস্য, নান্যত্র পুত্রদারাদিষু সঃ ; আত্মরতিঃ—আত্মনি শ্রীগোবিন্দদেবে রীতরমণং প্রীতির্যস্য সঃ ; তথাপি সঃ ক্রিয়াবান্ গৌণকালে যাগাদি স্বধর্ম্মানুষ্ঠানকারী এষ এব ব্রহ্মবিদাং বরিষ্ঠঃ, সর্বশ্রেষ্ঠ ইত্যর্থঃ। তথাচ—পরিনিষ্ঠিতসাধকোঽপি কদাচিদ্‌গৌণকালে জনসংগ্রহায় স্বধর্ম্মানুরূপকর্ম্মানুষ্ঠানং যাগাদিকর্ম্মানুষ্ঠানং

৭।। ভাগবদ্ধর্ম্মাধিকরণ

অনন্তর ভাগবদ্ধর্ম্মাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। পরিনিষ্ঠিত বৈষ্ণবগণ বর্ণাশ্রমোচিত ক্রিয়াদি পরিত্যাগ করিয়া সর্ব্বদা ভক্তি ভাবে শ্রীকৃষ্ণকে অর্চ্চনা করিবে। পূর্ব্বে আশ্রমকর্ম্মাধিকরণে লব্ধবিদ্যসনিষ্ঠ সাধকের যে প্রকার বর্ণাশ্রমোচিত কর্ম্মানুষ্ঠান যেমন নিয়ত কর্ত্তব্য বলিয়া প্রতিপাদন করিয়াছেন, সেই প্রকার পরিনিষ্ঠিত সাধকেরও তাহা নিয়ত কর্ত্তব্য হউক? কারণ তাঁহারাও লোকনিন্দা নিস্তার এবং লোকসংগ্রহেচ্ছুত্ব সম্ভব হেতু এই আশঙ্কার সমাধান হেতু ভাগবদ্ধর্ম্মাধিকরণের আরম্ভ করিতেছেন, ইহাই অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয়— অনন্তর ভাগবদ্ধর্ম্মাধিকরণের বিষয়বাক্যের অবতারণা করিতেছেন- অথেতি। অথ পরিনিষ্ঠিত সাধক পরীক্ষা করিতেছেন, পরিনিষ্ঠিত লোক সংগ্রহের ইচ্ছাই মাত্র কর্ম্মাচরণ করেন, তাঁহাকে পরীক্ষা করিতেছেন। আত্মক্রীড়েতি- আত্মক্রীড় আত্মরতি ক্রিয়াবান হয়েন' ইত্যাদি শ্রবণ করা যায়, অর্থাৎ আত্মা শ্রীগোবিন্দদেব তাহার সঙ্গে অথবা তাঁহার ধামে যে ক্রীড়াকরেন, অন্যত্র পুত্রদারাদিতে নহে, সেই আত্মক্রীড়, আত্মাশ্রীগোবিন্দদেবে রতি রমণ বা প্রীতি যাহার সেই আত্মরতি, তথাপি সেই সাধক ক্রিয়াবান, গৌণকালে যাগাদি ধর্ম্মানুষ্ঠানকারী এই সাধকই ব্রহ্মবিদগণের শ্রেষ্ঠ ইহাই অর্থ। তথাচ- পরিনিষ্ঠিত সাধকও

ক্রমেণানুষ্ঠেয়াঃ? কিং বা আদ্যান্ বিহায়োত্তরে তে ? ইতি সন্দেহে–যুগপদনুষ্ঠানাসম্ভবাৎ বিহিতানাং ত্যাগে দোষাচ্চানির্ণয়েন ভাব্যমিতি প্রাপ্তে–

॥ওঁ॥ সর্বথাপি ত এবোভয়লিঙ্গাৎ ॥ওঁ॥৩/৪/৭/৩৪॥

অপিরবধারণে । সর্বথৈব স্বধর্ম্মানুরোধমকৃত্বা এবেত্যর্থঃ । পরিনিষ্ঠিতেন তেন ভাগবদ্ধর্ম্মা এবানুষ্ঠেয়াঃ । স্বধর্ম্মাস্তু কথঞ্চিৎ গৌণকালে । এবং কুতঃ ? তত্রাহ–

বা কুর্য্যাদিতি বিষয়বাক্যম্ ।

সংশয় *ঃ*–অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ ; "অত্র" ইতি । অত্র পরিনিষ্ঠিতস্য সাধকস্য লোকসংগ্রহার্থং বর্ণাশ্রমধর্ম্মাঃ কর্ত্তব্যতয়া প্রাপ্তাঃ ; তথা প্রীত্যর্থং–শ্রীগোবিন্দদেব প্রীত্যর্থং শ্রীনামসংকীর্ত্তন শ্রবণাদয়ো ভাগবদ্ধর্ম্মাশ্চ কর্ত্তব্যতয়া প্রাপ্তা ইত্যর্থঃ । শ্রবণাদয়োভগবদ্ধর্ম্মাঃ–শ্রীভাগবতে–৭/৫/২৩ শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্ । অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্ ॥ ইতি ।
অথ আশঙ্কাপ্রকারমাহঃ–তেষামিতি । তেষাং কর্ম্মণাং, শ্রবণাদীনাঞ্চ ; শেষমতিরোহিতার্থম্। ইতি সংশয়বাক্যম্।

পূর্বপক্ষ *ঃ*–ইতি সন্দেহে জাতে পূর্বপক্ষমুপস্থাপয়ন্তি–"যুগপদিতি"। তেষাং কর্ম্মাণাং ভাগবদ্ধর্ম্মাণাঞ্চযুগপদেকদৈব অনুষ্ঠানাসম্ভবাৎ–শেষমিতিসুগমম্ । তস্মাদনির্ণয়েন ভাব্যম্–নির্ণয়াভাবোঽস্তু ইতি ; ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত *ঃ*– ইতি পূর্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগভান্ শ্রীবাদরায়ণঃ– "সর্বথাপি" ইতি। সর্বথাপি–পরিনিষ্ঠিতেন ভাগবতেন স্বধর্ম্মানুরোধমকৃত্বা সর্বতোভাবেন তে শ্রবণাদিভগবদ্ধর্ম্মা এব

কদাচিৎ গৌণকালে জনসংগ্রহের নিমিত্ত স্বধর্ম্মানুষ্ঠানরূপ কর্ম্মানুষ্ঠান অথবা যাগাদি কর্ম্মানুষ্ঠান আচরণ করিবেন ইহাই বিষয় বাক্য।

সংশয়— এই বিষয় বাক্যে সন্দেহ ইহতেছে- অত্রেতি। এই স্থলে পরিনিষ্ঠিত সাধকের লোসংগ্রহের নিমিত্ত বর্ণাশ্রম ধর্ম্মসকল কর্ত্তব্যতারূপে প্রাপ্ত হইতেছে, এবং প্রীতির নিমিত্ত শ্রবণাদি ভাগবদ্ধর্ম্মসকলও কর্ত্তব্যতারূপে প্রাপ্ত হইতেছে। অর্থাৎ পরিনিষ্ঠিত সাধকের লোকসংগ্রহের জন্য বর্ণাশ্রমধর্ম্ম যাগাদি দর্শপৌর্ণমাসাদি কর্ত্তব্যরূপে দেখা যায়, অপর শ্রীগোবিন্দদেব প্রীতির নিমিত্ত শ্রীনাম সঙ্কীর্ত্তন শ্রবণাদি ভাগবদ্ধর্ম্মসকল কর্ত্তব্যরূপে প্রাপ্ত হইতেছেন ইহাই অর্থ। শ্রবণাদি ভাগবতদ্ধর্ম্ম সকল শ্রীভাগবতে বর্ণিত আছে- শ্রীবিষ্ণুর নাম শ্রবণ কীর্ত্তন স্মরণ পাদ সেবন অর্চ্চনা বন্দনা দাস্যভাব সখ্যভাব ও আত্মনিবেদন। অনন্তর আশঙ্কা প্রকার বলিতেছেন- তেষামিতি। সেই উভয় কর্ম্ম ও শ্রবণাদি উভয়ের যুগপৎ প্রাপ্তি হইলে পরে তাহা কি ক্রম পূর্ব্বক অনুষ্ঠান করিতে হইবে? অথবা প্রথম কর্ম্মসকলকে পরিত্যাগ করিয়া উত্তরে ভাগবদ্ধর্ম্ম সকল আচরণ করিবে? এই প্রকার সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ— এই প্রকার সন্দেহ হইলে পরে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন- যুগপদিতি। বর্ণাশ্রম

উভয়েতি। "তমেবৈকং জানথ" (মু০–২/২/৫) ইত্যাদি শ্রুতিলিঙ্গাৎ। "মহাত্মানস্তু মাং পার্থ! দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ। ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্ ॥ সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ। নমস্যন্তশ্চ মাং নিত্যং নিত্যযুক্তা উপাসতে ॥ (গী০–৯/১৩/১৪) ইত্যাদি স্মৃতিলিঙ্গাচ্চ ॥৩৪॥

অনুষ্ঠেয়াঃ ; কথঞ্চিদ্ গৌণকালে তু স্বধর্ম্মাচরণং কর্ত্তব্যম্ । এবং কুতঃ ? তত্রাহ–উভয়লিঙ্গাৎ" ইতি। শ্রুতি–স্মৃতি উভয়প্রমাণ বিদ্যমানত্বাদিত্যর্থঃ । ভাষ্যমতিরোহিতার্থম্ ।

অথ–"উভয়লিঙ্গাৎ" ইত্যস্যার্থমাহঃ–"এবম্" ইতি । "তমেবৈকম্" ইতি–"আত্মানমন্যা বাচো বিমুঞ্চথ অমৃতস্যৈষ সেতুঃ" ইতি বাক্যশেষঃ । ব্যাখ্যা চ–তং শ্রীগোবিন্দদেবং এব একং অনন্যং স্বেতরসর্ব্বনিয়ামকং সর্বেশ্বরং জানথ ; তদ্‌বিজ্ঞানেনৈব বিমুক্তিঃ, যতঃ স এব অমৃতস্য সেতুঃ ! এবং শ্রীগীতাসু–৭/১৪ "মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে" শ্বেতাশ্বরোপনিষদি চ–৬/১৫ তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি । ইতি শ্রুতিলিঙ্গাৎ–প্রমাণাদিত্যর্থঃ । এবং শ্রুতিলিঙ্গমুক্ত্বা স্মৃতিলিঙ্গামাহঃ–"মহাত্মানঃ" ইতি । হে পার্থ ! মহাত্মানঃ তু দৈবীং প্রকৃতিং আশ্রিতাঃ অনন্যমনসঃ (সন্তঃ) ভূতাদিং অব্যয়ং মাং জ্ঞাত্বা ভজন্তীত্যন্বয়ঃ ।

অথ শ্রীগীতাভূষণভাষ্যম্–তর্হি কে ত্বামাদ্রিয়ন্তে ? তত্রাহ–"মহাত্মানঃ" ইতি । যে নরাকৃতিপরব্রহ্মমত্তত্ত্ববিৎ সৎ প্রসঙ্গেন তাদৃশমন্নিষ্ঠয়া বিস্তীর্ণাঃ অগাধমনসো মদীয়েঽপি

ধর্ম্ম ও ভাগবদ্ধর্ম্ম এই উভয়ের যুগপৎ এককালে অনুষ্ঠান করা অসম্ভব হেতু, শাস্ত্র বিহিত কর্ম্মসকলের ত্যাগে দোষ হেতু, অনির্ণয়ই হউক, নির্ণয়ের অভাবই হইবে, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত- এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান্ শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন- সর্ব্বথাপীতি। সর্ব্বথাই তাহা করিবে, উভয়লিঙ্গহেতু, অর্থাৎ পরিনিষ্ঠিত সাধকগণ স্বধর্ম্মানুরোধ না করিয়া সর্ব্বতোভাবে সেই শ্রবণ কীর্ত্তনাদি ভাগবদ্ধর্ম্মসকলই অনুষ্ঠান করিবেন, কখনও গৌণকালে কিন্তু স্বধর্ম্মাচরণ কর্ত্তব্য, এই প্রকার কেন? তাহা বলিতেছেন- উভয়লিঙ্গহেতু, অর্থাৎ শ্রুতি স্মৃতি উভয় প্রমাণ বিদ্যমান থাকা হেতু অর্থ। ভাষ্য- সর্ব্বথা স্বধর্ম্ম বিষয়ে অনুরোধ না করিয়াই এই অর্থ। পরিনিষ্ঠিত সাধক শ্রবণকীর্ত্তনাদি ভাগবদ্ধর্ম্ম সকলই অনুষ্ঠান করিবেন। এই প্রকার কেন? তাহা বলিতেছেন- উভয়েতি। অথ উভয়লিঙ্গাৎ এই অংশের অর্থ বলিতেছেন- এবমিতি। একমাত্র তাঁহাকেই জান, অর্থাৎ একমাত্র সেই আত্মাকেই জান, অন্য বাক্য ত্যাগ কর, ইহাই অমৃতের সেতু' ইহা পূর্ণাশ্রুতি। সেই শ্রীগোবিন্দদেবই এক অনন্য স্বেতরসর্ব্বনিয়ামক সর্ব্বেশ্বরকে জান, তাঁহার বিজ্ঞানেই মুক্তি লাভ হয়, কারণ তিনি একমাত্র অমৃতের সেতু। এবং শ্রীগীতায় বর্ণিত আছে- যাহারা একান্ত ভাবে আমার শরণ গ্রহণ করে তাহারা এই মায়া তরিয়া যায়। শ্বেতাশ্বতরে বর্ণিত আছে- তাঁহাকে জানিয়াই অতিমৃত্যু গমন করা যায় ইহা বিনা অন্য কোন পন্থা নাই, ইত্যাদিশ্রুতিবাক্য প্রমাণ হেতু এই অর্থ। এই প্রকার শ্রুতিলিঙ্গ বর্ণনা করিয়া স্মৃতি লিঙ্গ বলিতেছেন-

সহস্রশীর্ষাদ্যাকারেঽরুচয়ঃ তে মনুষ্যাঃ অপি দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ সন্তো নরাকৃতিং মাং মধ্যভূতাদি-বিধিরুদ্রাদি-সর্বকারণমব্যয়ং নিত্যঞ্চ জ্ঞাত্বা নিশ্চিত্য ভজন্তি সেবন্তে ; অনন্যমনসো নরাকার এব ময়ি নিখাতচিত্তাঃ" ইতি । সততমিতি-সততং মাং কীর্ত্তয়ন্তঃ, দৃঢ়ব্রতাঃ (সন্তঃ) যতন্তঃ চ ভক্ত্যা নমস্যন্তঃ চ নিত্যযুক্তাঃ উপাসতে" ইত্যন্বয়ঃ । অত্র শ্রীরামানুজভাষ্যম্-

অত্যর্থং মৎপ্রিয়ত্বেন মৎ কীর্ত্তন-যতন-নমস্কারৈর্বিনাক্ষণানুমাত্রে অপি আত্মধরণমলভমানাঃ, মদ্গুণবিশেষবাচীনি মন্নামানি স্মৃত্বা পুলকিতসর্বাঙ্গাঃ হষগদ্গদকণ্ঠাঃ ; শ্রীরাম নারায়ণ-কৃষ্ণ-বাসুদেব ইত্যেবমাদীনি "সততং কীত্তয়ন্তঃ" তথা এব "যতন্ত" মৎকর্ম্মসু অর্চ্চনাদিকেষু বন্দন-স্তবনকরণাদিকেষু তদুপকারকেষু ভবন-নন্দনবনকারণাদিকেষু চ দৃঢ়সঙ্কল্পাঃ যতমানাঃ ; ভক্তিভারাবনমিত মনোবুদ্ধ্যভিমান-পদদ্বয়করদ্বয়-শিরোভিঃ অষ্টাঙ্গৈঃ অচিন্তিত-পাংশু-কর্দ্দমশর্করাদিকে ধরাতলে দণ্ডবৎ প্রণিপতন্তঃ, সততং "মাং নিত্যযুক্তাঃ" নিত্যযোগেম্ আকাঙ্ক্ষমাণাঃ আত্মবন্তো মদ্দাস্যব্যবসায়িনঃ উপাসতে" ইতি । তস্মাৎ পরিনিষ্ঠিতানাং বর্ণাশ্রমোচিতধর্ম্মাচরণং ন নিয়তং ; কিন্তু কদাচিদ্ গৌণকালে এব ইত্যর্থঃ । যতো ভক্ত্যা এব তে কৃতার্থাঃ ॥৩৪॥

মহাত্মেতি। হে পার্থ! মহাত্মাগণ কিন্তু দৈবী প্রকৃতিকে আশ্রয় করিয়া অনন্যমনা হইয়া ভূতাদি ও অব্যয় আমাকে জানিয়া ভজনা করে, ইহা অন্বয়ার্থ। ব্যাখ্যা শ্রীগীতাভূষণভাষ্য- তবে কাহারা আপনাকে আদর করেন? তাহা বলিতেছেন- মহাত্মন ইতি।

যাহারা নরাকৃতি পরব্রহ্ম আমার তত্ত্বজ্ঞ মৎ প্রসঙ্গের দ্বারা তাদৃশ আমার নিষ্ঠা পূর্ব্বক বিস্তীর্ণ অগাধমনা আমার সহস্রশীর্ষাদি আকারে অরুচিযুক্ত সাধকগণ, সেই সাধকগণও দৈবী প্রকৃতিকে আশ্রয় করিয়া নরাকৃতি আমাকে মধ্যভূতাদি বিধিরুদ্রাদির সর্ব্বকারণ অব্যয় ও নিত্য এই প্রকার নিশ্চয় করিয়া সেবা অর্চ্চনাদি করে। অনন্যমনা নরাকার স্বরূপ যে আমি আমাতেই নিমগ্ন চিত্ত হইয়া এই অর্থ। সততমিতি- সতত আমাকে কীর্ত্তন করত দৃঢ় ব্রত হইয়া যত্ন করত, ভক্তি পূর্ব্বক নমস্কার করত নিত্যযুক্ত হইয়া উপাসনা করে, ইহা অন্বয়ার্থ। ব্যাখ্যা শ্রীরামানুজ ভাষ্য- অতিশয় আমার প্রিয়তাহেতু আমার কীর্ত্তন যতন ও নমস্কার বিনা একক্ষণ মাত্রও জীবন ধারণে অসমর্থ, আমার গুণবিশেষ বাচক নামাবলী স্মরণ করিয়া পুলকিত সর্ব্বদেহ হয়, হর্ষভরে গদ্গদকণ্ঠ হইয়া শ্রীরাম নারায়ণ কৃষ্ণ বাসুদেব' ইত্যাদি আমার নামসমূহ সর্ব্বদা কীর্ত্তন করত তথা যতন্তঃ আমার সেবাকার্য্য অর্চ্চন বন্দন স্তুতি প্রভৃতি, এবং তাহার উপকারক মন্দির উদ্যান তড়াগাদি সেবাকার্য্যে দৃঢ় সঙ্কল্প পূর্ব্বক যত্নশীল হইবে, এবং ভক্তিভাবে অবনমিত হইয়া মন বুদ্ধি অহঙ্কার পদদ্বয় করদ্বয় ও মস্তক এই অষ্ঠাঙ্গে বিলুণ্ঠিত পূর্ব্বক পাংশু ভস্ম কর্দ্দম কাঁকরাদি বিচার না করিয়া ধরাতলে দন্তবৎ প্রণিপাত পূর্ব্বক সতত আমাকে' নিত্যযুক্তাঃ' আমার নিত্যসংযোগ কামনা করিয়া কায়মনোবাক্যে আমার দাস্যে দৃঢ় সঙ্কল্পযুক্ত হইয়া আমার উপাসনা করে। ইত্যাদি স্মৃতি প্রমাণ আছে। অতএব পরিনিষ্ঠিত সাধকগণের বর্ণাশ্রমোচিত ধর্ম্মাচরণ নিয়ত সর্ব্বদা নহে, কিন্তু কদাচিৎ গৌণকালেই বুঝিতে হইবে ইহাই অর্থ। কারণ তাঁহারা ভাগবদ্ধর্ম্ম ভক্তির আচরণেই কৃতার্থ হইয়া থাকেন।।৩৪।।

উপোদ্বলকান্তরমাহ–

॥ওঁ॥ অনভিভবঞ্চ দর্শয়তি ॥ওঁ॥ ৩/৪/৭/৩৫॥

"নৈনং পাপ্মাতরতি, সর্বং পাপ্মানং তরতি, নৈনং পাপ্মাতপতি ; সর্বং পাপ্মানং তপতি" (বৃ০–৪/৪/২৩) ইতি বৃহদারণ্যক শ্রুতিঃ শ্রবণাদ্যনুরোধেন স্বাশ্রম ধর্ম্মাদ্যকরণে

অথ পরিনিষ্ঠিতানাং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি ন কার্য্যাণি' ইত্যত্র উপোদ্বলকান্তরং অন্যৎ পোষক বচনং–প্রমাণং বা আহ ভগবান্ শ্রীবাদরায়ণ'–"অনভিভবঞ্চ" ইতি । স্বাশ্রমোচিতধর্ম্মাণামকরেণেঽপি পরিনিষ্ঠিতানাং গৃহিনাং তজ্জনিতৈঃ দোষৈঃ অনভিভবং তেষাং স্থান ক্ষলনং ন ভবতি, তথাহি দর্শয়তি শ্রুতিরিতি ।

অথ অনভিভবপ্রকারং শ্রুতিপ্রমাণেন দর্শয়ন্তি–"নৈনম্" ইতি । এষ ব্রহ্মনিষ্ঠপুরুষঃ সর্বং পাপ্মানং স্বধর্ম্মাননুষ্ঠানজনিতং প্রত্যবায়ং তরতি ব্রহ্মবিদ্যাপ্রভাবেন সর্বমুল্লঙ্ঘয়তি ; এনং ব্রহ্মনিষ্ঠং পাপ্মা ন তরতি, ন ব্যাপ্নোতি, কিন্তু সবর্বং পাপ্মানং তরতি বিদ্যাপ্রভাবেন উত্তরয়তি ; এবং এনং শ্রীভগবদ্‌ভক্তং পাপ্মা ন তপতি, বর্ণাশ্রম–ধর্ম্মপালনাভাবদোষাগ্নিনা ন ভস্মী করোতি ; কিঞ্চ সর্বং পাপ্মানং তপতি ; ভাগবদ্ধর্ম্মপ্রভাবেন ভক্তিপ্রত্যবায়ং সর্বং নির্দ্দহতীত্যর্থঃ । "শ্রবণাদ্যনুরোধেন" ইতি ভাষ্যাংশং সুগমম্ ।

ননু–তথাত্বে–বি০–৩/৮/৯ বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্ । বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যৎ

অনন্তর পরিনিষ্ঠিত সাধকগণের বর্ণাশ্রমোচিত কর্ম্মসকল কর্ত্তব্য নহে, এইবিষয়ে ভগবান শ্রীবাদরায়ণ উপদ্বেলক অন্যরূপ পোষক বাক্য বা প্রমাণ বলিতেছেন- অনেতি। অনভিভব দেখা যায়, অর্থাৎ স্বাশ্রমোচিত ধর্ম্ম 'সকলের অকরণেও পরিনিষ্ঠিত গৃহিসাধকগণের তজ্জনিত দোষের দ্বারা অনভিভব স্থান হইতে পতনাদি হয় না, শ্রুতি তাহাই দেখাইতেছেন। অথ অনভিভব প্রকার শ্রুতি প্রমাণের দ্বারা সমর্থন করিতেছেন- নৈনমিতি। ব্রহ্মনিষ্ঠকে পাপ্‌মা ব্যাপ্ত করে না, সকল পাপ্‌মাকে ব্যপ্ত করে, তাহাকে পাপ তাপিত করে না, সকল পাপকেই তাপিত করে, ইত্যাদি বৃহদারণ্যক শ্রুতি আছে। অর্থাৎ এই ব্রহ্মনিষ্ঠ পুরুষ পাপসকলকে স্বধর্ম্ম অনুষ্ঠান জাত প্রত্যবায়কে তরতি, ব্রহ্মবিদ্যা প্রভাবে সকল উল্লঙঘন করে, এই ব্রহ্মনিষ্ঠকে পাপ ব্যাপ্ত করে না, কিন্তু সকল পাপ হইতে তরিয়া যায়, বিদ্যা প্রভাবে পর পারে গমন করে, এবং এই শ্রীভগবদ্ভক্তকে পাপ তাপিত করে না, অর্থাৎ বর্ণাশ্রম ধর্ম্মপালনের অভাব জনিত দোষাগ্নি তাহাকে ভস্মকরে না, কিন্তু পাপসকল দহন করে ইহাই অর্থ। শ্রীগোবিন্দদেবের নামকীর্ত্তনাদি শ্রবণের অনুরোধে স্বাশ্রমোচিত ধর্ম্মাচরণ না করিলে তজ্জন্য দোষে পরিনিষ্ঠিত সাধকের পরাভব হয় না, তাহাই শ্রুতি বলিতেছেন। অতএব বর্ণাশ্রম ধর্ম্মসকল পরিত্যাগ করিয়া ভক্তিধর্ম্ম সকলই আচরণ করা কর্ত্তব্য এই অর্থ। যদি বলেন- এই প্রকার স্বীকার করিলে বর্ণাশ্রমাচার যুক্ত সাধক পুরুষ কর্ত্তৃক পরমপুরুষ শ্রীবিষ্ণুকে আরাধনা করিবে, শ্রীবিষ্ণুকে তুষ্ট করিবার এই পন্থা, অন্য নাই' এই বাক্যের কি গতি হইবে? তদুত্তরে বলিতেছেন- বর্ণেতি। বর্ণাশ্রমাচার ইত্যাদি শ্রীবিষ্ণুপুরাণীয়বাক্যে কিন্তু তাদৃশ সাধক কর্ত্তৃক যে শ্রীভগবদারাধনা তাহাই শ্রীভগবানের সন্তোষের

তজ্জন্যৈঃ দোষৈঃ পরিনিষ্ঠিতস্যানভিভবং দর্শয়তি । অতস্তান্ হিত্বা ত এব কার্য্যঃ ইত্যর্থঃ। "বর্ণাশ্রমাচার" (বি০ পু০–৩/৮/৯) ইতি শ্রীবিষ্ণুপুরাণ বাক্যেতু তাদৃশেন যৎ তদারাধনং তদেব তত্তোষকরমিত্যেব মন্তব্যং ; ন তু কর্ম্মৈব তদারাধনমিতি ।

পূর্বত্র–যজ্ঞেশাচ্যুত গোবিন্দমাধবানন্তকেশব । কৃষ্ণ বিষ্ণো হৃষীকেশেত্যাহ রাজা স কেবলম্ ॥ নান্যজ্জগাদ মৈত্রেয় কিঞ্চিৎ স্বপ্নান্তরেষ্বপি । এতৎ পরং তদর্থঞ্চ বিনা

তত্তোষকারণম্ ॥ ইত্যস্য কা গতিঃ ? তত্রাহঃ–"বর্ণাশ্রমাচারবতা" পরিনিষ্ঠিতেন ভগবদ্ভক্তেন যদ্ শ্রীভগবদর্চ্চনং তদেব শ্রীভগবত্তোষকারকমিত্যর্থঃ । অথ বর্ণাশ্রমধর্ম্মবতাং পরিনিষ্ঠিতানাং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি অকরণে প্রত্যবায়াভাবং দর্শয়ন্তি–"পূর্বত্র" ইতি । "বর্ণাশ্রমাচারবতা" ইতি বাক্যাৎ প্রাগিত্যর্থঃ। স রাজা ভরতঃ–কেবলং যজ্ঞেশ ! হে অচ্যুত ! হে গোবিন্দ ! হে মাধব ! হে অনন্ত ! হে কেশব ! হে কৃষ্ণ ! হে বিষ্ণো ! হে হৃষীকেশ ! ইত্যহ ;

হে মৈত্রেয় ! রাজা ভরতঃ স্বপ্নান্তরেষু অপি অন্যৎ কিঞ্চিৎ ন জগাদ ন কথিতবান্ ; কিঞ্চ যজ্ঞেশাচ্যুতাদি নামবৃন্দং পরং কেবলং তদর্থঞ্চ–তদ্বাচ্যং শ্রীগোবিন্দদেবং বিনা অন্যাৎ কিঞ্চিদপি ন অচিন্তয়ৎ । কিং বহুনা তেন ভরতেন সমিৎ পুষ্প কুশাদীনাং–আদানং গ্রহণং দেবক্রিয়াকৃতে শ্রীগোবিন্দদেবস্যারাধনার্থং চক্রে ; এবমন্যানি কর্ম্মাণি অপি স যোগতাপসো নিঃসঙ্গঃ সন্ দেবক্রিয়াকৃতে এব চক্রে নান্যর্থমিত্যর্থঃ ।

তথাহি শ্রীভাগবতে–৫/৭/১১ তস্মিন্ বাব কিল স একলঃ পুলহাশ্রমোপবনে বিবিধ কুসুম-কিশলয়-তুলসিকাম্বুভিঃ কন্দ-মূল-ফলোপ হারৈশ্চ সমীহমানো ভগবত আরাধনং বিবিক্ত উপরতবিষয়াভিলাষ উপভৃতোপাশমঃ পরাং নিবৃতিমবাপ" ইতি । ইদমত্রবোদ্ধ্যম্–পরিনিষ্ঠিতৈঃ বৈষ্ণবৈরাশ্রমকর্ম্মাণি ন

কারণ হয় ইহা মনে করিতে হইবে, কিন্তু কর্ম্মের দ্বারাই তাঁহার আরাধনা হয় না, অর্থাৎ বর্ণাশ্রমাচার যুক্ত পরিনিষ্ঠিত ভগবদ্ভক্ত কর্ত্তৃক যে শ্রীভগবদর্চ্চন হয় তাহাই শ্রীভগবানের সন্তোষের কারণ হয় এই অর্থ।

অনন্তর বর্ণাশ্রমধর্ম্মযুক্ত পরিনিষ্ঠিত সাধকের বর্ণাশ্রমোচিত কর্ম্মসকল না করিলে কোন প্রত্যবায় হয় না তাহা দেখাইতেছেন- পূর্ব্বত্রেতি। বর্ণাশ্রমাচারবতা এই বাক্যের পূর্ব্বে বর্ণিত আছে- সেই রাজর্ষি ভরত কেবলমাত্র হে যজ্ঞেশ! হে অচ্যুত! হে গোবিন্দ! হে মাধব! হে অনন্ত! হে কেশব! হে কৃষ্ণ! হে বিষ্ণো! হে হৃষীকেশ! বলিতেছেন; হে মৈত্রেয়! সেই রাজা ভরত স্বপ্নান্তরেও অন্য কিঞ্চিৎ বলেন না, কিন্তু যজ্ঞেশ অচ্যুতাদি শ্রীকৃষ্ণচন্দ্রের নামাবলী কেবল তাহার অর্থ, বাচ্য শ্রীগোবিন্দদেব বিনা অন্য কোন প্রকার চিন্তা করেন না। অধিক কথা কি সেই রাজা ভরত সমিৎ পুষ্পকুশাদির গ্রহণও দেবক্রিয়া শ্রীগোবিন্দদেবের আরাধনার নিমিত্তই করেন, এবং অন্যান্য কর্ম্মসকলও সেই যোগ তাপস নিঃসঙ্গ পূর্ব্বক দেবক্রিয়ার নিমিত্তই করেন, অন্যের নিমিত্ত নহে এই অর্থ। শ্রীভাগবতে বর্ণিত আছে- রাজর্ষি ভরত একাকী সেই পুলহাশ্রমোপবনে বিবিধ কুসুম কিশলয় তুলসী জল কন্দমূল ফলোপহারের দ্বারা শ্রীভগবানের আরাধনা করত একান্তবাসী বিষয়াভিলাষ পরিত্যাগী উপভৃত উপসম যুক্ত হইয়া পরং আনন্দলাভ করিলেন।

নান্যদচিন্তয়ৎ ॥ সমিৎ পুষ্প কুশাদানং চক্রে দেবক্রিয়া কৃতে । নান্যানি চক্রে কর্ম্মাণি নিঃসঙ্গো যোগতাপসঃ ॥ (বি০–পু০–২/১৩/৯/১০-১১) ইতি ভরতে রাজ্ঞি তদেকনিষ্ঠা নিগদাৎ ॥৩৫॥

কার্য্যানি ; তথাহি শ্রীভাগবতে–১১/২০/৯ তাবৎ কর্ম্মাণি কুর্বীত ন নির্বিদ্যেত যাবতা । মৎ কথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥ ইতি তদনুষ্ঠিতেঃ শ্রীহরিভক্তিশ্রদ্ধা বাধত্ব স্মরণাৎ । তত্রৈব–১১/১১/৩২ আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ ময়া দিষ্টানপি স্বকান্ । ধর্ম্মাণ সন্ত্যজ্য যঃ সর্বান্ মাং ভজেত স সত্তমঃ॥ পুনস্তত্রৈব–১১/১২/১৪-১৫ তস্মাত্ত্বমুদ্ধবোৎসৃজ্য চোদনাং প্রতিচোদনাম্ । প্রবৃত্তং চ নিবৃত্তং চ শ্রোতব্যং শ্রুতমেব চ ॥ মামেকমেব শরণমাত্মানং সর্বদেহিনাম্ । যাহি সর্বাত্মভাবেন ময়া স্যা হ্যকুতোঽভয়ঃ॥

শ্রীগীতাসু–১৮/৬৬ সর্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ । অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ইতি স্বরূপতস্তেষাং ত্যাগস্মরণাৎ ; সত্যমেতৎ ; তথাপি–লোকসংগ্রহায় পরিনিষ্ঠিতৈঃ সাধকৈঃ তানি কর্ম্মাণি কার্য্যাণ্যেব ; তথাহি শ্রীগীতাসু–৩/১৯-২০ তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর । অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পুরুষঃ ॥ কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ ! লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি ॥ ইতি । ন চ পরিনিষ্ঠিতস্য যাগাদৌ শ্রদ্ধা বিরহাৎ তদনুষ্ঠানং তামসম্ ; তথাহি শ্রীগীতাসু–১৭/১৩ বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণম্ । শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে ॥ ইতি বাচ্যম্ ; শ্রীভগবদাজ্ঞপ্তত্বেন তত্রাপি তস্যাঃ সত্ত্বাৎ । কিঞ্চ–স্বরূপতঃ

এইস্থলে বোদ্ধব্য বস্তু ইহাই যে- পরিনিষ্ঠিত বৈষ্ণবগণ আশ্রমোচিত কার্য্য সকল করিবেন না, এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে- যে কাল পর্য্যন্ত সাধক নির্ব্বেদ প্রাপ্ত না হয় সেই কাল পর্য্যন্তই আশ্রমকর্ম্ম করিবে, অথবা যে সময় পর্য্যন্ত আমার লীলা কথায় শ্রদ্ধা না হয় তাবৎ কাল পর্য্যন্ত করিবে। সুতরাং আশ্রমকর্ম্ম অনুষ্ঠান করিলে শ্রীহরিভক্তি বিষয়ে শ্রদ্ধার বাধা শ্রবণ করা যায়। অপর আমার উপদিষ্ট আজ্ঞায় গুণদোষ প্রভৃতি ধর্ম্মসকল পরিত্যাগ করিয়া যে আমাকে ভজনা করে সেই সর্ব্ব শ্রেষ্ঠসাধক হয়। পুনঃ অতঃ হে উদ্ধব! তুমি চোদনা প্রতিচোদনা প্রবৃত্তি নিবৃত্তি শ্রোতব্য ও শ্রুত ইত্যাদি সকল পরিত্যাগ করিয়া সকল দেহ ধারিগণের আত্মা একামত্র আমারই শ্রবণ গ্রহণ কর, আমি তোমাকে সকলপ্রকার ভয় রহিত করিব। শ্রীগীতায় বর্ণিত আছে- হে পার্থ! সকল ধর্ম্ম পরিত্যাগ করিয়া একমাত্র আমার শরণ গ্রহণ কর, আমি তোমাকে সকল পাপ হইতে মুক্ত করিব, শোক করিও না। এই স্বরূপত আশ্রম ধর্ম্মের ত্যাগ শাস্ত্রে কথিত হইয়াছে। সত্যই কথিত হইয়াছে, তথাপি লোক সংগ্রহের নিমিত্ত পরিনিষ্ঠিত সাধক আশ্রমকর্ম্ম আচরণ করিবেন। এই বিষয়ে শ্রীগীতায় বর্ণিত আছে- হে পার্থ! অসক্ত হইয়া সতত কর্ত্তব্য কর্ম্ম আচরণকর, অসক্তভাবে কর্ম্মাচরণ করিয়া সাধক পুরুষ পরম পদলাভ করে। জনকাদি রাজর্ষিগণ কর্ম্মের দ্বারাই সিদ্ধিলাভ করিয়াছেন, সুতরাং লোকসংগ্রহের নিমিত্ত কর্ম্মসকল আচরণ কর। যদি বলেন- পরিনিষ্ঠিত সাধকের যাগাদিকর্ম্মে শ্রদ্ধাবিরহহেতু যাগানুষ্ঠান তামস কর্ম্ম হয়, শ্রীগীতায় বর্ণিত আছে- যে যাগ বিধিহীন অসৃষ্টান্ন মন্ত্র ও দক্ষিণা বিহীন এবং যাহা শ্রদ্ধা রহিত তাহা তামস যাগ বলিয়া কীর্ত্তিত হয়' ইহা বলিতে

৮॥ "বিধুরাধিকরণম্"–

তত্তৎকর্ম্মণাং সংত্যাগে তত্তদাশ্রমোচিতচিহ্নধৃতিধর্ম্মধ্বজিত্বায় কল্প্যেত ।

অপিচ–গৃহিপরিনিষ্ঠিতানাং বৈবাহিকবিধিমন্তরা দারস্বীকারে পারদারিকত্বদ্যাপত্তিশ্চ । তস্মাৎ পরিনিষ্ঠিতানাং গৌণকালে লোকসংগ্রহায় তদনুষ্ঠানমিতি সরসম্ । যদ্যেষাং ভক্ত্যভিনিবেশবশাৎ কদাচিৎ কর্ম্মানুষ্ঠানং ন স্যাৎ তথাপি তেষাং ন ক্ষতিঃ । তথাহি–শ্রীপদ্মপুরাণে–মৎ কর্ম্মকুর্বতাং পুসাং ক্রিয়ালোপো ভবেদ্ যদি । তেষাং কর্ম্মাণি কুর্বন্তি তিস্রঃ কোট্যো মহর্ষয়ঃ ॥ স্মরন্তি মম নামানি যে ত্যক্ত্বা কর্ম্ম চাখিলম্ । তেষাং কর্ম্মাণি কুর্বন্তি ঋষয়ো ভগবৎ পরাঃ ॥ ইতি । শ্রীভাগবতে চ–১১/২/৩৫ যানাস্থায় নরো রাজন্ ন প্রমাদ্যেত কর্হিচিৎ । ধাবন্ নিমীল্য বা নেত্রে ন স্খলেন্ন পতেদিহ ॥ তস্মাৎ পরিনিষ্ঠিতানাং শ্রবণাদয়ো ভক্তিধর্ম্মা এব পালনীয়াঃ ; কদাচিদ্ যাগাদয়ঃ ॥৩৫॥

ইতি ভাগবদ্ধর্ম্মাধিকরণং সপ্তমং সম্পূর্ণম্ ॥৭॥

৮॥ "বিধুরাধিকরণম্"

ভক্তিমাত্ররতা যে চ গোবিন্দসেবনোৎসুকাঃ ।
তেষাং বিধুরভক্তানাং নাস্ত্যাশ্রমোচিতা ক্রিয়া ॥

অথ পরিনিষ্ঠিতানাং ভক্তিপ্রধানানাং বৈষ্ণবানাং গৌণকালে লোকহিতায় কথঞ্চিৎ কর্ম্মানুষ্ঠানং

পারিবেন না, কারণ শ্রীভগবানের আদেশ হেতু সেই যাগাদিতেও পরিনিষ্ঠিতের শ্রদ্ধা বিদ্যমান আছে। অপর স্বরূপতঃ সেই সেই কর্ম্ম সকলের ত্যাগ করিলে পরে, সেই সেই আশ্রমোচিত চিহ্ন ধারণ করা ধর্ম্মধ্বজিত্বই প্রকাশ পায়। আরও পরিনিষ্ঠিত গৃহি সাধকের বিবাহাদি বিধি বিনা পত্নী স্বীকারে পারদারিকত্ব পরপত্নী গ্রহণ দোষ হয়। অতএব পরিনিষ্ঠিতের গৌণকালে লোক সংগ্রহের নিমিত্ত যাগাদি অনুষ্ঠান কর্ত্তব্য ইহাই সরস সিদ্ধান্ত। যদিও পরিনিষ্ঠিত সাধকগণের ভক্তি সাধনের প্রতি অভিনিবেশ বশতঃ কদাচিৎ কর্ম্মানুষ্ঠান না হয়, তথাপি তাঁহাদের কোন ক্ষতি হয় না, শ্রীপদ্মপুরাণে বর্ণিত আছে- শ্রীভগবান কহিলেন- আমার কর্ম্মকারিসাধক পুরুষের যদি ক্রিয়া লোপ হয়, তাহাদের সেই কর্ম্ম তিন কোটি মহর্ষিগণ সমাধান করেন। অপর যে অখিল কর্ম্ম পরিত্যাগ করিয়া কেবল আমার নাম সকল গ্রহণ করে, তাহাদের অবশিষ্ট কর্ম্মসকল ভগবৎপর ঋষিগণ সম্পন্ন করেন। শ্রীভাগবতে বর্ণিত আছে- হে রাজন্! যে ভাগদ্ধর্ম্ম আশ্রয় করিয়া সাধক নর প্রমাদগ্রস্ত হয় না, অপর যদি নেত্রনিমিলন করিয়াও ধাবিত হয় তথাপি পতিত বা স্খলিত হয় না। অতবএ পরিনিষ্ঠিত সাধকগণের শ্রবণাদি ভক্তিধর্ম্মই পালনীয়, কদাচিৎ যাগাদি কর্ম্ম।।৩৫।।

এই প্রকার ভাগবদ্ধর্ম্মাধিকরণ সপ্তম সম্পূর্ণ।।৭।।

৮।। বিধুরাধিকরণ

অনন্তর বিধুরাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। যে সাধকগণ ভক্তিমাত্রসাধনে নিরত থাকিয়া শ্রীগোবিন্দদেবের সেবায় সমুৎসুক থাকেন সেই বিধুর ভক্তগণের আশ্রমোচিতা ক্রিয়া নাই। ভক্তি প্রধান

এবং শাস্ত্রমেষু বিদ্যা দর্শিতা, তদুত্তরানুষ্ঠিতিশ্চ । অথ নিরাশ্রমেষু নিরপেক্ষেষু তে দ্বে দর্শ্যেতে । তত্রৈব নিরাশ্রমাপি গার্গী ব্রহ্মবিৎ পঠ্যতে । "অথাহ বাচক্নব্যবাচ-ব্রাহ্মাণা

প্রতিপাদিতং ; তদ্বন্নিরপেক্ষানামপি কথঞ্চিৎ তদস্তু ; যতঃ–তেষামপি কৃপালূনাং লোকহিতায় কথঞ্চিৎ তদপেক্ষণাৎ । অন্যথা তেষামাচরণং বীক্ষ্য লোকা ধর্ম্মভ্রষ্টাঃ স্যুঃ ; এবমাশঙ্কাসমাধানার্থং বিধুরাধিকরণারম্ভঃ ; ইত্যধিকরণসঙ্গতিঃ ।

বিষয় ঃ–অথ বিধুরাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়িতুং পীঠিকামারচয়ন্তি–"এবমিতি" । এবং সনিষ্ঠ-পরিনিষ্ঠিতেষু সাশ্রমেষু বিদ্যা প্রদর্শিতা ; তথা গৌণকালে কর্ম্মানুষ্ঠানশ্চ ; অথ নিরাশ্রমেষু নিরপেক্ষেষু ভক্তেষু তে দ্বে ব্রহ্মবিদ্যা–কর্ম্মানুষ্ঠানে দর্শ্যেতে । তত্রচ–বৃহদারণ্যকোপনিষদি ; বচক্নোরপত্যং স্ত্রী বাচক্নবী, গার্গী ইত্যর্থঃ । অথ বিদেহানাং রাজা জনকো বহুদক্ষিণা যুক্তং যজ্ঞং চকার ; তত্র সর্বশ্রেষ্ঠব্রহ্মজ্ঞ–পরীক্ষার্থং গবাংসহস্রং অবরুরোধ, তেষু চ শৃঙ্গয়োঃ দশ দশ পাদাঃ সুবর্ণং অবদ্ধয়ামাস ; কিন্তু ব্রাহ্মণাঃ গাঃ গ্রহিতুং ন সমর্থাবভূবুঃ ; তদা যাজ্ঞবল্ক্যঃ সঞ্জগ্রাহ ; এবং কৃতে সতি সর্বে ব্রাহ্মণাঃ তমপৃচ্ছন্ ; এবং প্রশ্নক্রমে গার্গী আদৌ কিঞ্চিৎ পৃষ্ট্বা পুনরুবাচ–হে ব্রাহ্মণাঃ । ভগবন্তঃ ! সর্বজ্ঞকল্পাঃ ! অহং ইমং যাজ্ঞবল্ক্যং দ্বৌ প্রশ্নৌ প্রক্ষ্যামি ? অত্র বাচক্নব্যাঃ ব্রহ্মবিত্ত্বং গম্যতে ; তস্যাঃ সর্বপ্রশাসক পরব্রহ্মবিষয়ক প্রশ্ন শ্রবণাৎ । ইতি বিষয়বাক্যম্ ।

পরিনিষ্ঠিত বৈষ্ণবগণের গৌণকালে লোক হিতের নিমিত্ত কথঞ্চিৎ কর্ম্মানুষ্ঠান করা কর্ত্তব্য' ইহা প্রতিপাদন করিয়াছেন, সেই প্রকার নিরপেক্ষ বৈষ্ণবগণেরও কথঞ্চিৎ কালে কর্ম্মানুষ্ঠান করা হউক? কারণ সেই কৃপালুগণের লোকহিতের নিমিত্ত কোনসময় তাহার অপেক্ষা আছে। অন্যথা তাঁহাদের আচরণ দর্শন করিয়া মানব ধর্ম্ম ভ্রষ্ট হইবে, এই প্রকার শঙ্কা সমাধানের নিমিত্ত বিধুরাধিকরণ আরম্ভ করিতেছেন, ইহাই অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয়— অতঃপর বিধুরাধিকরণের বিষয়বাক্য অবতারণা করিবার নিমিত্ত পীঠিকা রচনা করিতেছেন- এবমিতি। এই প্রকার সাশ্রমে বিদ্যা প্রদর্শিতা হইল, তথা অনুষ্ঠানও, অর্থাৎ সনিষ্ঠ ও পরিনিষ্ঠিত আশ্রমবাসি বৈষ্ণবগণের বিদ্যা এবং গৌণকালে কর্ম্মানুষ্ঠান কর্ত্তব্য তাহা প্রতিপাদন করিলেন। অনন্তর আশ্রম রহিত নিরপেক্ষগণের তাহা দেখাইতেছেন, অর্থাৎ নিরাশ্রম নিরপেক্ষ ভক্তগণে ব্রহ্মবিদ্যা কর্ম্মানুষ্ঠান দেখাইতেছেন।

তথায় বৃহদারণ্যকোপনিষদে গার্গী নামে ব্রাহ্মণ কন্যা ব্রহ্মবিৎ ছিলেন তাহা পাঠ করেন, বাচক্নবী বলিলেন- হে ব্রাহ্মণগণ! আমি এই যাজ্ঞবল্ক ঋষিকে দুইটি প্রশ্ন জিজ্ঞাসা করি, অর্থাৎ বাচক্নব ঋষির অপত্য স্ত্রী বাচক্নবী গার্গী নাম্নী ব্রাহ্মণ কুমারী। বৃহদারণ্যকে বর্ণিত আছে- বিদেহরাজ জনক বহুদক্ষিণাযুক্ত যজ্ঞ আরম্ভ করেন, সেই যজ্ঞে সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞ ঋষি পরীক্ষার নিমিত্ত রাজা একসহস্রগাভী বন্ধন করিলেন, তাহাদের শৃঙ্গ দ্বয়ে দশদশপাদ সুবর্ণ আবদ্ধ করিলেন, কিন্তু কোন ব্রাহ্মণ ঐ গাভী সকল গ্রহণ করিতে সমর্থ হইলেন না, তখন শ্রীযাজ্ঞবল্ক্য তাহা গ্রহণ করিলেন, তখন ব্রাহ্মণগণ নানা প্রকার প্রশ্ন করিলেন, এই প্রশ্নক্রমে গার্গী

ভগবন্তো হন্তাহমিমং দ্বৌ প্রশ্নৌ প্রক্ষ্যামি" (বৃ০–৩/৮/১) ইত্যাদিনা । ইহ সংশয়ঃ । নিরাশ্রমেষু বিদ্যা সম্ভবেৎ ? নবেতি । বিদ্যোৎপত্তিহেতুতয়া বিশ্রুতানামাশ্রমধর্ম্মাণাং তেষ্বভাবাৎ নেতি প্রাপ্তে–

সংশয় ঃ–ইহ বৃহদারণ্যকোক্ত–বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ–"নিরাশ্রমেষু" ইতি । বর্ণাশ্রমোচিতাশ্রমধর্ম্মরহিতেষু" নিরপেক্ষভক্তেষু বিদ্যা সম্ভবেৎ ? অথবা ন সম্ভবেৎ ? ইতি সংশয় বাক্যম্।

পূর্বপক্ষ ঃ–এবং সংশয়ে জাতে পূর্বপক্ষমুদ্ভাবয়ন্তি–"বিদ্যোৎপত্তিহেতুতয়া" ইতি স্পষ্টম্। তথাচ–নিরাশ্রমেষু ঔৎপত্তিকবিরক্তিষু ভগবদ্ভক্তেষু বিদ্যা ন সম্ভবেৎ ; যতঃ–আশ্রয়কর্ম্মাধিকরণে" (৩/৪/৬/৩২) কর্ম্মণাং বিদ্যোৎপত্তিহেতুতয়া নিরূপণাৎ । ইতি পূর্বপক্ষবাক্যম্ ।

সিদ্ধান্ত ঃ–ইতি পূর্বপক্ষেপ্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি–ভগবান্ শ্রীবাদরায়ণঃ–"অন্তরা চ" ইতি। অন্তরা চাপি–আশ্রমধর্ম্মান্ বিনৈব বর্ণাশ্রমধর্ম্মরহিতেষু নিরপেক্ষভক্তেষু প্রাগ্ভবীয়ানুষ্ঠিতৈঃ ধর্ম্মৈঃ সত্য তপোজপাদিভিঃ পরিশুদ্ধেষু বিদ্যা উদয়তে ; এবং কুতঃ ? তত্রাহ–"তদ্দৃষ্টেঃ" শ্রুতিষু তথৈব দর্শনাৎ ; বৃহদারণ্যকোপনিষদি তাদৃশ্যা গার্গ্যা ব্রহ্মবিত্ত্বদর্শনাৎ ।

ভাষ্যমতিরোহিতার্থম্ । তথাচ–বিধূরাণাং ভগবদ্ভক্তানাং পূর্বজন্মানুষ্ঠিতানাং ধর্ম্মাণাং বিদ্যোৎপত্তিরূপ ফলোদয়াৎপ্রাগেব শরীরনাশাৎ বিদ্যারূপফলসম্বন্ধো যেষাং নাভূৎ তেষাং পরস্মিন্ জন্মনি পূর্বজন্মার্জ্জিতকর্ম্মৈর্বিশুদ্ধানামেব কথঞ্চিৎ সৎসঙ্গমাত্রে সতি বৈরাগ্যসহিতা সা ব্রহ্মবিদ্যা আবির্ভবতীত্যর্থঃ। তথাহি–শ্রীগীতাসু–৬/৩৭ অযতিঃ–শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিতমানসঃ । অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ ! গচ্ছতি ? ॥

প্রথমে সামান্য প্রশ্ন করিয়া পুনরায় কহিলেন - হে সর্ব্বজ্ঞকল্প ব্রাহ্মণগণ! আমি এই ব্রহ্মর্ষিযাজ্ঞবল্ক্যকে দুইটি প্রশ্ন জিজ্ঞাসা করিব। এইস্থলে বাচক্নবীর ব্রহ্মবিত্ত্ব অবগত হওয়া যায়, কারণ তিনি সর্ব্বপ্রশাসক পরব্রহ্ম বিষয়ক প্রশ্ন করিয়াছিলেন, ইহাই বিষয় বাক্য।

সংশয়— এই বৃহদারণ্যকোক্ত বিষয়বাক্যে সংশয় হইতেছে- নিরেতি। নিরাশ্রমী সাধকে বিদ্যা সম্ভব হয়? অথবা হয় না? অর্থাৎ বর্ণাশ্রমোচিত আশ্রমধর্ম্ম রহিত নিরপেক্ষ ভক্তগণের বিদ্যা লাভ করা সম্ভব হয়? অথবা বিদ্যালাভ সম্ভব হয় না, ইহা সন্দেহ।

পূর্ব্বপক্ষ— এই প্রকার সংশয়জাত হইলে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন- বিদ্যেতি। বিদ্যার ঔৎপত্তির কারণরূপে বিশ্রুত যে আশ্রমধর্ম্মসকল তাহাদের অভাব বশতঃ বিদ্যালাভ সম্ভব নহে, অর্থাৎ আশ্রমবিহীন উৎপত্তিক বিরক্ত ভগবদ্ভক্তে বিদ্যা উৎপন্ন হয় না, কারণ আশ্রমকর্ম্মাধিকরণে কর্ম্মসকলের বিদ্যা উৎপতি বা লাভের কারণ রূপে নিরূপণ করা হইয়াছে, সুতরাং আশ্রমকর্ম্ম বিহীনের বিদ্যালাভ করা সম্ভব নহে, এই পূর্ব্বপক্ষ।

॥ওঁ॥ অন্তরা চাপি তু তদ্‌দৃষ্টেঃ ॥ওঁ॥৩/৪/৮/৩৬॥

"তু" শব্দঃ কর্ম্মাগ্রহনিরাসার্থঃ । "চ" কারো নিশ্চয়ার্থঃ । অন্তরা চ বিনৈবাশ্রম ধর্ম্মান্ বিদ্যমানেষু ঔৎপত্তিকবিরক্তিষু প্রাগ্‌ভবানুষ্ঠিতৈঃ ধর্ম্মৈঃ সত্যতপোজপাদিভিশ্চ পরিশুদ্ধেষু তেষ্বপি বিদ্যোদয়তে । কুতঃ ? তদ্‌দৃষ্টেঃ । তাদৃশ্যা গার্গ্যা ব্রহ্মবিত্ত্বদর্শনাৎ। অয়ংভাব ঃ–প্রাগ্‌ভবীয়ানাং ধর্ম্মাণাং ফলোৎপত্তেঃ পূর্বমেব দেহনিপাতাৎ ন ফলসম্বন্ধঃ। পরত্র তু তৈঃ বিশুদ্ধানাং সৎসঙ্গমাত্রেণ সবিরাগা সা আবির্ভবতীতি ॥৩৬॥

ইতি শ্রীমদর্জ্জুনপ্রশ্নান্তরং শ্রীভগবানুবাচ–অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্ । এতদ্ধিদুর্ল্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥ তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব দেহিকম্ । যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ! ॥৪৩ । অপিচ–তত্রৈব–৯/৩১, ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শাশ্বচ্ছান্তিং নিগচ্ছতি । কৌন্তেয় ! প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥ শ্রীভাগবতে–১/৫/১৭ তাক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরে–র্ভজন্নপক্কোঽথ পতেত্ততো যদি । যত্র ক্ব বাভদ্রমভূদমুস্য কিং কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ ॥ শ্রীদশমে–২/৩৩ তথা ন তে মাধব ! তাবকাঃ ক্বচিদ্ ভ্রশ্যন্তি মার্গাত্ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ । ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া বিনায়কানীকপমূর্ধসু প্রভো ! ॥

তথাচ–পরিনিষ্ঠিতাশ্চ বিঘ্নবশাদপ্রত্যক্ষিতবিদ্যা পরস্মিন্ জন্মনি তন্মাত্রাৎ–সৎসঙ্গমাত্রাৎ প্রত্যক্ষবিদ্যা ভবন্তি ; ইতি তেঽপি নিরপেক্ষাঃ কথ্যন্তে । যে তু সত্যাদিভিঃ প্রাগ্‌জন্মানুষ্ঠিতৈঃ পরত্র জন্মনি সৎসঙ্গমাত্রেণ বিদ্যাভাজঃ ; তে তু মুখ্যনিরপেক্ষা বোধ্যাঃ । ন চ এবং লোকসংগ্রহাসিদ্ধিঃ ; তেষাং

সিদ্ধান্ত- এই প্রকার পূর্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্তসূত্রের অবতারণা করিতেছেন- অন্তরেতি। অন্তরা আশ্রমধর্ম্ম বিনাই বিদ্যালাভ হয়, কেন? তাহা দেখা যায়। অর্থাৎ অন্তরা চাপি আশ্রমধর্ম্ম সকল আচরণ না করিয়াও বর্ণাশ্রম ধর্ম্ম রহিত নিরপেক্ষ সাধক ভক্তে পূর্ব্ব জন্মের অনুষ্ঠিত সত্য তপঃ জপাদি ধর্ম্মের দ্বারা পরিশুদ্ধ হৃদয়ে বিদ্যা উদয় হয়। ইহা কি প্রকারে হয়? তাহা বলিতেছেন- তদিতি। শ্রুতিবাক্যে তাহাই দেখা যায়, বৃহদারণ্যকোপনিষদে তাদৃশী গার্গীর ব্রহ্মবিত্ত্ব দেখা যায়। ভাষ্য- সূত্রে যে তু শব্দ আছে তাহা কর্ম্মবিষয়ে আগ্রহ নিরাশ করিয়াছেন, চ কারের দ্বারা নিশ্চয় করিয়াছেন, অন্তরা আশ্রমধর্ম্ম সকল অনুষ্ঠান না করিয়াও বর্ত্তমান স্বাভাবিক বৈরাগ্যাদিযুক্ত নিরপেক্ষ সাধকগণের পূর্ব্বজন্মানুষ্ঠিত সত্য তপস্যা জপাদি সাধনের দ্বারা পরিশুদ্ধ হৃদয়ে ব্রহ্মবিদ্যার উদয় হয়। কেন? তাহা দেখা যায়। তাদৃশী বর্ণাশ্রমধর্ম্মাচরণ রহিতা গার্গীর ব্রহ্মজ্ঞান শ্রুতিবাক্যে সেই প্রকারই দেখা যায়। এইস্থলে ভাবার্থ এই যে- সাধকের পূর্ব্বজন্মের আচরতি ধর্ম্মসকলের ফলোৎপত্তির পূর্ব্বেই যদি দেহ নিপাত হয়, তাহাতে ফলের সহিত সম্বন্ধ হয় না, অর্থাৎ ফলপ্রাপ্তি হয় না, সুতরাং পরজন্মে ধর্ম্মাদিদ্বারা বিশুদ্ধ হৃদয় ভক্তগণের সৎসঙ্গ মাত্রেই বৈরাগ্যের সহিত বিদ্যা আবির্ভূতা হয়েন। অর্থাৎ বিধুর ভগবদ্ভক্তগণের পূর্ব্বজন্মানুষ্ঠিত ধর্ম্মসকলের বিদ্যোৎপত্তিরূপ ফলোদয়ের পূর্ব্বেই যদি দেহ ত্যাগ হয়, সুতরাং যাঁহাদের বিদ্যারূপ ফলের সহিত সম্বন্ধ হয়

বলবতা সৎসঙ্গেন কষায় পাকে বিদ্যা ভবতীত্যাহ–

॥ওঁ॥ অপি স্মর্য্যতে ॥ওঁ॥ ৩/৪/৮/৩৭॥

"পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং কথামৃতং শ্রবণপুটেষু সম্ভৃতম্ । পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্ ॥ (ভা০–২/২/৩৭) ইত্যাদৌ । "রহূগণৈতৎ" (ভাঃ–৫/১২/১২) ইত্যাদৌ চ । "অপি" সমুচ্চয়ে ॥৩৭॥

লোককৃতা গ্লানির্বা ইতি বাচ্যম্ । কেচিত্তু–নিরপেক্ষং–শ্রীভগবানিতরাপেক্ষাশূন্যম্ ; তস্মাৎ–আশ্রমধর্ম্মবিরহিতানামপি সৎপ্রসঙ্গাৎ ব্রহ্মবিদ্যা সম্ভবেদিত্যর্থঃ ॥৩৬॥

অথাশ্রমধর্ম্মান্ বিনৈব ভাগবতোত্তমসঙ্গেন নির্ধূতকল্মষাঃ সন্তঃ সাধকাঃ শীঘ্রমেব বিদ্যাং লভন্তে ; ইতি মুখ্যনিরপেক্ষান্ দর্শয়িতু মাহঃ–"বলবতা" ইতি । অত্রার্থে সূত্রমাহ ভগবান শ্রীবাদরায়ণঃ–"অপীতি। স্মৃতিশাস্ত্রপ্রমাণেনাপি তথৈব প্রতিপাদ্যতে" ইত্যর্থঃ । অথ শ্রীভাগবতবাক্যপ্রমাণেন তদেব স্পষ্টমাহঃ–পিবন্তীতি ।

"যে ভগবতঃ আত্মনঃ কথামৃতং সতাং শ্রবণপুষ্টেষু সম্ভৃতং পিবন্তি, তে বিষয় বিদূষিত–আশয়ং

না, তাঁহাদের পরজন্মে পূর্ব্বার্জিত কর্ম্মের দ্বারা বিশুদ্ধ হৃদয় সাধকবৃন্দের কথঞ্চিৎ সৎসঙ্গমাত্রেই বৈরাগ্যের সহিত ব্রহ্মবিদ্যা আবির্ভূতা হয়েন ইহাই অর্থ। এই বিষয়ে শ্রীগীতায় শ্রীঅর্জুন জিজ্ঞাসা করিলেন - হে কৃষ্ণ! সামান্যযত্নশীল শ্রদ্ধাযুক্ত যোগী যোগ হইতে চঞ্চলমানস যোগে সিদ্ধি লাভ না করিয়া কি গতি প্রাপ্ত হয়? এই প্রকার শ্রীমদর্জুনের প্রশ্নের অনন্তর শ্রীভগবান বলিলেন- হে পার্থ! যোগ ভ্রষ্ট যোগী বুদ্ধিমান যোগীগণের কুলে জন্ম গ্রহণ করে, এই জগতে এই প্রকার জন্মলাভ অতীব দুর্ল্লভ হয়, এই জন্মে সেই সাধক পূর্ব্বজন্মাচরিত বুদ্ধিসংযোগ লাভ করত হে কুরুনন্দন! সিদ্ধিলাভের নিমিত্ত পুনরায় যত্ন করে। অপর সেই যোগী অতিসত্তর ধর্ম্মাত্মা হয় ও চিরশান্তি লাভ করে, হে কৌন্তেয়! তুমি প্রতিজ্ঞাকর আমার ভক্ত কখনও বিনষ্ট হয় না। শ্রীভাগবতে বর্ণিত আছে-সাধক নিজ বর্ণাশ্রম ধর্ম্ম পরিত্যাগ করিয়া শ্রীগোবিন্দদেবের চরণাম্বুজ যুগল ভজন করিতে করিতে যদি অপক্ক অবস্থায় পতিত হয়েন, তাহার কি অমঙ্গল হয়? অপর স্বধর্ম্মরত হইয়া শ্রীভগবদ্ভজন না করিলে মানবের কি অর্থ পরমার্থ লাভ হয়। শ্রীদশমে দেবগণ কহিলেন- হে মাধব! আপনাতে বদ্ধ সৌহৃদ আপনার সেবকগণ ভক্তিমার্গ হইতে কদাচিৎ ভ্রষ্ট হয় না, তাহারা আপনা কর্ত্তৃক পরিরক্ষিত হইয়া নির্ভয় পূর্ব্বক বিঘ্নকারিগণের মস্তকে বিচরণ করে। তথাচ পরিনিষ্ঠিত সাধকগণ বিঘ্নবশতঃ ব্রহ্মবিদ্যা প্রত্যক্ষ করিতে পারেন না, তাঁহারা পরজন্মে সৎসঙ্গমাত্রেই বিদ্যা প্রত্যক্ষ বা লাভ করেন, সুতরাং তাঁহারা ও নিরপেক্ষই কথিত হয়েন, অপর যাঁহারা পূর্ব্বজন্মানুষ্ঠিত সত্যাদি ধর্ম্মদ্বারা পরজন্মে সৎসঙ্গমাত্রেই বিদ্যালাভ করেন তাঁহারা মুখ্য নিরপেক্ষ হয়েন জানিতে হইবে। যদি বলেন- এই প্রকার লোক সংগ্রহের অসিদ্ধি বা অভাব হেতু তাঁহাদের লোকগণ কৃত গ্লানি বা নিন্দা হয়, এই প্রকার বলিতে পারিবেন না, কারণ তাঁহাদের লোকাপেক্ষা স্ফূর্ত্তি হয় না, অতএব তাঁহাদের আশ্রমধর্ম্মানুষ্ঠানে ও

পুনন্তি, তৎ চরণসরোরুহ–অন্তিকং ব্রজন্তি" ইত্যন্বয়ঃ । যে বর্ণাশ্রমাদিধর্ম্মাপেক্ষারহিতাঃ সাধকাঃ ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য আত্মনঃ–তৎসম্বন্ধিনী লীলা এব, ন তু অবতারান্তরস্য" সতাং মুখ্যেভ্যঃ, তেষাং সন্নিধৌ স্থিত্বা বা শ্রবণপুষ্টেষু শ্রবণপানপাত্রেষু সম্ভৃতং–ধারণং কৃত্বা পিবন্তি ; তে নিরাপেক্ষাঃ বিষয়বিদূষিত–বিষয় বাসনাভিঃ বিদূষিতং আশয়ং হৃদয়ং পুনন্তি, পবিত্রং কুর্বন্তি ; অপিচ–তৎ তস্য শ্রীগোবিন্দদেবস্য চরণসরোরুহান্তিকং–ব্রজন্তি, তচ্চরণসরোরুহসেবানন্দং লভন্তে ; অত্র–বর্ণাশ্রমানুরূপ ধর্ম্মাচরণ–রহিতস্য সৎপ্রসঙ্গলব্ধেন শ্রীভগবৎ কথা শ্রবণেনৈব চিত্তবিশুদ্ধিঃ, শ্রীগোবিন্দদেববরিবস্যানন্দ প্রাপ্তিশ্চেতি স্ফুটমুক্তম্।

এবং শ্রীভরতরহূগণসম্বাদেনাপি তথৈবাহঃ–রহূগণৈতৎ" ইতি, স্পষ্টম্ "রহূগণৈতত্তপসা ন যাতি ন চেজ্যয়া নির্বপণাদ্ গৃহাদ্বা । ন ছন্দসা নৈব জলাগ্নিসূর্য্যৈর্বিনা মহৎ পাদরজোঽভিষেকম্ ॥ ইতি তু পূর্ণশ্লোকঃ । তথাচ–চিত্তশোধকতয়া বিশ্রুতৈঃ তপঃ প্রভৃতিভিঃ যঃ কষায়ো ন ক্ষীয়তে ; স খলু মহৎপাদরজঃসেবয়া পরিক্ষীয়তে, অপি চ–পরাবিদ্যা আবির্ভবতীতি । ইত্থঞ্চ মহৎপ্রসঙ্গলব্ধেন শ্রীভগবৎ কথা শ্রবণেন চিত্তশুদ্ধিপূর্বক–বিদ্যাপ্রাপ্তেঃ প্রমাণ প্রাপ্তত্বাৎ ; বর্ণাশ্রমধর্ম্মপালনৈরেব হৃৎশুদ্ধিরিতি তু কর্ম্মজড়ানাং দুরাগ্রহ এবেতি বেদিতব্যম্ । এবমাহ শ্রীপ্রহ্লাদঃ–৭/৫/৩২ মহীয়সাং পাদরজোঽভিশেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ" ইতি । অত্র সূত্রস্থ–"অপি" কারস্যার্থমাহঃ–"অপিসমুচ্চয়ে" তস্মাদাশ্রমধর্ম্ম রহিতানামপি বিদ্যা স্যাদিত্যর্থঃ ॥৩৭॥

লোকসংগ্রহে লোক কৃতগ্লানি দেখা যায় না। কেহ নিরপেক্ষ শব্দে শ্রীভগবান ভিন্ন অন্যনিরপেক্ষ অপেক্ষা শূন্য। অতএব আশ্রমধর্ম্মরহিত সাধকগণের সৎপ্রসঙ্গমাত্রেই ব্রহ্মবিদ্যালাভ সম্ভব হয়।।৩৬।।

